क्रिनिस्यन्द्रभावित्र कीन्न-क्रिक

H

শ্রীবসন্তকুমার চট্টোপাধ্যায় প্রগীত

কলিকাতা

কলেজ-ট্রীট মার্কেট, শিশির-পাব্লিশিং-হাউস্, হইতে শ্রীশিশিরকুমার মিত্র বি-এ কর্তৃক প্রকাশিত ফাস্কুন, ১৩২৬

মলা জুই টাক।

(plales & portion)

Page - 15 - 16

" 27 **- 2**8

55 **-** 56

91 **-** 92

97 - 98

139 -140

" 149 -150

" 215 **-**216

13.11.75

क्रिनिस्यन्द्रभावित्र कीन्न-क्रिक

M

শ্রীবসন্তকুমার চট্টোপাধ্যায় প্রগীত

কলিকাতা

কলেজ-ট্রীট মার্কেট, শিশির-পাব্লিশিং-হাউস্, হইতে শ্রীশিশিরকুমার মিত্র বি-এ কর্তৃক প্রকাশিত ফাস্কুন, ১৩২৬

মলা জুই টাক।

(plales & portion)

Page - 15 - 16

" 27 **- 2**8

55 **-** 56

91 **-** 92

97 - 98

139 -140

" 149 -150

" 215 **-**216

13.11.75

গঙ্গাজকোই গঙ্গা-পূজা করিলাম— গেখক

ভূমিকা

শীযুক্ত জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের জীবন-কথা সন ১৩২১ সালে, বৈশাথ হইতে চৈত্র মাস পর্যন্ত, ধারাবাহিকভাবে "ভারতী" পত্রিকায় প্রকাশিত হইয়াছিল। মাননীয়া শ্রীমতী স্বর্ণকুমারী দেবী মহাশয়া তখন "ভারতী"র সম্পাদিকা ছিলেন। কাগজের ছর্মূল্যতা এবং মুদ্রণ-সংক্রান্ত যাবতীয় দ্রব্যের মহার্ঘতাহেতু নানাকারণে, এতদিন গ্রন্থানি প্রকাশিত করিতে পারি নাই।

১৩১৯ সালের প্রাবণ মাসে "সাহিত্যরথী জ্যোতিরিক্রনাথ" ও ১৩২১ সালের ফাল্কনে প্রকাশিত "জ্যোতিরিক্রনাথের জীবন-স্থৃতি"র শেষাংশটুকু, গ্রন্থের স্থান্সতি রক্ষার্থে 'স্চনা'র দিয়াছি। এতয়্যতীত, প্রদাশেদ শ্রীযুক্ত জ্যোতিরিক্রনাথের সঙ্গে পরামর্শ করিয়া, "জীবন-স্থৃতি"র বহুল অংশকে এই গ্রন্থ মধ্যে পরিবর্দ্ধিত, পরিবর্জিত এবং পরিবর্ত্তিত আকার দান করা হইয়াছে।

এই স্থানে সক্তজ্ঞ অন্তরে স্বীকার করিতেছি যে, শ্রদ্ধাম্পদা শ্রীমতী স্বর্ণক্মারী দেবীই আমায় শ্রীযুক্ত জ্যোতিরিক্তনাথ ঠাকুর মহাশয়ের জীবন-কাহিনী লিপিবদ্ধ করিতে বিশেষরূপে প্রণোদিত এবং উৎসাহিত করিয়া, আরম্ভ হইতে নানা প্রকারে আমায় সাহায্য করিয়াছেন। এই গ্রন্থ-সন্নিবিষ্ট তেইশ থানি ব্লক্ত, তিনিই আমায় দান করিয়াছেন। বলা বাছল্য, তাঁহার উৎসাহ ভিন্ন এ পুস্তব্থানি ক্থনই রচিত হইতে পারিত না।

"মানসী ও মর্মবাণী"র সহাদয় কর্ত্পক্ষগণ এবারেও আমায় কতকগুলি ব্লক দিয়াছেন, এজগু তাঁহাদের নিকট আমি ঋণী। বাকীগুলি নৃতন্ তৈরি করান' হইয়াছে।

ফটোগ্রাফের অভাবে ছ'একথানি প্রয়োজনীয় চিত্র এবার দিতে পারা গেল না; দ্বিতীয় সংস্করণে সে ত্রুটি সংশোধিত করিবার ইচ্ছা রহিল। ইতি সন ১৩২৬ সাল, ২১শে ফাল্কন, রহস্পতিবার দোলপূর্ণিমা,— (ইংরাজী ৪ঠা মার্চ্চ, ১৯২০)

১৪এ, রামতমু বস্থা লেন, ১ কলিকাতা

শীবসন্তকুমার চট্টোপাধ্যায়।

সূচী


বিষয়				পত্ৰান্ধ
স্চনা		***	***	. 5
বাল্য-শ্বৃতি		***	•••	२৫
কৈশোর-শ্বৃতি		* * *	• • •	80
₄দেকালের কলিক	াতা—গৃহ ও দমাজ-স্থ	তি …		৫৩
ছেলেখেলা, নাটক	রচনা ও অভিনয়	• • •	***	. 95
পাঠ-শেষ	. •	•••	***	৮০
বোম্বাই-গমন, সঙ্গী	<u>তি-শিক্ষা এবং নাট্য-স</u>	াহিত্যের সংস্কার		৮৯
নব্যতন্ত্ৰ, গৃহ-সংস্কা	র, হিন্দুমেলা			` 555
• শাহিত্য-চর্চচা ও স	মাজ-সংস্থার		•••	३७१
শিল্প-বাণিজ্য প্রতি	চষ্ঠার উভাষ, "ভারতী"	ও "বালক" এবং		
স্	ারস্বত-সন্মিলন	• • •	•••	১৬৬
শিকার ও ষ্টামার-গ	শ্ রিচালনা	***	• • •	>6c
∗ভারত সঙ্গীত-সমা	জ প্ৰতিষ্ঠা ও সংস্কৃত ন	াটক অমুবাদ	***	२ऽ∙
বেদব্যাদের বিশ্রাস		***	•••	२२७
বংশ-লভা		•••		২ ২8
পরিশিষ্ট—তত্ত্ববোর্	ধনী পত্রিকার জন্মক	ধা	•••	२२१

চিত্ৰ-সূচী

(2)	শ্রীযুক্ত জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর (বর্ত্তমান বয়দে)	মৃ	্থপত্ৰ
(२)	শান্তিধাম •••		૭
(0)	উপাসনা-মন্দির · · ·	•••	9
₹ 8)	শীযুক্ত প্রভাতকুমার মুথোপাধ্যায়	• • •	>>
(a)	"বাল্মীকি-প্রতিভা"য় জ্যোতিরিক্তনাথ ও		
	রবীক্রনাথ স্থ্র-সংযোগ করিতেছেন	***	> @
()	শ্রীযুক্ত জ্যোতিরিক্রনাথ ঠাকুর (কৈশোরে)	444	२ १
(9)	৺হেমেশ্রদাথ ঠাকুর ···	•••	৩১
(৮)	৺গিরীক্রনাথ ঠাকুর · · ·	•••	৩৭
(&)	৺নগেক্সনাথ ঠাকুর · · ·		83
(>0)	ব্ৰহ্মানন্দ কেশবচন্দ্ৰ সেন \cdots	•••	85
(>>)	স্বৰ্গীয় কৰিবর অক্ষয়চন্দ্র চৌধুরী		a a
(५२)	স্বর্গীয় ডাক্তার দ্বারিকানাথ গুপ্ত (ডি, গুপ্ত)	•••	รง
(२७)	কবিবর মাইকেল মধুস্দন দত্ত	•••	હ
(8 <)	৺ গুণেক্রনাথ ঠাকুর 💮 \cdots	• • •	৬৯
(>@)	৺মনোমোহন থোষ (পঠদ্শায়)	***	99
(24)	ঐ ব্যারিষ্ঠার •••	•••	৮৫
(94)	শ্রীযুক্ত দিজেন্দ্রনাথ ঠাকুর (যৌবনে)		د ه
(>>)	কবিগুরু রবীক্রনাথ •••		٩۾

(২০) ৺রামনারায়ণ তর্করত্ন	·	
(২১) ৺নীলকমল মুখোপাধ্যায় ও ৺যত্নাথ মুখোপাধ্যায়		. >0%
(২২) ৺সারদাপ্রসাদ গ্রেশপাধ্যাম	••	
(২০) স্বর্গীয় মহারাজা যতীক্রমোহন ঠাকুর	-	• >>0
(২৪) ৺জানকীনাথ ঘোষাল	• • •	>>9
(২৫) স্বর্গীয় ডাজার মহেদ্রলাল সরকার	***	>5>
(২৬) ৺গণেক্রনাথ ঠাকুর		> २৫
(২৭) ৺শিবনাথ শান্ত্রী		252
• • •	•••	200
(২৮) শ্রীষ্ক জ্যোতিরিক্রনাথ ঠাকুর ও তাঁহার ক্রীক্ষা সম্প্রিক		
স্বর্গীয়া সহধর্মিণী কাদম্বরী দ্বৌ	•••	১৩৯
(২১) শ্রীযুক্ত অমৃতলাল বস্থ (১১) স্ক্রীয় কলিক জিল	***	>80
(॰) স্বর্গীয় কবিবর গিরিশচন্দ্র ঘোষ	•••	>85
(৩১) স্বর্গীয় কবিবর রাজস্কৃষ্ণ রায়	•••	693
(৩২) স্বর্গীয় শুর গুরুদাস বন্দ্যোপাধ্যায়	• • •	১৬৩
(৩৩) স্বর্গীয় রাজনারায়ণ বস্তু	***	८७८
(৩৪) রেভারেও কালীচরণ বন্দ্যোপাধ্যায়	• • •	290
(৩৫) কবিবর শ্রীযুক্ত দেবেক্রনাথ দেন	•••	>99
্তি স্বামিরাজেজলাল মিত্র দি, আই, ই	• • •	১৮৩
		১৮৯
(৩৮) ভাই প্রতাপচন্দ্র মজুমদার		>>>
(৩৯) স্বৰ্গীয় মনোমোহন বস্ত্ৰ	• •	•
(৪০) স্থায়ি স্থাব তাবিক্ষাণ প্ৰাভিক্ষ		२०१
(৪১) বিভাসাগর মহাশয়ের শেষ-শ্যা		<u> </u>

(89)	শীযুক্ত সত্যেক্তনাথ ঠাকুর I. C. S.		२५२
	মহর্ষি দেবেক্তনাথ ঠাকুর	•••	२२৫
(80)	স্বর্গীয় হারকানাথ ঠাকুর	***	₹. 9 5
(১৬)	শ্রীমতী স্বর্ণকুমারী দেবী	• • •	२०१



জ্যোতিরিন্দ্রনাথের জীবনস্থতি

সূচনা

ইংরাজি ১৯১২ সাল ১লা এপ্রিল, সমাটের আদেশে বঙ্গ ও বেহার প্রদেশ বিচ্ছিন্ন হইল। আমি স্থানান্তরে রাজকার্যো নিযুক্ত ছিলান;— এপ্রিলের শেষভাগে বদলি হইন্ন রাঁচিতে পৌছিলান। সাহিত্য-রথী শ্রীযুক্ত জ্যোতিরিক্রনাথ ঠাকুর মহাশন্ন রাঁচিতে স্থান্নিভাবে অবস্থান করেন ইহা আমার পূর্বাবিধিই জানা ছিল। কিন্তু তাঁহার সহিত সাক্ষাৎভাবে পরিচিত হইবার স্থবোগ তৎপূর্বে আমার ঘটে নাই—স্কুতরাং রাঁচিতে পৌছিয়াই সেই সৌভাগালাভের ইচ্ছা অত্যন্ত বলবতী হইনা উঠিল।

রাঁচি, ২৯শে এপ্রিল, সোমবার। সন্ধ্যা ৬টার সময় জনৈক বন্ধুর সঙ্গে শ্রীযুক্ত জ্যোতিরিজনাথ ঠাকুর মহাশ্রের সহিত সাক্ষাং-মানসে বাহির হইয়া প্রায় খা৹টার সময় তাঁহার নব-নির্দ্মিত "শান্তিধামে" গিয়া উপস্থিত হইলাম। "মোরাবাদী" নামক একটি ক্ষুদ্র পাহাড়ের উপর তাঁহার বাসভবন। পাহাড়ের উপরে একটি কোঠা-বাড়ী ও তাহার সামদেশে তিনটি বাঙ্গলা। সেদিন রাত্রিটি বড় পরিষ্কার ছিল। মাথার উপর আকাশভরা জমাট জ্যোৎসা, পায়ের তলে সবুজ ঘাস; পথের পাশে-পাশে অগণিত পার্বত্যবৃক্ষগুলার উপবন; আর দূরে, প্রকৃতির চন্দ্রালিত সেই নৈশবাসর-কক্ষে চিত্রিত প্রাচীরের মত তরঙ্গায়িত কালো কালো পাহাড়ের শ্রেণী—একটানা, অচ্ছিন্ন, যেন অন্ধিত। পাহাড়তলীর মেঠো পথে কোল মজুরেরা গান করিতে করিতে বাড়ী ফি রতেছে। এ নির্জ্জন পার্বত্যপথে ইহাদের কোলাহলেই প্রভাতের আলো ফুটে, আবার ইহাদের কোলাহলেই দিনের আলো শৈষ হয়। এই কোল-নরনারীর সম্মিলিত-সঙ্গীতেই প্রতিদিন এখানে নিস্ক্রমঞ্চে আলো-আঁধারের পটপরিবর্ত্তন হয়।

বাণী ও কমলার বরপুত্র জ্যোতিরিক্তনাথ সে সময়ে নীচের ঘরের বারান্দায় বিদিয়া আত্মীয়স্বজনের সহিত বিশ্রস্তালাপ করিতেছিলেন। বন্ধুবর একটু দূরে দাঁড়াইলেন, আমি একটু অগ্রসর হইয়। একজন ভূত্যকে বলিলাম, "বাবুকে বল, আমরা তাঁহার সঙ্গে সাক্ষাৎ করিতে আসিয়াছি।"

জ্যোতিবাবু যেথানে ছিলেন ভূত্য আমাদিগকে একবারে সেই স্থানেই লইয়া ষাইতে চাহিল; কিন্তু আমরা তাহাতে স্বীকৃত না হইলে সে বলিল, "তবে হামি বাবুকে বলিয়া দিচ্ছি, আপ্লোগ্ ঠার্ করন্।"

ভূতা যেমন সংবাদ দিল, মুহূর্ত্তমাত্র বিলম্ব না ব রিয়াই জ্যোতিবাবু একেবারে আমাদের নিকটে আসিয়া উপস্থিত। দেখিলাম দীর্ঘ, ঋজু, রুশ, গৌরবর্ণ একটি মূর্ত্তি আমাদের সম্মুখে। সে মূর্ত্তি প্রসন্ন, হাস্তোজ্জ্বল, কোমল। তাঁহার কণ্ঠস্বর মূত্র অথচ স্নেহভরা। ললাট প্রশস্ত, নাসা উন্নত, মুখ্নী সৌমা, সরল এবং প্রতিভাদীপ্ত। সেই অসপ্ত সিগ্ধ



"শান্তিধান"




জ্যোৎসালোকে শুল্র পায়জামা ও পাঞ্জাবী পরিহিত, ততোধিক স্থিয় ও কাস্তবর্ণ মূর্ত্তি দেখিয়া, স্বপ্রদৃষ্ট মহাপুরুষের আবির্জাব মনে করিয়া আমরা হইজনেই কিছুক্ষণ বাক্য হারাইয়া বিহ্বল হইয়া দাঁড়াইয়া রহিলাম; সম্রমে অপ্রতিভভাবে কিছুক্ষণ দাঁড়াইয়া থাকিয়া আমরা তাঁহার পাদম্পর্শ করিয়া অভিবাদন করিলে, তিনি আমাদিগকে নীচেই একটি কক্ষে লইয়া গিয়া ব্যাইলেন। সে কি গোজ্ঞ কি সেহ! সে সময় বহুদিন এমন স্লেহের কথা শুনি নাই বলিয়াই তাঁহার স্নেহ খেন আমরা বিশুণ পরিমাণে অন্নভব ও উপভোগ করিলাম। আমাদের কথাবার্ত্তায় সেথানে বিম্নু ঘাঁটতে পারে ভাবিয়া তিনি আমাদিগকে সঙ্গে করিয়া আকা বাঁকা পথে পাহাড়ের উপরের বাড়ীতে লইয়া গেলেন। এই উপরের বাড়ীতেই তিনি আজকাল থাকেন, নীচে কথন কথনও কোনও কাযে বা ভ্রমণের সময় নামিয়া আসেন। উপরে উঠিতে উঠিতে আমাদিগকে তিনি জিজ্ঞাসা করিলেন, "আমাকে আপনারা রবি ভাবেন নি ত ?"

আমরা সেরপ ভূল করি নাই, জানাইলাম। তার পর তিনি আমা-দের পরিচয় শুনিরা, একটু চিন্তা করিয়াই বলিলেন, "হাঁ, হাঁ আপনার নাম যে আমি জানি, মধ্যে মধ্যে আপনার লেখা পড়ে' ধাকি।" এই বলিয়া, তিনি আমার একটি কবিতার খুব প্রশংসা করিলেন।

উপরে গিয়াই তিনি আমাদিগকে তাঁহার উত্তানবাটিকায় লইয়া গেলেন। সেথানে ছোট ছোট পূল্পতরুগুলির তলদেশে সমাকার শ্বেত উপলথগুগুলি আলিপনার স্থায় সজ্জিত; লতাগুলি উত্থানমধ্যে, প্রাচীর-গাত্রে, বৃক্ষকাণ্ডে সংলগ্ন,—নানাবিধ পূল্পলতার বিচিত্র গল্পে বর্ণে পূল্প-বাটিকাটি তপোবনের মত স্থান্দর, পবিত্র এবং মনোরম। ভিনি বলিলেন, ক্ষেক্দিন হইল বিহার ও উদ্বিদ্যা প্রস্কান্ত্র সহাস্থান ছোটলাট বাহাহর (Sir Charles Bayley) সান্ধ্যভ্রমণে বহির্গত হইয়া তাঁহার বাসভবনে আসিয়া উপস্থিত হন। জ্যোতিবাবু তথন নীচেছিলেন। তিনি জানিতেনও না যে লাটসাহেব তাঁহার বাটীতে আসিয়া-ছেন। লাট বাহাহর পুষ্পবাটিকাটি দেখিয়া অত্যন্ত প্রীত হয়েন, এবং জ্যোতিবাবুর জনৈক অতিথি অবিনাশ বাবু, যিনি লাটবাহাহরকে এই সমস্ত দেখাইতেছিলেন, তাঁহাকে বলিয়াছিলেন, "I envy you Babu."

পাহাড়টির সর্ব্বোচ্চশৃঙ্গে একটি প্রস্তর নির্মিত উপাসনামন্দির আছে। মন্দিরটি সহরের প্রায় সমস্ত স্থান হইতেই দৃষ্টিগোচর হয়। এই মন্দিরটি নির্মাণ করিতে অনেক অর্থও ব্যয় হইয়াছে। মন্দিরটি ছোট; কেবল চারিদিকে চারিটি স্তম্ভ ও মাথায় একটি ছাতার মত ছাদ। লম্বে প্রস্তে মন্দিরটি ১২।১৪ ফুটের বেশী নর। এই মন্দির নির্মাণ করাইতে জ্যোতিবাবু কাশী হইতে :মিস্ত্রী ও প্রস্তর আনাইয়াছিলেন-এবং নীচে হইতে উপরে পাথর উঠাইতেও হাত মাস কাল বৃথা ব্যয় হয়। মিস্ত্রীরাও বসিয়া বসিয়া ২৩ মাস বেতন লইয়াছিল,—ইত্যাদি নানা অস্ক্ৰিধায় স্থায় যাহা ব্যয়িত হওয়া উচিত ছিল, তাহা অপেকা অনেক বেশীই পড়িয়া গিয়াছিল। প্রথম প্রথম এখানে তাঁছাকে বড়ই জলকষ্টে ় ভুগিতে হইয়াছিল। কিয়দূরে একটি ঝরণা ছিল, তাহা হইতে জল আনাইয়া কোনও রকমে মিস্তীর কাষ এবং নিজেদেরও বাবহার চলিত।

অনেকক্ষণ গুরিয়া ফিরিয়া আমরা পাহাড়টির উফীষের মত এই মন্দিরটির মেঝেতে আসিয়া বসিয়া নানাবিষয়ের কথোপক্ষন করিতে লাগিলাম।



উপাদনা মন্দির



সাহিত্য এখন অনেক উন্নত! এখন লোকে ইতিহাস, প্রত্নতন্ত্র, ভূগোল, বিজ্ঞান ইত্যাদি নানা গবেষণামূলক সাহিত্য রচনায় প্রবৃত্ত। এ বড়ই শুভ লক্ষণ, সন্দেহ নাই। এখন লেখকেরা নূতন নূতন স্থানের বিবরণ দিয়া নানা স্থানের কাহিনী, উপকথা, আচারব্যবহারের ইতিহাস দিয়াও বঙ্গসাহিত্যকে দিন দিন সমৃদ্ধ করিতেছেন।"

ন্তন লেথকদিগের সম্বন্ধে তিনি বলেন, "উদীয়মান কবিদিগের মধ্যে সতোন্দ্রনাথ দত্ত একজন প্রতিভাবান কবি। বতীন্দ্রমোহন বাগ্চীর কবিতাও আমার ভাল লাগে। গল্পকে প্রভাতকুমার মুখোপাধ্যায়, দৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায়, দীনেন্দ্রকুমার রায়, এঁদের লেথা আমার বড় ভাল লাগে।" গল্পলেখার সম্বন্ধে তিনি বলেন, "গল্পলেখা অবজ্ঞার জিনিস নহে—এতেও থুব গুণপনা আবশ্যক। গল্পের Plot রচনা করিতে ও চরিত্রাদি বর্ণনা করিতে যথেষ্ট কল্পনাশক্তি ও স্ক্র্দৃষ্টি আবশ্যুক, তারপর মানবচরিত্রে অধিকার না থাকিলে গল্প মোটেই জ্বেম না; এ হিসাবে গল্প ও উপস্থাদের মূল্য অল্প নহে।"

নিজের লেখা সম্বন্ধে তিনি বলিলেন, "আর যৌবনের সে তেজ ও ক্ষমতা নাই, এখন কোনও রক্ষমে অভ্যাসটা রক্ষা করা—এ একটা ব্যাধির মত হইরা দাঁড়াইয়াছে। তাই, "প্রবাসী," "ভারতী," "বঙ্গদর্শনে" একটু একটু লিখিয়া থাকি। লিখিতে ইচ্ছা খুবই, কিন্তু সামর্থ্যে কুলায় না।"

ভাষার আলোচনায় তিনি বলিলেন, "আজ কাল ছ'টো নৃতন কথা উঠেছে "কী" আর "মতো"। অনর্থক শব্দ বিক্লতিতে লাভ কি ? অধিকাংশ স্থলেই অর্থ স্পষ্ট বুঝা যায়—ছই এক স্থলে অর্থের অস্পষ্টতা ্
হতে পারে, আমি স্বীকার করি। যেখানে অস্প্রতার সম্ভাবনা আছে

গোল মিটে যায়। যেমন মনে কর—"তুমি কি বল্চ?" এই বাক্যে ঝোঁকের বা অর্থের ভিন্নতা অনুসারে "তুমি কি বল্চ?" বা "তুমি কি-বল্চ?"—এইরূপ লেখা যাইতে পারে। প্রথম স্থলে, "তুমির" উপর ঝোঁক, দ্বিতীয় স্থলে "কি-ব্ল উপর ঝোঁক।

"মত" শব্দের অর্থ যেখানে "সদৃশ"—সেথানেও আবিশ্রক হইলে এইরূপ হাইফেন প্রয়োগে অর্থ স্পত্তি করা যাইতে পারে। যথা "তোমার-মত লোক নাই!"

"যাই হোক্, কোন বিশেষ চিক্তপ্রােগে যদি ভাষার অস্পষ্টতা দূর হয়, তবে তাহাই করা কর্ত্রা।" এই প্রদঙ্গে তিনি আরও বলিলেন যে, আরবী ও ফার্ণী ভাষাও এই হিসাবে অসম্পূর্ণ। কেন না, তাহাতে এক বানানের অনেকরূপ পাঠ হয়, কায়েই অর্থ না বৃরিয়া পড়া যায় না। এ সমস্ত যে ভাষার অভাব তাহাতে আর সন্দেহ নাই। "আমাদের ভাষায় V উচ্চারণের মত বর্ণ নাই, এইজ্যু আমি V লিখতে "ভ" না লিখে মারাঠী নিয়মে "হব" লিখি।" দৃষ্টাস্তম্বরূপ বলিলেন, "আহ্বানে" হব" অনেকটা Vর মত, এই জন্য Venus লিখিতে তিনি "ভিনাস না লিখিয়া "হিবনাস" লেখেন।

যোগেশবাবুর যুক্তাক্ষরনির্কাসনসজ্জা দেখিয়া তিনি দৃঢ়তার সহিত বলিলেন, "এ কেবল শক্তির অপব্যবহার ও পণ্ডশ্রম মাত্র। তাঁহার প্রণালী সাধারণে গৃহীত হইবার পক্ষে কোন সম্ভাবনাই দেখা যায় না।"

তাহার পর আমাদিগকে লইয়া তিনি ছাদের উপর গিয়া বিজয় বাবুর (মজুমদার) কথা পাড়িলেন। বিজয় বাবুর অনেক প্রশংসা করিয়া বলিলেন, "বিজয় বাবুর চমৎকার ছন্দজ্ঞান। তিনি যে একজন গ্রন্থকীট তাহা তাঁহার লেখা পড়িলেই বুঝা যায়।" বিজয়বাবুর বিষয়



শ্রীযুক্ত প্রভাতকুমার মুখোপাধাায়



তিনি আমায় অনেক কথা জিজ্ঞাসা করিলেন, পরে তাঁহার চক্ষুর অসুথ শুনিয়া খুবই বিমর্ঘ হইয়া পড়িলেন।

হঠাৎ অর্শপীড়া বৃদ্ধি পাওয়ায় ববীন্দ্রনাথের ইয়্রোপযাত্রা স্থাতি হয় গেল, দে অন্থ এখনও সম্পূর্ণ আরোগ্য হয় নাই, ডাক্তারেরা এখন তাঁহাকে অন্তত ৩।৪ মাসকাল সামান্ত নড়াচড়া পর্যান্ত করিতে নিষেধ করিয়াছেন, এই কথা কয়টি বলিতেই জ্যোতিরিন্দ্রনাথের কোমল হায় ভাতৃবাংসলো ভরিয়া উঠিল এবং কণ্ঠসার ক্ষীণতার হইয়া গেল।

রাত্রি প্রায় ৮॥০ বা নটা বাজিল। আমরা সেদিনের মত বিদায় ভিক্ষা করায় জ্যোতিবাবু তুঃখ-প্রকাশ করিলেন যে রাত্রি অধিক হওয়ায়, তাঁহার একটি লতামগুপ ও একটি গুহা আছে সে তুইটি আমাদিগকে দেখাইতে পারিলেন না। এই জন্ম আর একদিন একটু সকাল সকাল আসিতে অনুরোধ করিলেন।

আগামী রবিবারে জ্যোতিবাবৃকে "বাল্মীকি-প্রতিভা"র স্থর শুনাইতে
অনেকে অনুরোধ করিয়াছেন,তিনিও স্বীকৃত হইয়াছেন—এই জন্ম তাঁহার
গৃহে সেইদিন একটি মজলিশ হইবে। তিনি আমাদিগকেও তাহাতে
হাজির হইবার জন্ম সঙ্গেহে নিমন্ত্রণ করিলেন, এবং সেদিন যে নিশ্চয়ই
আসিব সে প্রতিশ্রতি আদায় করিয়া তবে আমাদিগকে ছাড়িলেন।

জ্যোতিবাবুর কাছেই শুনিলাম যে "বাল্মীকি-প্রতিভা"র প্রায় সব ্গানের স্থরই জ্যোতিবাবুর সংযোজিত।

জ্যোতিরিক্রনাথ আমাদিগকে নীচে পর্যান্ত আসিয়া বিদায় দিয়া গোলেন। আমরা পথে ভাবিলাম—"আজ সোমবার, রবিবার আসিতে এখনও অনেক দেরী!"

জ্যোতিরিক্সনাথ

(२)

পূর্বেই কথিত হইয়াছে জ্যোতিরিক্রনাথের এ ভবনের নাম "শান্তিধাম"। শান্তিধাম বাস্তবিকই শান্তিধাম। এথানে আরও একটি বিশেষ জিনিষ এই যে, ফটকের উপরে ধ্যানীবৃদ্ধের একটি মর্শ্বরমূর্ত্তি প্রতিষ্ঠিত।

শান্তিধানের আর একটি বিষয় বাকী রহিয়া গিয়াছে। প্রথম, একটি গুহা। গুহাটি কৃত্রিম নয়। যে পাহাড়ের উপরে জ্যোতিবাবৃর বাড়ী, তাহারই পশ্চিম দিকে কয়েকটি প্রকাণ্ড প্রকাণ্ড পাথর এমন ভাবে আছে, যে তাহা দ্বারা আপনা-আপনিই নীচে একটি ভীষণ গহরর স্টেইয়াছে। গুহার ভিতরে স্থান নিতান্ত কম নয়। সাত-আট জন লোক অনায়াসে সেখানে বিসিয়া গুইয়া বেশ স্বচ্ছদে আলাপ করিতে পারে। সম্প্রতি তাহার ভিতরটি বাধাইয়া আরও আরামপ্রদ করা হইয়াছে। বেশ পরিষ্কার পরিচ্ছয়, অন্ধকারও নয়। উপরে নীচে পাশে চারিদিকে প্রকাণ্ড প্রকাণ্ড কালো কালো পাথর। গুহার ভিতরে বসিলে মনে হয় যেন গিরিপ্রস্তরময়ী ধরণীর কোলে বসিয়াছি। তার পাথরগুলির গায়ে ঠেস দিলে বা স্পর্শ করিলে মনে হয় মূর্ত্তিমতী পৃথিবীকেই মেন স্পর্শ করিতেছি। গুহাটির প্রায় ২০০ ফুট নীচে সমতল ক্ষেত্র।

দিতীয়, একটি লতামগুপ। ঠিক এই গুহার নীচে, পাহাড়টির গায়েই এই মগুপটি যেন আঁকা। মগুপটি সমতল ক্ষেত্রভূমি হইতে একটু উচ্চে অবস্থিত। মগুপের তলাটি বেশ শান্-বাধান'—"বেঞ্চি"-গাঁথা। উপরের ছাদে একটি মঞ্চ রচিত হইয়াছে, তাহাতেই শতাগছিকৈ তুলিয়া দেওয়া হইয়াছিল। এখন সেই লতা-জালে মঞ্চি

্মধ্যে মধ্যে জ্যোতিবাবুর এই নির্জন শৈলাবাদে সত্যেক্রনাথও আসিয়া বাস করিয়া থাকেন। কিন্তু অধিকাংশ সময়ই তাঁহার সঙ্গীর মধ্যে ছইটি জীব। এক "গঞ্জু" কুকুর, অপর "রূপী" বানরী। রূপীকে আগে দেখি নাই, এইবার দেখিলাম। তাহার হৃদর মাতৃক্ষেহে পরিপূর্ণ। রূপীর কোলে একটি ছোট কুকুরের বাচ্ছা। একদণ্ডও সে বাক্ডাটিকে ছাড়িয়া দেয় না। বাচছাটি মাতৃহীন, রূপীও বন্ধা। কুকুর-বাচ্ছাটি রূপীর স্তনপান করে, এবং দিন-রাত্রি তাহার নিকটেই থাকে। কেহ বাচ্চাটিকে লইতে গেলে রূপী একবারে সিংহীর মত তাহাকে আক্রমণ করিতে আসে। বাচহাটি রূপীর বক্ষঃস্থল আঁচড়াইয়া কামড়াইয়া ক্ষভ-বিক্ষত করিয়া দিয়াছে, তবুও দে তাহাকে বুকে চাপিয়া ধরিয়া রাখে। রূপী যথন থায়, তথনও বাচ্ছাটিকে এক হাতে ধরিয়া থাকে, পাছে সে পলাইয়া যায়। এই বাচছাটি আজ কয়েক দিন হইল কোথায় চলিয়া গিয়াছে, রূপী দিন হুই প্রায় অভুক্ত ছিল। কেহ যদি "আয় আয়" বলিয়া চুম্কারি দিত, অমনি দে তড়িতাহতের স্থায় উচ্চকিত হইয়া ব্যাকুল নেত্রে চারিদিক খুঁজিত, ভাবিত বুঝি সে ফিরিয়াছে। হায়রে মাতৃত্বেহ। আগে জানিতাম কুকুরে ও বানরে কখনই বনে না। কিন্তু মাতৃক্ষেহের নিকট আজ সে জাতিগত পাৰ্থক্য কোথায় ? শান্তিধামে স্বই শান্ত, স্বই পবিত্ৰ 🖠

শান্তিধামের দর্শকসংখ্যাও বড় কম নয়। প্রত্যন্ত সকাল ৭টা হইতে বেলা ১০টা ও অপরাত্নে ৪টা হইতে সন্ধ্যা পর্যান্ত দর্শকের বিষম ভিড়। সকলের জন্মই দার অবারিত। বাড়ী ঘর সারাদিনই খোলা পড়িয়া আছে, ফটকও দিবারাত্র অরুদ্ধ, যে-কেহ আসিয়া সব পরিদর্শন করিয়া যাইতে পারে, কাহাকেও কাহারও অনুমতির অপেকা করিতে আগে অনুমতি লইয়া তবে উপরে উঠেন। যদিও এরূপ অনুমতির কোন প্রয়োজন নাই তাঁহারাও জানেন—তথাপি একটা ভদ্রতাবা সভ্যতাস্চক কায়দার জন্ম তাঁহারা বিনা অনুমতিতে কথনও উপরে আসেন না।

ই মে, ১৯১২, রবিবার। নিমন্ত্রণরক্ষা-কল্পে পূর্ব্বোক্ত বন্ধুর সহিত ঠিক আ০টার সময় "শান্তিধামে" আসিয়া উপস্থিত হইলাম। নীচে হইতে পাহাড়ের উপরের ঘর পর্যান্ত পথটি দীপমালায় আলোকিত। ফটকে তিন চারিজন দারোয়ান্ ছিল—তাহাদেরই একজন আমাদিগকে উপরে লইয়া গেল। উপরে যাইবামাত্রই জ্যোতিবাবু সম্প্রেই আমাদের কুশলাদি জিজ্ঞাসা করিলেন। নিজে যেমন মিষ্টমুথে আমাদিগকে আহ্বান করিলেন, তেমনি আমাদিগকেও বেশ বস্তুতান্ত্রিকভাবে মিষ্টমুথ করাইয়া দিলেন। সেদিন সহরের গণ্যমান্ত্র ভদ্রলোক প্রায় সকলেই তাঁহার বাটীতে উপস্থিত ছিলেন।

ঠিক সাড়ে সাতটার সময় "বাল্মীকি-প্রতিভা" আরম্ভ হইল। প্রথমত "বাল্মীকি-প্রতিভা"র সারাংশটি তিনি মিষ্টমধুর ভাষায় বির্জ্জ করিয়া, যেথানে যেরূপ হাবভাব প্রয়োজন ঠিক তেমনি করিয়া একে একে সমস্ত গানগুলি গাহিয়া গেলেন। গান অপেক্ষা এথনও আমার হৃদয়ে মুদ্রিত হইয়া আছে সেই "মা নিষাদ প্রতিষ্ঠা ত্বম্" শ্লোকটি! সে বে কি গভীর ভাবাবেশে ও গন্তীর স্বরে শ্লোকটি তিনি আওড়াইয়াছিলেন সে বাঁহারা শুনিয়াছেন তাঁহারাই জানেন। সেই স্থর যেন এখনও কানে বাজিতেছে। গৌরকান্তি, শুলকেশ, তপন্থীর মত—উজ্জল দীর্ঘ ক্ষীণ দেহয়ন্তি উত্তোলন করিয়া যথন তিনি শ্লোক পাঠ আরম্ভ করিলেন, তথন মনে হইল যেন সত্য-সত্যই বাল্মীকির মুথে সেই আদি-কবিতা শুনিতেছি। "বাল্মীকি-প্রতিভা"র পর সকলের অনুরোধে অন্ত বিষয়ক গীতবাল্যদিও আরম্ভ হইল।

আমাদের সম্মুর্থেই Dwarkinএর একটি বিশাল piano ছিল— জ্যোতিরিন্দ্রনাথের নিপুণ অঙ্গুলিম্পর্শে সে বিপুল আনন্দে উচ্ছ্বুসিত হইয়া উঠিল। পিয়ানো, সেতার, তবলা, মন্দিরা, এসরাজ, হার্দ্মোন্ নিয়ম প্রভৃতির সহযোগে কয়েকটি ঐক্যতান বাস্ত হইল,—এবং আমন্ত্রিত ব্যক্তিবর্গের মধ্যে কেবল একজন ভদ্রলোক গান করিলেন। রাত্রি ১০টার সময় সভা ভঙ্গ হইল—আমরাও হাদ্যের ভক্তিশ্রন্ধা জ্ঞাপন করিয়া বাসার দিকে ফিরিলাম।

এ আদরে দেখিবার একটি বিশেষ জিনিষ ছিল, সেটি জ্যোতিরিক্রনাথের অধাবসায় এবং ললিতকলার প্রতি অক্লান্ত অনুরাগ। এক
মুহুর্ত্তও না থামিয়া "বালাকৈ-প্রতিভা"র সমস্ত গানগুলি একে একে গাহিতে
ভাঁহার শ্বাস যেন রুদ্ধ হইয়া আসিতেছিল, তবু ভাঁহার উৎসাহের বিন্দুমাত্রও হ্রাস দেখা গেল না! ঘর্দ্মাক্ত কলেবরে যথন বেহালা ও পিয়ানো
বাজাইতে লাগিলেন, তথন তাঁহার ক্লান্তি দেখিয়া আমাদের কণ্ঠ হইতে
লাগিল; কিন্তু তিনি প্রকৃতিজ্যী একনিষ্ঠ সাধকের মত একবারে
তথ্যর হইয়া পড়িয়াছিশেন। বার্দ্ধকা ও ক্লান্তি পরাজিত হইয়া দূরে
সরিয়া গেল, আর জ্যোতিরিক্রনাথ আপনার মহামহিমায় প্রতিষ্ঠিত
রহিলেন। আসিবার সময় ভাঁহার কন্ত হইল বলিয়া আমরা ক্ষমাভিক্ষা করায় জনৈক ভদ্রলোক বলিলেন, "আমাদের ত আমোদ
হ'ল।"

জ্যোতিরিক্রনাথ হাসিলেন, কিন্তু কথাটা ঠিক। সে হাসিটি শিশুর-মত উচ্চ ও সরল। আমাদের সম্মুর্থেই Dwarkinএর একটি বিশাল piano ছিল— জ্যোতিরিন্দ্রনাথের নিপুণ অঙ্গুলিম্পর্শে সে বিপুল আনন্দে উচ্ছ্বুসিত হইয়া উঠিল। পিয়ানো, সেতার, তবলা, মন্দিরা, এসরাজ, হার্দ্মোন্ নিয়ম প্রভৃতির সহযোগে কয়েকটি ঐক্যতান বাস্ত হইল,—এবং আমন্ত্রিত ব্যক্তিবর্গের মধ্যে কেবল একজন ভদ্রলোক গান করিলেন। রাত্রি ১০টার সময় সভা ভঙ্গ হইল—আমরাও হাদ্যের ভক্তিশ্রন্ধা জ্ঞাপন করিয়া বাসার দিকে ফিরিলাম।

এ আদরে দেখিবার একটি বিশেষ জিনিষ ছিল, সেটি জ্যোতিরিক্রনাথের অধাবসায় এবং ললিতকলার প্রতি অক্লান্ত অনুরাগ। এক
মুহুর্ত্তও না থামিয়া "বালাকৈ-প্রতিভা"র সমস্ত গানগুলি একে একে গাহিতে
ভাঁহার শ্বাস যেন রুদ্ধ হইয়া আসিতেছিল, তবু ভাঁহার উৎসাহের বিন্দুমাত্রও হ্রাস দেখা গেল না! ঘর্দ্মাক্ত কলেবরে যথন বেহালা ও পিয়ানো
বাজাইতে লাগিলেন, তথন তাঁহার ক্লান্তি দেখিয়া আমাদের কণ্ঠ হইতে
লাগিল; কিন্তু তিনি প্রকৃতিজ্যী একনিষ্ঠ সাধকের মত একবারে
তথ্যর হইয়া পড়িয়াছিশেন। বার্দ্ধকা ও ক্লান্তি পরাজিত হইয়া দূরে
সরিয়া গেল, আর জ্যোতিরিক্রনাথ আপনার মহামহিমায় প্রতিষ্ঠিত
রহিলেন। আসিবার সময় ভাঁহার কন্ত হইল বলিয়া আমরা ক্ষমাভিক্ষা করায় জনৈক ভদ্রলোক বলিলেন, "আমাদের ত আমোদ
হ'ল।"

জ্যোতিরিক্রনাথ হাসিলেন, কিন্তু কথাটা ঠিক। সে হাসিটি শিশুর-মত উচ্চ ও সরল।

জ্যোতিরিক্সনাথ

(२)

পূর্বেই কথিত হইয়াছে জ্যোতিরিক্রনাথের এ ভবনের নাম "শান্তিধাম"। শান্তিধাম বাস্তবিকই শান্তিধাম। এথানে আরও একটি বিশেষ জিনিষ এই যে, ফটকের উপরে ধ্যানীবৃদ্ধের একটি মর্শ্বরমূর্ত্তি প্রতিষ্ঠিত।

শান্তিধানের আর একটি বিষয় বাকী রহিয়া গিয়াছে। প্রথম, একটি গুহা। গুহাটি কৃত্রিম নয়। যে পাহাড়ের উপরে জ্যোতিবাবৃর বাড়ী, তাহারই পশ্চিম দিকে কয়েকটি প্রকাণ্ড প্রকাণ্ড পাথর এমন ভাবে আছে, যে তাহা দ্বারা আপনা-আপনিই নীচে একটি ভীষণ গহরর স্টেইয়াছে। গুহার ভিতরে স্থান নিতান্ত কম নয়। সাত-আট জন লোক অনায়াসে সেখানে বিসিয়া গুইয়া বেশ স্বচ্ছদে আলাপ করিতে পারে। সম্প্রতি তাহার ভিতরটি বাধাইয়া আরও আরামপ্রদ করা হইয়াছে। বেশ পরিষ্কার পরিচ্ছয়, অন্ধকারও নয়। উপরে নীচে পাশে চারিদিকে প্রকাণ্ড প্রকাণ্ড কালো কালো পাথর। গুহার ভিতরে বসিলে মনে হয় যেন গিরিপ্রস্তরময়ী ধরণীর কোলে বসিয়াছি। তার পাথরগুলির গায়ে ঠেস দিলে বা স্পর্শ করিলে মনে হয় মূর্ত্তিমতী পৃথিবীকেই মেন স্পর্শ করিতেছি। গুহাটির প্রায় ২০০ ফুট নীচে সমতল ক্ষেত্র।

দিতীয়, একটি লতামগুপ। ঠিক এই গুহার নীচে, পাহাড়টির গায়েই এই মগুপটি যেন আঁকা। মগুপটি সমতল ক্ষেত্রভূমি হইতে একটু উচ্চে অবস্থিত। মগুপের তলাটি বেশ শান্-বাধান'—"বেঞ্চি"-গাঁথা। উপরের ছাদে একটি মঞ্চ রচিত হইয়াছে, তাহাতেই শতাগছিকৈ তুলিয়া দেওয়া হইয়াছিল। এখন সেই লতা-জালে মঞ্চি

বলা বাহুল্য, এগুলি সুবই জ্যোতিবাবুরই হাতের আঁকা। শিশুদের জ্যু বলিয়া সেগুলিতে চিত্রসম্পদের অভাব কিন্তু কিছুই নাই।

এইরপ অধ্যাপনার কিরপ স্থফল ফলিয়াছে, তাহারও একটু পরিচয়া দিতেছিঃ—

জ্যোতিবাবু বলিলেন "সেই 'দেশ দেশ' গানটা গাও ত ?" অমিকি স্বীর ও মঞু গুই ভাই-বোনে গাহিতে লাগিল :—

নিঙা বি'বিট।

দেশ দেশ ভাই আমাদের দেশ সক্তল দেশের আগে সে কোন্ দেশ, ভাই, আমাদের দেশ ॥

উত্তরেতে হিমালয়, দক্ষিণে সাগর পূবে দক্ষিণে ভাই পাহাড় মনোহর

—ভাই, পাহাড় মনোহর—

তার মধ্যে মায়ের অাচল, সোনা ঢালা বেশ, গাছ-গাছালি, ক্ষীরের নদী, সোনা ধানের ক্ষেত

—ভাই, আমাদের দেশ॥

ঝিকিমিকি সুর্য্যি উঠে, রেতে ফুটে ভারা, চাঁদের জ্যোছনা ভাই যেন ফটিক ধারা

—ভাই, যেন ফটিক ধারা।

এমন দেশ ভাই আছে কোথায়, এমন সোনার দেশ, মায়ের কোলে দেশের ছেলে আমরা আছি বেশ---

—ভাই, আমাদের দেশ॥

বোন মঞ্, দাদাটির পাশে দাঁড়াইয়া অতি চমৎকার কোরাসে গাহিল। এই গানটির পাশেই ভারতবর্ষের মানচিত্র। এই এক গানেই ছেলেদের মনে স্বদেশের রূপ ও স্বদেশের প্রতি ভক্তি যে কিরূপ পরিফুট হয়, তাহা একটু চিন্তা করিলেই বুঝা যায়।

ইহার পর জ্যোতিবাবু বলিলেন, "সেই থিয়েটারটা কর' ত ?" অমনি একটা ত্রিপদ টেবিলের নীচে মঞ্ছু বুড়ী হইয়া বসিল, আর জ্যোতিবাবু পিয়ানোতে বসিলেন, স্বীর হাত ছানিয়া তপন আহ্বান করিতে করিতে গাহিতে লাগিল:—

> "আয় রদুর ছে—নে, ছাগল দিব যে—নে, ছাগ্লির মা' পাগ্লি, ক'খান্ কাপড় পে—লি ?"

মঞ্ গাইল,—

"ছ'থান কাপড় পেলুম্, ছ' বৌকে দিলুম্ (ছয়টি পুতুল ছয়টি বৌ) (কাঁপিতে কাঁপিতে) আপনি মরি জাড়ে, কলাগাছের আড়ে।" স্বীর গাইল,

"কলা পড়ে টুপ্টাপ্, বুড়ী থায় গুপ্গাপ্।"

তার পর, হুইজনেই হাসিয়া গড়াগড়ি !

খাতাতেও এমনি একটি ছবি আছে। বুড়ী কলাগাছের নীচে উপবিষ্ট। কলা পড়িতেছে, পাশে ছয়টি বৌ দাঁড়াইয়া আছে, অদূরে একটি বালক হাত ছানিয়া রৌদ্রআহ্বান করিতেছে।

এইরূপ প্রায় ২০।২৫টি কবিতা পড়া হইয়া গিয়াছে। জ্যোতিবাবু নিজে আবাল্য সঙ্গীতামুরাগী, এইজন্ম সঙ্গীতকেও তিনি শিশুদের শিক্ষার পর্যায়ভুক্ত করিয়া দিয়া কৌশলে, হাসি-তামাশা গান-নাচের মধ্য দিয়া অধ্যাপনার প্রণালী আবিষ্কার করিয়াছেন। জ্যোতিবাবর

জ্যোতিরিক্সনাথ

ছাত্রেরাও এই অল্লদিনের মধ্যে এবং এই অল্ল বয়সে এত শিধিয়াছে যে ভাহা ভাবিলে যুগপৎ স্তন্তিত ও চমৎকৃত হইয়া যাইতে হয়।

বেশ বুঝা গেল, শিক্ষাশালায় শুধু বেত ও নীরস বানান মুথস্থের স্থান একটুও নাই। এই অপূর্বে শিক্ষাপ্রণালী যিনি আবিষ্কার করিয়াছেন, স্বতই তাঁহার চরণতলে মাথা নত হইয়া পড়ে।

একদিন আমি তাঁহাকে বলিলাম—"আপনার মুখে এত মজার কথা, এত রসের কথা শুনি যে আমার ইচ্ছা হয়, আপনার জীবন-বৃত্তাস্তটি আপনার মুখের কথায় লিপিবদ্ধ করি।"

এতদিন তিনি কোনও কিছু আশঙ্কা বা আমাকেও বিভীষণ সন্দেহ করেন নাই! কিন্তু যেমন আমি আমার ইচ্ছা ব্যক্ত করিলাম, অমনি তিনি শিহরিয়া উঠিলেন।

নানাপ্রকার যুক্তি-কারণ-প্রদর্শন করিয়া আমায় এই কার্যা হইতে বিরত করিবার জন্ম সর্কতোভাবে প্রয়াদ পাইলেন। কিন্তু ভবী ভূলিল না। তিনি নিজে যে অধিকার আমায় দিয়াছিলেন, সেই অধিকারের দাবীতেই আমি তাঁহার উপর জুলুম জবরদন্তি আরম্ভ করিয়া দিলাম।

শেষে তিনি হতাখাদে বলিলেন—"দেখ বদস্ত, তোমাকে ত পারবার জো নেই! তুমি যখন ধরেছ—তথন ছাড়্বে না। কিন্তু তুমি যে শেষে বিশ্বাস্থাতকতা করে এই বুড়োকে জনসমাজে টেনে বের কর্বে—তোমায় আমি একদিনও সে সন্দেহ করি নাই!" ইত্যাদি।

তিনি জীবনে এমন কোন কার্যাই করেন নাই, যাহাকে সাহিত্যের উভানে অক্ষরের বেড়া দিয়া রাথা যাইতে পারে প্রভৃতি নানারূপ ওজর আপত্তি আবার করিতে লাগিলেন, কিন্তু কোন ওজরই যথন টিকিল না— তথন তিনি হতাশ্বাসে বলিলেন, ওহে তোমায় দেখে এখন আমার বড় ভয় লাগ্চে! আমি তাই ভাব্চি—তুমি এমন ভয়ন্তর কি করে হয়ে উঠ্লে ?"

বাল্য স্মৃতি

জ্যোতিরিক্রনাথ মহর্ষি দেবেক্রনাথ ঠাকুরের পঞ্চম পুত্র। ইহাদের বাড়ীতে সে সময়ে একজন গুরুমহাশয় ছিলেন, তাঁহার নিকটেই ইহার হাতে-থড়ি হয়। বাড়ীর ছই-চারিজন ও পাড়া-প্রতিবেশীদের মন্তান্ত কতকগুলি ছেলে লইয়া গুরুমহাশয় ঠাকুর-দালানে একটি পাঠশালা খ্লিয়াছিলেন। গুরুমহাশয়টি একবারে সেকেলে পগুতের জ্লস্ত আদর্শ। রং কালো, গোঁপ-যোড়া কাঁচাপাকার মিশ্রিত মুড়া-খ্যাংরার ন্তায়। চুল লম্বা, উড়েদের মত পিছন দিকে গ্রন্থিবদ্ধ।

একটা কালিপড়া মাহুরের উপর পাঠশালার ছেলেরা বদিত। পণ্ডিত মহাশয়ের মুথে কখনও এতটুকু হাসি দেখা যাইত না; ষদি বা কখনও ওর্গ্নপ্রান্তে একটু-আগটু হাসির বক্ররেথা দেখা দিত ত'সে বর্ষণোমুখ শ্রাবণমেঘে বিজুরীলেখার মত ছাত্রদিগকে বেত মারিবার সময় সেটুকু ফুটিত। বোধ হয় সে শুধু হাতের স্থথ অহুভব করিয়া। পড়াইবার সময় গুরুমহাশয় অন্ধি-উলঙ্গ অবস্থায় পা ছড়াইয়া বসিয়া "গুরুচ্ছাদি" ৈতিলমর্দন করিতেন। সে তৈণের কি-এক বিট্কেল গন্ধ। তাঁহার এক গাছি ছোট বেত ছিল, নিজের দেহের সঙ্গে সঙ্গে সেটিকেও তিনি স্বত্নে তৈল মাথাইতেন। নিয়নিত তৈলন্দনে বেত গাছটিতেও বেশ একটা পাকা রং ধরিয়াছিল। এই বেত্রটির উপর গুরুমহাশয়ের **পুত্র**-বাৎসল্য ছিল। একবার ৬ হেমেব্রুনাথ ঠাকুর মহাশয় হুষ্টামি করিয়া এই বেতথানিকে লুকাইয়া রাথিয়াছিলেন, তাহাতে গুরুমহাশয় ঠিক ্ষেন বংসহারা গাভীর মত শোকে অধীর হইয়া পড়িয়াছিলেন।

ফিরিয়া পাইয়া, তবে তিনি প্রকৃতিস্থ হন। অপরাধে, বিনা-অপরাধে, যথন-তথন, এই বেতগাছটি ছাত্রদিগের পৃষ্ঠসংস্পর্শে আসিত। আশ্চর্য্য এমনি তাঁহার হস্তকভূষন যে, যথন ছুটি দিতেন তথনও ছুই চারি ঘা পটাপট্ বেত্রাঘাত না করিয়া স্থির থাকিতে পারিতেন না, আর সেই সঙ্গে কতকগুলা অকথা গালিবর্ষণ্ড যে না হইত, তাহাও নয়।

ইহার পর, বাড়ীতে মাপ্তারের কাছে ইংরাজী পড়া আরম্ভ হইল। তখন জ্যোতিবাবুর অভিভাবক হইলেন, তাঁহার সেজদাদা (স্বগীয়া হেমেক্রনাথ ঠাকুর)। হেমেক্রবাবুর শিক্ষারীতিও সেকালের অনুরূপ অতি কঠোর ছিল। অপ্তপ্রহর ঘাড় গুঁজিয়া টেবিলে ঝুঁকিয়া পড়িতে হইত। মিছামিছি সময় নষ্ট হইবে বলিয়া, তিনি খেলিতেও ছুটি দিতেক না। যথন বাড়ীর অভাভ বালকগণকে খেলিতে দেখিতেন, তখন জ্যোতিবাবুর যে কি কণ্ট হইত, তাহা তাঁহার বর্ণনাতীত। তিনি ভাবিতেন, তিনি যেন জেলথানায় আছেন—সমস্ত জগৎব্ৰহ্মাণ্ড তাঁহার নিকট অন্ধকার, জগতে যেন তিনি নিতাস্ত একা, অবরুদ্ধ। মুক্তির জন্স তাঁহার প্রাণ ছটফট করিত। হেমেক্রবাবু অবশ্র তাঁহার ভালর জন্মই করিতেন, কিন্তু ইহাতে হিতেবিপরীত হইল। লেখাপড়ার উপর জ্যোতি-বাবুর একটা বিষম বিভৃষ্ণা জনিয়া গেল। হেমেক্রবাবু জ্যোতিবাবুকে মুগুর-ভাঁজা, ডন-ফেলা প্রভৃতি অনেক রকম ব্যায়াম অভ্যাস করাইতেন, এবং ক্রীড়াচ্ছলে তাঁহাকে সন্তরণ-বিভাও শিখাইয়াছিলেন। এই সকল শিক্ষার জন্ম জ্যোতিরিন্দ্রনাথ তাঁহার সেজদাদা হেমেন্দ্রবাবুর নিকট ৠी ।

হেমেক্রনাথ কিছুদিন মেডিক্যাল কলেজে পড়িয়াছিলেন। বিজ্ঞানে তাঁহার বিশেষ ঝোঁক ছিল। তিনি অনেকগুলি বৈজ্ঞানিক প্রবন্ধও সর্বাদাই তিনি সংস্কৃত কাব্যনাটকাদির আলোচনায় নিযুক্ত থাকিতেন এবং সর্বাদাই আপন মনে সংস্কৃত শ্লোক আওড়াইতেন। এই সময়ে তিনি ফরাসী ভাষাও শিক্ষা করিতেছিলেন—এবং তাহাতে তাঁহার বেশ ব্যুৎপত্তিও জন্মিয়াছিল।

হেমেক্রনার্থ ও শ্রীযুক্ত অমু গুহ সেই সময়কার নামজাদা পালোয়ান ছিলেন। হীরা সিং নামক একজন পাঞ্জাবী উভয়েরই ওস্তাদ ছিল। তলোয়ার গৎকা কুস্তি জিম্ন্যাষ্টিক্ প্রভৃতি সর্ব্বপ্রকার শারীরিক ব্যায়াম-ক্রিয়ার তিনি সিদ্ধহন্ত ছিলেন। তাঁহার গুরুভার মৃদ্যার অনেক হিন্দুস্থানী পালোয়ান্ও উঠাইতে পারিত না।

ছেলেবেলায় জ্যোতিরিন্দ্রনাথের পায়ে "কাউর ঘা" ছিল। কত ঔষধ দেওয়া হইয়াছিল, কিছুতেই সারে নাই। পরে চৌদ্দ বংসর বয়সে সে ঘা আপনিই সারিয়া যায়। অনেক. য়য়য় রোগ অপেক্ষা ঔষধই অধিকতর য়য়ণাদায়ক হইত। যে য়াহা বলিত, য়ায়ে তাহাই লায়ান' হইত। একদিন একজন হিন্দুয়ানী বৈপ্রের ব্যবস্থায়সারে এই য়ায়ে রাঞ্জি দিয়া, এক কড়াই গম্গমে আগুনের উপর পা ধরিয়া রাঞ্জা হইয়াছিল; সে কি য়য়ণা! এই অয়থা য়ক্তর্রাবে তিনি অত্যন্ত ক্ষীণ এবং ক্ষশ হইয়া পড়িয়াছিলেন। অনেক সময়ে য়াহার য়াহা নাই, সেই দিক্ষে তাহার মনের ঝোঁক হয়। বাল্যকালে তাঁহার শরীর অত্যন্ত ক্ষম ও ছর্মল ছিল বলিয়া বেশী বয়সে অয়ারোহণ শীকার প্রভৃতি পুরুষোচিত ব্যায়ামচর্চার দিকে যে তাঁহার মন গিয়াছিল, তিনি বলেন—অনেকটা এই কারণে।

বাঙ্গলা ও ইংরাজীতে বাড়ীতে এইরূপে প্রাথমিক শিক্ষা লাভ করিয়া তিনি স্বূলে ভর্তি হইলেন। ইহাতে আর কিছু হউক বা না হউক তিনি আমায় অনেক কথা জিজ্ঞাসা করিলেন, পরে তাঁহার চক্ষুর অসুথ শুনিয়া খুবই বিমর্ঘ হইয়া পড়িলেন।


হঠাৎ অর্ণপীড়া বৃদ্ধি পাওয়ায় ববীন্দ্রনাথের ইয়্রোপযাত্রা স্থাতি হয় গেল, দে অন্থ এখনও সম্পূর্ণ আরোগ্য হয় নাই, ডাক্তারেরা এখন তাঁহাকে অন্তত ৩।৪ মাসকাল সামান্ত নড়াচড়া পর্যান্ত করিতে নিষেধ করিয়াছেন, এই কথা কয়টি বলিতেই জ্যোতিরিন্দ্রনাথের কোমল হায় ভাতৃবাংসলো ভরিয়া উঠিল এবং কণ্ঠসার ক্ষীণতার হইয়া গেল।

রাত্রি প্রায় ৮॥০ বা নটা বাজিল। আমরা সেদিনের মত বিদায় ভিক্ষা করায় জ্যোতিবাবু তুঃখ-প্রকাশ করিলেন যে রাত্রি অধিক হওয়ায়, তাঁহার একটি লতামগুপ ও একটি গুহা আছে সে তুইটি আমাদিগকে দেখাইতে পারিলেন না। এই জন্ম আর একদিন একটু সকাল সকাল আসিতে অনুরোধ করিলেন।

আগামী রবিবারে জ্যোতিবাবৃকে "বাল্মীকি-প্রতিভা"র স্থর শুনাইতে
অনেকে অনুরোধ করিয়াছেন,তিনিও স্বীকৃত হইয়াছেন—এই জন্ম তাঁহার
গৃহে সেইদিন একটি মজলিশ হইবে। তিনি আমাদিগকেও তাহাতে
হাজির হইবার জন্ম সঙ্গেহে নিমন্ত্রণ করিলেন, এবং সেদিন যে নিশ্চয়ই
আসিব সে প্রতিশ্রতি আদায় করিয়া তবে আমাদিগকে ছাড়িলেন।

জ্যোতিবাবুর কাছেই শুনিলাম যে "বাল্মীকি-প্রতিভা"র প্রায় সব ্গানের স্থরই জ্যোতিবাবুর সংযোজিত।

জ্যোতিরিক্রনাথ আমাদিগকে নীচে পর্যান্ত আসিয়া বিদায় দিয়া গেলেন। আমরা পথে ভাবিলাম—"আজ সোমবার, রবিবার আসিতে এখনও অনেক দেরী!"



৺হেমেক্রনাথ ঠাকুর



বলা বাহুল্য, এগুলি স্বই জ্যোতিবাবুরই হাতের আঁকা। শিশুদের জ্যু বলিয়া সেগুলিতে চিত্রসম্পদের অভাব কিন্তু কিছুই নাই।

এইরপ অধ্যাপনার কিরপ স্থফল ফলিয়াছে, তাহারও একটু পরিচয়া দিতেছি:—

জ্যোতিবাবু বলিলেন "সেই 'দেশ দেশ' গানটা গাও ত ?" অমিকি স্বীর ও মঞু গুই ভাই-বোনে গাহিতে লাগিল :—

নিঙা বি'বিট।

দেশ দেশ ভাই আমাদের দেশ সক্তল দেশের আগে সে কোন্ দেশ, ভাই, আমাদের দেশ ॥

উত্তরেতে হিমালয়, দক্ষিণে সাগর পূবে দক্ষিণে ভাই পাহাড় মনোহর

—ভাই, পাহাড় মনোহর—

তার মধ্যে মায়ের অাঁচল, সোনা ঢালা বেশ, গাছ-গাছালি, ক্ষীরের নদী, সোনা ধানের ক্ষেত

—ভাই, আমাদের দেশ॥

ঝিকিমিকি সুর্য্যি উঠে, রেতে ফুটে ভারা, চাঁদের জ্যোছনা ভাই যেন ফটিক ধারা

—ভাই, যেন ফটিক ধারা।

এমন দেশ ভাই আছে কোথায়, এমন সোনার দেশ, মায়ের কোলে দেশের ছেলে আমরা আছি বেশ---

—ভাই, আমাদের দেশ॥

সর্বাদাই তিনি সংস্কৃত কাব্যনাটকাদির আলোচনায় নিযুক্ত থাকিতেন এবং সর্বাদাই আপন মনে সংস্কৃত শ্লোক আওড়াইতেন। এই সময়ে তিনি ফরাসী ভাষাও শিক্ষা করিতেছিলেন—এবং তাহাতে তাঁহার বেশ ব্যুৎপত্তিও জন্মিয়াছিল।

হেমেক্রনার্থ ও শ্রীযুক্ত অমু গুহ সেই সময়কার নামজাদা পালোয়ান ছিলেন। হীরা সিং নামক একজন পাঞ্জাবী উভয়েরই ওস্তাদ ছিল। তলোয়ার গৎকা কুস্তি জিম্ন্যাষ্টিক্ প্রভৃতি সর্ব্বপ্রকার শারীরিক ব্যায়াম-ক্রিয়ার তিনি সিদ্ধহন্ত ছিলেন। তাঁহার গুরুভার মৃদ্যার অনেক হিন্দুস্থানী পালোয়ান্ও উঠাইতে পারিত না।

ছেলেবেলায় জ্যোতিরিন্দ্রনাথের পায়ে "কাউর ঘা" ছিল। কত ঔষধ দেওয়া হইয়াছিল, কিছুতেই সারে নাই। পরে চৌদ্দ বংসর বয়সে সে ঘা আপনিই সারিয়া যায়। অনেক. য়য়য় রোগ অপেক্ষা ঔষধই অধিকতর য়য়ণাদায়ক হইত। যে য়াহা বলিত, য়ায়ে তাহাই লায়ান' হইত। একদিন একজন হিন্দুয়ানী বৈপ্রের ব্যবস্থায়সারে এই য়ায়ে রাঞ্জি দিয়া, এক কড়াই গম্গমে আগুনের উপর পা ধরিয়া রাঞ্জা হইয়াছিল; সে কি য়য়ণা! এই অয়থা য়ক্তর্রাবে তিনি অত্যন্ত ক্ষীণ এবং ক্ষশ হইয়া পড়িয়াছিলেন। অনেক সময়ে য়াহার য়াহা নাই, সেই দিক্ষে তাহার মনের ঝোঁক হয়। বাল্যকালে তাঁহার শরীর অত্যন্ত ক্ষম ও ছর্মল ছিল বলিয়া বেশী বয়সে অয়ারোহণ শীকার প্রভৃতি পুরুষোচিত ব্যায়ামচর্চার দিকে যে তাঁহার মন গিয়াছিল, তিনি বলেন—অনেকটা এই কারণে।

বাঙ্গলা ও ইংরাজীতে বাড়ীতে এইরূপে প্রাথমিক শিক্ষা লাভ করিয়া তিনি স্বূলে ভর্তি হইলেন। ইহাতে আর কিছু হউক বা না হউক লালানের রোয়াক দিয়া আসরে নামিত, তথন ছেলেরা সত্যসতাই ভয়ে আঁংকাইয়া উঠিত—কৈহ কেহ তারশ্বরে ক্রন্দনই জুড়িয়া দিত।

এই প্রসঙ্গে জ্যোতিবাবু বলিলেন, "বিজয়ার দিন প্রাতে আমাদের বাড়ীতে বিষ্ণু গায়কের গান হইত। আমরা সকলে বসিয়া একত্রে আগে শাস্তির জল লইতাম, তারপর প্রতিমা বাহির করা হইত। অপরাহে আমরা অভিভাবকগণের সহিত ৺প্রসন্নকুমার ঠাকুরের ঘাটে বসিয়া ভাসান দেখিতাম। প্রতিমা-বিসর্জনের পর বাড়ী আসিয়া বুকটা বড়ই ফাঁক ফাঁক ঠেকিত—মনটাও কেমন একটু খারাপ হইয়া ঘাইত। প্রথম-প্রথম কয়েক দিন খুবই কষ্ট-বোধ হইত।

"এই হর্নোৎসবে—দেব, মানব ও দানব এই তিন ভাবের দৃগ্রাই ্দেথা যাইত। বিজয়ার দিন, সকল শক্ততা ভুলিয়া বন্ধু বলিয়া আলিঙ্গন, গুরুজন বলিয়া প্রণাম ও পদধূলি গ্রহণ এবং কণিষ্ঠদিগকে প্রাণ ভরিয়া আশীর্কাদের যে ধূম পড়িয়া যাইত—তাহাতে আমার মনে হয়, এ যেন একটা স্বর্গীয় ভাবের প্রেরণা। মানব ভাব,—যেমন কোন আত্মীয়ার আগমনে হর্ষ এবং বিদায়কালে অশ্রুপাত। দেবীকে "মা মা" বলিয়া ডাকিয়া,ভক্তিগদ্গদ-চিত্তে সাষ্টাঙ্গে ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিয়া, হৃদয়ে যে কি অপূর্ব্ধ আনন্দ ও প্রীতি জন্মিত, তাহা কথায় বলা যায় না। আবার সেই দেবীর বিসর্জনে মানব-হাদয় বিয়োগ-ব্যথায় জৰ্জবিত হইয়া সতাসতাই অশ্বক্সায় গলিয়া গলিয়া ঝরিয়া পড়িত। এইরূপে হৃদয়ে এক অপূর্ব্ব কোমলতা বিকশিত হইত! অপর দিকে, চালচিত্রঅক্ষনে ও প্রতিমানির্মাণে চিত্রশিল্পের 🥸 ভাস্কর্যা-বিষ্ণারও একটা উন্নতি এদেশে বহুকাল হইতে পরিলক্ষিত হইয়া আদিতেছে। ক্লম্ভনগরের কুমোর-পটুয়াদের এ বিষয়ে এত উৎকর্ষ-লাভের ইহাই একটা:প্রধান কারণ বলিয়া আমার মনে হয়। এই উৎসবে

বলা বাহুল্য, এগুলি স্বই জ্যোতিবাবুরই হাতের আঁকা। শিশুদের জ্যু বলিয়া সেগুলিতে চিত্রসম্পদের অভাব কিন্তু কিছুই নাই।

এইরপ অধ্যাপনার কিরপ স্থফল ফলিয়াছে, তাহারও একটু পরিচয়া দিতেছি:—

জ্যোতিবাবু বলিলেন "সেই 'দেশ দেশ' গানটা গাও ত ?" অমিকি স্বীর ও মঞু গুই ভাই-বোনে গাহিতে লাগিল :—

নিঙা বি'বিট।

দেশ দেশ ভাই আমাদের দেশ সক্তল দেশের আগে সে কোন্ দেশ, ভাই, আমাদের দেশ ॥

উত্তরেতে হিমালয়, দক্ষিণে সাগর পূবে দক্ষিণে ভাই পাহাড় মনোহর

—ভাই, পাহাড় মনোহর—

তার মধ্যে মায়ের অাঁচল, সোনা ঢালা বেশ, গাছ-গাছালি, ক্ষীরের নদী, সোনা ধানের ক্ষেত

—ভাই, আমাদের দেশ॥

ঝিকিমিকি সুর্য্যি উঠে, রেতে ফুটে ভারা, চাঁদের জ্যোছনা ভাই যেন ফটিক ধারা

—ভাই, যেন ফটিক ধারা।

এমন দেশ ভাই আছে কোথায়, এমন সোনার দেশ, মায়ের কোলে দেশের ছেলে আমরা আছি বেশ---

—ভাই, আমাদের দেশ॥



৺গিতীক্রনাথ ঠাকুর



ছিল। শেষোক্ত স্থটি শেষে গুণ-দাদাতেও (তাঁর পুত্র ওগুণেজ্র-নাথ ঠাকুর মহাশয়েও) বর্ত্তাইয়াছিল। তিনিও থুব স্থুনররূপে বাগান গড়িতে পারিতেন।

"ছোটকাকামহাশয় (৺নগেন্দ্রনাথ ঠাকুর) আমার দাদামহাশয় ৺য়ারিকানাথ ঠাকুরের সঙ্গে বিলাত গিয়াছিলেন। সেইথানেই তাঁহার শিক্ষা হয়। ইংরাজী সাহিত্যে তিনি বিশেষ পণ্ডিত ছিলেন। তাঁহার ফদয় অতিশয় কোমল এবং পরতঃখ-কাতর ছিল। কেহ কোনও বিপদে পড়িলে অথবা ঋণজালে জড়িত হইলে তিনি তাহাকে মুক্ত করিতে বাস্ত হইতেন। এই পরোপচিকীর্যায় তিনি একবারে জ্ঞানশূল্য হইয়া পড়িতেন। নিজে ঋণ করিয়াও অপরকে ঋণমুক্ত করিতেন। এইরূপে পরের জল্প শেষে তিনি নিজেই বিষম ঋণজালে জড়িত হইয়া পড়িয়াছিলেন। নিজে যথন এমনি বিপয়, তথন উপায়ান্তর না দেখিয়া তিনি Customs Houseএ Collectorএর কার্যা গ্রহণ করেন। বাঙ্গালীকে তথন এপদ দেওয়া হইত না। ছোটকাকামহাশয়ই দেশীয় লোকের মধ্যে এ কার্যা সর্বপ্রথম নিযুক্ত হয়েন।"

এই সময়কার আরও একটি ঘটনা জ্যোতিবাবুর বেশ মনে পড়ে।
তিনি বলিলেন, "আমার বেশ মনে আছে, একবার বর্দ্ধমানের মহারাজা
শ্রীযুক্ত মহাতাব, চাঁদ বাহাছর আমাদের জোড়াসাঁকোর বাড়ীতে আদিয়াছিলেন। মহারাজকে দেখিবার জন্ম সদর রাস্তা ও আমাদের গলিতে একেবারে োকে লোকারণ্য হইয়া গিয়াছিল। এখন দেখা যায় রাজাদের মধ্যে একটা Democracyর spirit জাগিয়াছে, তাঁহারা অনেক
স্থলেই গমন করেন। ইহা অবশ্য ভালই তাহাতে আর সন্দেহ নাই; কিন্তু
তথন এ ভাব ছিল না। মহারাজ মহাতাব চাঁদের ব্রাহ্মসমাজের উপর

(নহর্ষির) একজন খুব প্রিয় শিশ্র ছিলেন। তিনি বর্দ্ধনানে ব্রাহ্মদমাজস্থাপনে ইচ্ছুক হৈইয়া মহর্ষির নিকট আচার্য্যের কার্য্য করিতে পারেন এমন
একটি লোক প্রার্থনা করেন। মহর্ষি ইতিপূর্ব্বে যে চারিজন পণ্ডিতকে
বেদশিক্ষার জন্ম কাশীতে পাঠাইয়াছিলেন, তাঁহাদেরই একজনকে
আচার্যোর পদে বৃত করিয়া বর্দ্ধনানে পাঠাইয়া দেন। বর্দ্ধনানে ব্রাহ্মসমাজের কাষকর্মা বেশ স্কুচারুত্রপেই চলিতেছিল, এমন সময় কেশব বাবু
ব্রাহ্মসমাজে যোগ দিলেন। কেশব বাবুর কার্যাকলাপ এবং আচার
ব্যবহারে মহারাজ অতান্ত বিরক্ত হইয়া, বর্দ্ধনান হইতে ব্রাহ্মসমাজ
উঠাইয়া দিয়া, সমাজের সহিত সমস্ত সম্বন্ধ একেবারে পরিত্যাগ
করিলেন।"



৺নগেন্দ্রনাথ ঠাকুর



কৈশোর-স্মৃতি

পূর্বেই বলিয়াছি, গুরুমহাশরের নিকট বাঙ্গালা এবং মান্টারমহাশরের নিকট একটু ইংরাজী পড়িয়া, জ্যোতিরিক্রনাথ স্কুলে ভর্ত্তি হইলেন। প্রথমে St. Paul's School, তার পর Montague's Academy, তার পর হিন্দুসূল। এইরূপ ঘনঘন স্কৃলপরিবর্তনে যে ভাল ফল হইয়াছিল তাহা বলা যায় না। কেন যে এরূপ পরিবর্তন হইত, তাহা তিনিও ভাল বলিতে পারেন না, অভিভাবকেরাই জানিতেন। পূর্বেকথিত, বাড়ীর কঠোর শিক্ষাশাসনের ফলে শিক্ষার প্রতি জ্যোতিরিক্রনাথের কেমন একটা বিত্ঞাই জন্মিয়া গিয়াছিল; কাযেই স্কুলের পড়ায় তিনি একেবারেই মনোযোগ দিতে পারিতেন না।

ছেলেবেলাকার একটা কথা তাঁহার মনে পড়ে, তাহাতে বেশ একট্ট্
মজা আছে। উপনয়নের সময় অন্তঃপুরে একটা ঘরের মধ্যে ঘণারীতি
তিন দিন তিনি বদ্ধ হইয়া আছেন। একদিন হঠাৎ ঘর হইতে শুনিতে;
পাইলেন "হন্তমান" "হন্তমান"! এবং উক্ত ভক্ত-বীরের বিদায়-সঙ্গীতের:
ঐক্যতানে দাসদাসীদের মধ্যে থুব একটা হৈ চৈ পড়িয়া গিয়াছিল।
ব্যাপার কিছুই নয়—একটা হন্তমান্ ছাদের প্রাচীরের উপর আসিয়া
বিসিয়াছিল। এমন একটা অপূর্ব্ব প্রস্টব্য জীব-দর্শনের লোভ অতিক্রম:
করা অশ্দ্রম্পশ্র বালকব্রন্ধচারীর পক্ষে অসাধ্য হইয়া উঠিয়াছিল। ব্রন্ধচারী;
দরজা খুলিয়া ঘর হইতে বেগে বাহির হইয়া পড়িয়া, এক লাফে একবারে
নিষিক্ষদর্শন শৃত্দের মধ্যে আসিয়া উপস্থিত। হন্তমান ছাড়িয়া অন্তঃপ্রিকাদের মধ্যে তথন আবার এক ন্তন সোরগোল পড়িয়া গেল। তাড়া
থাইয়া তথন ব্রন্ধচারী মহাশয় য়ানমুথে আবার স্বস্থানে প্রস্থান করিলেন।

জ্যোতিবাবু তথন হিন্দুফূলে পঞ্চম-শ্রেণীতে পড়িতেন। বয়দ প্রায় বার কি তেরা, যে রেখা-চিত্রকলার জন্ম বিলাতেও আজকাল জ্যোতিরিন্দ্রনাথ প্রশংসিত হইতেছেন তাহার বীজ অর্দ্ধশতান্দী পূর্কের সেই বালক জ্যোতিরিন্দ্রনাথেও পরিলক্ষিত হইয়াছিল। ক্লাসে বিসয়া তিনি একবার তাহাদের মাষ্টার জয়গোপাল শেঠের ছবি আঁকিয়াছিলেন। তাঁহার যে চিত্র অঙ্কিত হইতেছিল, এ ব্যাপার মাষ্টার মহাশয় কিছুই জানিতেন না। সে প্রতিকৃতি এমনই অন্তর্মপ হইয়াছিল যে মাষ্টারদের মধ্যেও তাহা লইয়া কিছুদিন যাবৎ একটা খুব হাসি তামাসা চলিয়াছিল।

পূর্বোক্ত ঘটনারও ছই এক বৎসর পূর্বে জ্যোতিবাৰু ভূঁঁ।হার জীবনে সর্ব্বপ্রথম চিত্রাঙ্কন করেন। ব্যারিষ্টার শ্রীযুক্ত সত্যেক্সসন্ন সিংহ (অধুনা লর্ড সিংহ) মহাশয়ের পিতৃব্য শ্রীযুক্ত প্রতাপুনারায়ণ সিংহ মহাশয় একবার জ্যোতিবাবুর মেজ্দাদাকে (স্ত্যেরনাথ) তাঁহার কর্মস্থান মণিরামপুরে নিমন্ত্রণ করেন। জ্যোতিবাবুও তাঁহার মেজ্দাদার সঙ্গে দেখানে গিয়াছিলেন। একদিন, কেন কে জানে, প্রতাপবাবুর ছবি আঁকিতে তাঁহার বড় ইচ্ছা হয়। ইহার পূর্বে তিনি আর কখনও কাহারও ছবি আঁকেন নাই, বা আঁকিতে চেষ্টাও করেন নাই। এই ছবিখানি এত স্থসদৃশ হইয়াছিল যে বালক জ্যোতিরিক্তনাথকে চিত্রাঙ্কনের জন্ত সকলেই মুক্তকণ্ঠে প্রশংসা করিয়াছিলেন। ইহাই তাঁহার প্রথম চিত্র —তথন হইতেই তিনি বুঝিতে পারিয়াছিলেনযে ছবি আঁকিবার ক্ষমতাও তাঁহার আছে। তাহার উপর, তাঁহার প্রথম চিত্র দেখিয়াই সকলে যথন প্রশংসা করিতে লাগিলেন, তথন তিনি মধ্যে মধ্যে বাড়ীর লোকদেরও চেহারা আঁকিয়া হাত পাকাইতে লাগিলেন। সে সকল চিত্র চোঁতা কাগজেই অন্ধিত হইত, দেওলিকে রক্ষা করার কথা তথন কাহারও মনে

ছবি হারানোতে তিনি এখনও বিশেষ তঃথিত—দে ছবিটি ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেন মহাশয়ের। তব্ও চিত্রবিভায়ে রীতিমত শিক্ষালাভ করিবার স্থযোগ পান নাই বলিয়া তিনি এখনও ক্ষুদ্ধ।

যাহাই হউক,—পূর্ব্বক্থিত জয়গোপাল শেঠ নামে তাঁহাদের যে শিক্ষক ছিলেন, তাঁহার চেহারা ও পোষাকের বর্ণনা নিম্নে প্রদত্ত হইল।

শিক্ষক মহাশয় বেমন পাত্লা, তেমনি অসাধারণ রকমের লয়াও ছিলেন। গরুড় পক্ষীর প্রসিদ্ধ নাসিকাটির মত তাঁহার কণ্ঠনালীটি সমুথ দিকেই বেশী ঝুঁকিয়া পড়িয়াছিল; হাত ছইথানি ছই পাশে প্রসারিত করিয়া, আঙ্গুলগুলি মেলিয়া, লয়া লয়া পা ফেলিয়া, চলিতেন ঠিক যেন হাড়গিলাটির মত; কণ্ঠয়র একটু অনুনাসিক; হাসিলে তাঁহার মিশি-দেওয়া কালো কালো দাঁতগুলি বাহির হইয়া এক অপূর্ব শোভা বিকীরণ করিত; তাঁহার দেহবর্ণ তবু একটু ফর্সা ছিল। মাষ্টার মহাশয়ের পরিচ্ছদেও ছিল এক অন্তুত রকমের। পরিধানে ধুতি, অঙ্গে একটা সাদা লংকথের চাপ্কান, বুকে ভাঁজ করা একথানা চাদর, পায়ে ফুল্ মোজা এবং মাথায় পর্দায় পর্দায় ভাঁজকরা একটা সাদা পাগড়ী;—এমনি পাগ্ড়ীই নাকি তথন সব আফিসের কর্মচারীরা ব্যবহার করিতেন। তাম্বুলরাগ অধরওঠের সীমা পরিত্যাগ করিয়া চিবুক এবং বক্ষস্থ উত্তরীয় পর্যন্ত কথন'-কথন' সবেগে ধাবমান হইত।

একদিন ক্লাসের কতকগুলি ছাত্র পরামর্শ করিয়া, এই শিক্ষক মহাশয় আসিবার পূর্কেই তাঁহার চেয়ারের আসনটিকে বেশ করিয়া মসীরঞ্জিত করিয়া রাথিয়া দিয়াছিল। মাষ্টার মহাশয় তত লক্ষ্য করেন নাই, যেমন বসিয়াছেন অমনি কালির ছাপে তাঁহার চাপ্কানটি তাঁহার পশ্চাতে বিচিত্ররূপে চিত্রিত হইয়া গেল। এবস্থিধ ব্যাপারে তিনি তো এ কার্য্য কে করিয়াছে। সকলেই অস্বীকার করিল, কিন্তু জ্যোতি বাবু, যে করিয়াছিল তাহার নাম বলিয়া দিলেন। এ জন্ম জ্যোতিবাবুকে তাঁহার সহাধ্যায়ীগণের হাতে অনেক লাঞ্চিত হইতে হইয়াছিল। ছাত্রেরা তাঁহার বই লইরা এরপভাবে লুকাইয়া রাখিত যে, অনেক সময় সে বই আর খুঁজিয়াই পাওয়া যাইত না। পুত্তক অভাবে অনেকদিন পড়া না বলিতে পারায়, নাষ্টারদের নিকট তিরস্কৃত এবং এত ঘন ঘন বই হারান'র জন্ম বাড়ীতে অভিভাবকগণের নিকটও তাঁহাকে ভর্প সিত হইতে হইত। এই সমস্ত অবশুস্তাবী নির্যাতন তিনি পূর্ব্বে যে কিছুই অমুমান করেন নাই, তাহা নম্ব; তবুও বালক জ্যোতিরিক্রনাথ মিথ্যা কথা বলিয়া আপনাদের উচ্চ বংশ-গৌরবকে থর্ব্ব করিতে কিছুতেই স্বীকৃত হইতে পারেন নাই।

এই সময়ে হিন্দু স্কৃল ও সংস্কৃত কলেজের মধ্যে প্রায়ই সংঘর্ষ চলিত।
কারণ কিছুই নহে, বালস্থলভ চাপল্যমাত্র। তথনকার দিনে এ এক
প্রকার ফ্যাশানের মধ্যেই পরিগণিত ছিল। কখন-কখন এই ছই দলের
লড়াইয়ে রক্তারক্তি ও মাথাফাটাফাটি পর্যান্ত হইত। হিন্দুস্লুলের ইংরাজ
হেডমাষ্টারের নিকট নালিশ আসিলে, তিনি বড় একটা গ্রাহ্ম করিতেন
না, বোধ হয় সে সময়ে তাঁহার স্বদেশের ছ্দান্ত ছাত্রদের কথাই তাঁহার
মনে পড়িত!

মধ্যে হিন্দু স্থল একবার প্রাম মল্লিকদের জোড়াসাঁকোর থামওয়ালা বাড়ীতে কিছুদিনের জন্ত স্থানান্তরিত হয়। সেই সময়ে একদিন টিফিনের ছুটিতে জ্যোতিবাবু দেখিলেন যে একটা লোককে স্থূলের হাতার ভিতর হইতে জনৈক কনেষ্ঠবল থানায় লইয়া যাইবার জন্ত ধরিয়া টানাটানি করিতেছে—সে নাকি কি একটা অপরাধ করিয়াছে, তাই তাহাকে গোপার ক্ষিত্র ক্রেষ্ট্রনটি স্কল্বর প্রায়ে আসিয়াছিল। জ্যোতিবার-


কনেষ্ঠবল মহাশয় যথন কিছুতেই সন্মত চুইলেন না, তথন সকলে মিলিয়া নিকটস্থ ইটের একটা চিবি হইড়েত ইটি লইয়া কনেষ্টবলটির দিকে ছুঁড়িতে লাগিলেন। শেষে পুলিশের/সিপাহী মহাশয় এমনি জর্জারিত হইয়া পড়িলেন যে, তিনি তাঁহার কর্ত্তবাপালন মুন্ত্বী ঝাথিয়াই সবেগে পৃষ্ঠ-প্রদর্শন করিলেন—আর প্রই ফাঁকে সে লোকটাও বেমালুম কোথায় অন্তর্জান করিল।

জ্যোতিবাবু একবার তাঁহার মেজ্নাদা শ্রীযুক্ত সত্যেক্রনাথ ঠাকুর মহাশয়ের সঙ্গে স্কপ্রসিদ্ধ ব্যারিষ্ঠার ভমনোমোহন বোধের ক্ষণ্ডনগরের বাড়ীতে কিছুকাল অবস্থান করেন। সেও তাঁহার একটি স্থের স্থৃতি। তথন মিষ্টার ঘোষের পি⁄তা মাত। উভয়েই জীবিত ছিলেন। তাঁহারা যেরূপ যত্ন করিতেন,তিনি ব'লেন,তাহা কথনও ভূলিবার নহে। তথন ঘোষ-পরিবারের মধ্যে অবরোধপ্রথা পূর্ণমাত্রায় থাকা সত্ত্বেও, অন্তঃপুরে তাঁহাদের অবাধগতি ছিল। মিসেস্ থোষ তথন বালিকা বধু। বারাণ্ডায় মাত্র পাতিয়া ভাঁহার সঙ্গে বালক জ্যোতিরিক্রনাথ তাস থেলিতেন। মনোমোহনবাবুর পিতা লোলচর্ম বৃদ্ধ রামলোচনবাবু যেরূপ গন্তীর কণ্ঠস্বরে এবং তাঁহার বড় বড় চকু ছইটি বিক্ষারিত করিয়া "অ—্য—্ন্—্ম—্হ—ন্" বলিয়া ডাক দিতেন, তাঞ্চা কথনই ভুলিবার নয়। আর ভুলিবার নয়, কৃষ্ণনগ্রের হ্পকেননিভ ভুল ফুর্ফুরে সেই "গ্রাফলী" ললেশ ভাৰত ভাঁহাদের আভীর চা ! সে চাঁয়ে কি স্থান ! এমন চা, জ্যোতিবাৰু বলিলেন, আৰু কথনও তিনি থানা নাই। আসল কথা, ছেলেবেলাকার সকল অনুভূতিই একটু বেশী মাত্রায় তীব্র হইয়া থাকে। তিনি লালমোহনবাবুর সঙ্গে একটা বড় খাটে একুসঙ্গে শয়ন করিতেন।

একদিন তাঁহাদের বাড়ীর সংলগ্ন দীর্ঘ তরুবীথির মধ্যে মনোমোহন-বাব ও সতোদ্রবাব তইজনে পায়চারী কবিতে করিতে বিলাত ঘাইবাব মংলব আঁটিতেছিলেন—লাণাগোহন বাবু তাই শুনিয়া অমনি হাসিতে হাসিতে পিছন হইতে ছুটিয়া আগিয়া বলিয়া উঠিলেন "দাদা, the Steamer is ready!"

তথন কেশববাবু ব্রাক্ষণমাজে যোগ দিয়াছেন। ব্রাক্ষণমাজের মধ্যে কি উৎসাহ ও আনন ! কেশববাবুর দহিত খুষ্টান পাদ্রী লালবিহারী দে ও ক্ষণ্ণনারের Dyson সাহেবের তুমুল বাগ্রুদ্ধ বাধিয়া গিয়াছিল ! আজ লালবিহারীবাবু কেশববাবুর বক্তৃতার প্রতিবাদ করিয়া বক্তৃতা দিবেন ! আজ কেশববাবু আবার দেই প্রতিবাদের উত্তর দিবেন ! এই ক্ষপ প্রায়ই কিছু না কিছু একটা হৈ চৈ থাকিতই । উভ্য পক্ষই বাগ্যুদ্ধে বিশেষ মজ্বুত ছিলেন । লালবিহারী দে স্থান্ধর ইংরাজীতে কেশববাবুকে ঠাট্টা করিয়া উড়াইয়া দিবার চেষ্টা করিতেন, কিন্তু পরিহাদ-বাণ্প্রমোগে কেশববাবুর বড় কম দক্ষ ছিলেন না । লালবিহারীর বক্তৃতা লিখিত, কেশববাবুর মৌথিক, স্কত্রাং দেই ওজম্বিনী বাক্তৃতার তোড়ে রেভারেও লালবিহারীর সমস্ত ঠাট্টা-মন্ধরা কোথায় ভাগিয়া যাইত। কেশববাবুর দলই শেষ পর্যান্ত জন্মলাভ করিত ! তাঁহারা ছেলের দল, এই জয়োল্লাদে থুব মাতিয়া উঠিতেন আর চিৎকার করিয়া কেশববাবুর জয় ঘোষণা করিতেন।

বাড়ীতে ব্রাক্ষোৎসবের খুব ঘটা হইত। সমস্ত বাড়ী পুল্পমালায় ভূষিত হইত। প্রভূষে যথন রগুন্চৌকিতে প্রভাতী বাজিয়া উঠিত তথন তাঁহার যে কি আনন্দ হইত তাহা তিনি কথায় বর্ণনা করিতে পারেন না। আদিব্রাক্ষসমাজে প্রাতঃকালের উপাসনা সম্বাপ্ত হইয়া গেলে, দলে দলে ব্রাক্ষেরা জোড়াসাকোর বাটীতে আসিয়া সমবেত হইতেন। টেবিলের উপার বড় বড় দরবেশী মিঠাই ও কমলা



ব্ৰহ্মানন্দ কেশ্বচন্দ্ৰ সেন

ধেশবুর পিরামিড সাজান' থাকিত। ব্রহ্মানন্দ কেশবচন্দ্র, ভাই প্রতাপ মজুমদার, ভাই মহেন্দ্রনাথ, ভাই মহেন্দ্রনাথ বস্তু---"ভারতব্যীয় ব্রাহ্মদমাজে"র একজনঃ প্রচারক ও যিনি "Unity and Minister" কাগজের সম্পাদক ছিলেন--সম্প্রতি তাঁহার পরলোকপ্রাপ্তি হইয়াছে---ভাই উমানাথ গুপ্ত, শ্রীযুক্ত হরদেব চট্টোপাধ্যায়—ইহাদের উৎসাহদীপ্ত আনন্দ-বিকশিত মুখ জ্যোতিবাবুর চিত্তফলকে এখনও স্থলার্ক্সপে মুদ্রিত হইয়া রহিয়াছে। মধ্যাহ্নভোজনের পর বৈঠক্ধানার ঘরে গগনভেদী উচ্চকণ্ঠে "দবে মিলে মিলে গাও", "আজ আনন্দের সীমা কি", "আজি সবে গাও আনন্দে" প্রভৃতি সত্যেক্তনাথের রচিত গানগুলি সকলে মিলিয়া গাহিতেন। জ্যোতিবাবু বলিলেন, "সর্কশেষে হরদেব চট্টো-পাধ্যায় মহাশয় যথন মহা উৎসাহের সহিত স্বরচিত বােশাধর্মের ডঙ্কা বাজিল' প্রভৃতি গান গাহিতেন, তখন যে কি পবিত্র স্বর্গীয় আনন্দে আমাদের মন ভরিয়া উঠিত, তাহা বর্ণনাতীত। সেকালের হুর্গাপূজার সেই আনন্দ এবং এ-কালের এই ব্রহ্মোৎসবের আনন্দ, এ উভয়ের মধ্যে যেন স্বর্গ মর্ত্তোর প্রভেদ! এ এক ছবি, আর দে এক ছবি।"

এই খানে হরদেব চটোপাধ্যায় মহাশয়ের পরিচয়ও প্রদন্ত হইল।
"উচ্চ কুলীন ব্রাহ্মণবংশে ইহার জন্ম। ইনি ইংরাজী-শিক্ষা একেবারেই
পান নাই। সেকেলে রীতি-অনুসারে চটোপাধ্যায় মহাশয় একটু বাঙ্গলা ও
একটু ফাশী জানিতেন মাত্র। কিন্ত প্রাচীনতন্ত্রের লোক হইলেও ইনি থুব
সৎসাহসী ও সমাজসংস্কারের অত্যন্ত পক্ষপাতী ছিলেন। যথন মেয়েদের
শিক্ষার জন্ম বেথুন-স্কূল খোলা হয়, ইনিই সর্বাত্রে সাহসপূর্বক তাঁহার
ছইটি কন্সাকে বেথুন-স্কূলে পাঠাইয়া দেন। ইনি গৃহী হইয়াও ভগবদ্ধক
সন্ন্যাসী। ইহার গোঁপ-দাভি কামানো, মন্তক মঞ্জিত এবং মাধান একটি

শিখা ছিল। ভূতে দয়া এবং বিশ্বপ্রেমে তাঁহার হৃদয়থানি সদাসর্বাদাই পরিপূর্ণ ছিল। মুখটি নিয়ত প্রফুল্ল। পরিধানে গৈরিক বসন। একটা উষধের কোটা অনবরত তাঁহার সঙ্গে সঙ্গে ঘুরিত। তিনি দীন-ছঃখীগণকে ঔষধ বিতরণ করিতে বড় ভালবাসিতেন। তিনি ধর্মা ও সামাজিক গান নিজেই রচনা করিয়া গাহিতেন। বাঙ্গালীদের মধ্যে যাহাতে সংসাহসের আবিভাব হয়, এই উদ্দেশ্যে তিনি বিভিন্ন দেশের সাহসের দৃষ্টাস্ত দেখাইয়া গান বাঁধিতেন; যথা—

"ব্যাটা ছেলের * * * কড়ি সর্বলোকে কয়
কলমস্ নাবিক ছিল সাহসে আমেরিকা গেল
দেশের বার্তা জেনে শেষে দেশটি কর্লে জয়।"
ইত্যাদি।

ইহার রচিত গানগুলি শেষে ৮প্যারিচাঁদ মিত্র মহাশ্য নিজব্যয়ে ছাপাইয়া দেন। তিনি যে কি হুত্রে ব্রাহ্মসমাজের মধ্যে আসিয়া পড়িয়াছিলেন, তাহা আমি সঠিক জানি না। ইহারই উক্ত ছই কন্সার সহিত শেষে পর পর ৮হেমেক্রনাথের এবং বীরেক্রনাথের (জ্যোতিবাবুর ন'দাদার) সহিত্র বিবাহ হয়।"

সেকালের কলিকাতা— গৃহ ও সমাজ-শৃতি

জোড়াদাঁকো বাড়ীতে ছেলেদের জন্ম একটি ধর্মপাঠশালাও খোলা হইয়াছিল। শ্রীয়ুক্ত অযোধাানাথ পাক্ড়াশী ব্রাহ্মধর্মগ্রন্থ পড়াইতেন। উপনিষদের শ্লোকগুলি হ্রন্দীর্ঘ রক্ষা করিয়া বিশুদ্ধ উচ্চারণসহকারে সমন্বরে পাঠ করান হইত। যেথানে এক সমন্ন গুরুমহাশয়ের পাঠশালা বিসত, ছর্গাপুদ্ধা হইত, সেই পূজার দালানই পরে বেদমন্ত্র পাঠে মুথরিত হইয়া উঠিল। এই পাঠশালার কতকগুলি বাহিরের ছেলেও পড়িতে আসিত। তন্মধ্যে শ্রীয়ুক্ত অক্ষরচন্দ্র চৌধুরী একজন। তথন হইতেই অক্ষরচন্দ্রের সঙ্গোতিবাবুর বন্ধ্রের স্ত্রপাত হয়। বয়োবৃদ্ধির সঙ্গে সঙ্গে উহা গাঢ়তর হইয়া উঠে, এবং তাঁহার মৃত্যু পর্যন্ত এ বন্ধ্র অক্ষর ও অক্ষুপ্ত ছিল।

ছেলেবেলায় অক্ষয়চক্রকে জ্যোতিবাবুদের বাড়ীর সকলেই "Poet" "Poet" বলিয়া ডাকিতেন। তথন হইতেই তিনি ছোট ছোট কবিতা লিখিতেন এবং জ্যোতিবাবুকে শুনাইতেন। একটু ফাঁক পাইলেই তিনি জ্যোতিবিক্রনাথকে দেখিতে আসিতেন। তাঁহার সঙ্গে দেখা হইলে জ্যোতিবাবুও আহার নিদ্রা ভুলিয়া যাইতেন।

শীতকালে এক একদিন রাত্রি ৩।৪ টার সময় আসিয়া, জ্যোতিবাবুকে
শব্যা হইতে উঠাইয়া লইয়া, অক্ষয়চন্দ্র প্রত্যুষভ্রমণে বহির্গত হইতেন।
তথনকার কালে শীতকালেই সকলে প্রাতভ্রমণ (morning walk)
করিত। বেশ করিয়া শীতবন্ধ চাপাইয়া ও গলায় কন্দর্টার (comforter)
জড়াইয়া, ৩।৪টা রাত্রে তাঁহারা ছইজনে বেড়াইতে বাহির হইতেন;

এবং বোড়দৌড়ের মাঠ প্রভৃতি ঘুরিয়া ফিরিয়া বেলা প্রায় দশটার সময়ে বাড়ী ফিরিতেন। একদিন ইংারা ফিরিতেছেন, কেশববাবু গাড়ী করিয়া বাইতেছিলেন, মুথ বাড়াইয়া বলিয়া উঠিলেন, "কিহে তোমাদের এখনও morning walk হচ্ছে নাকি?" এক একদিন Eden's Park-এ যখন পৌছিতেন, তখনও রাজি থাকিত। চৌকিদার হাঁক দিয়া (challenge করিয়া), বলিত—"হুকুম্—সদর" (who comes there?)।

জ্যোতিবাবু বলিলেন—"ধনী ও গরীব লোকেদের মধ্যে গ্রম কাপড়ের তথন তেমন বিশেষ কিছু তফাৎ ছিল বলিয়া মনে হয় না। অর পয়সার লোকেরা শীতকালে দোলাই ব্যবহার করিত। এখন যেমন সন্তা বিলাতী শাল প্রভৃতি পাওয়া যায়, তখন তাহা ছিল না। ধনীরা শীতকালে শাল দোশালা জামিয়ার রেজাই প্রভৃতি ব্যবহার করিত। এখন যেমন রেশ্মী চান্রের ফ্যাসান হইয়াছে (বোধ্হয় সন্তা বলিয়া) তখন তাহা ছিল না।"

পথে বাহির হইয়া কে কি করিতেন,—তাহার বর্ণনায় জ্যোতিবাবু বলিলেন,—"বাড়ী হইতে বাহির হইয়াই পথে আমরা নানার্রপ ছেলেমান্থবী বাক্যালাপ ও হাস্তকোতুক স্লক্ষ করিয়া দিতাম। তাহাতে পথের প্রান্তি আদৌ অন্তব করিতাম না। একদিন যাইতে যাইতে আমাদের এই এক থেলা হইল—যে, কে আগে কয়টা গ্যাস-লাইটের খুঁটি দেখিতে পায়। খুব ক্রত চলিতে চলিতে আমি বলিলাম, "ঐ একটা" অক্ষয় বলিল, "ঐ একটা"। এই রকম যার নজরে যত বেশী পড়িত, সেদিন তাহারই জিত হইত!

"ज्या कीरूकारल के morning walk करेड (१८९ भीरुकारल)

শে প্রচলিত হয় নি। সে চায়ের কি স্থান ! আমাদের
কি একজন বাঙ্গালী বৃদ্ধ লাঠিয়াল্ সদার ছিল। সকলের
প্রালায় যে চা-টুকু পড়িয়া থাকিত, তাহাই জমা করিয়া, চক্ষ্
থ্ব আরাম করিয়া সে প্রতিদিনই সেইটুকু থাইত। তথন বাহির
হিলুস্থানী দারোয়ান্ ও অন্দরে বাঙ্গালী সদার দিবারাত্র পাহারা
দিত। সদার রাত্রে ডাকাতি হাঁকের মত যথন হাঁক দিত, তথন
আমাদের ঘুম ভাঙ্গিয়া যাইত, এবং ভয়ে বুক ধড়াস্ ধড়াস্ করিয়া উঠিত।

"তথন জোড়াসাঁকোর বাড়ীতে হুইজন করিয়া ডাক্তার বাৎসরিক বেতনে নিযুক্ত থাকিতেন—একজন ইংরাজ ও একজন বাঙ্গালী। গুরুতর রোগ না হইলে সাহেব-ডাক্তারকে কখনও ডাকা হইত না। সাহেব-ডাক্তারের উপর তথন সকলেরই অসীম বিশ্বাস ছিল। সৌভাগ্য-ক্রমে এখন সে বিশ্বাস অনেকটা চলিয়া গিয়াছে। বাঙ্গালী বড় ডাক্তারের অধীনে একজন অল্লবেতনের হাতুড়ে ডাক্তারও থাকিতেন। তিনি 🗥 বাড়ীতে অষ্টপ্রহর হাজির থাকিতেন এবং বড় বড় ডাক্তারেরা যে সব ব্যবস্থা করিয়া যাইতেন, এই হাতুড়ে ডাক্তারটি সেই অমুসারে নিজের হাতে ঔষধপত্রাদি দিভেন এবং ঠিক ঠিক সময়ে সেবন করাইতেন। ইনি অনেকটা শুশ্রধাকারিণী নাদের মত। আমাদের আমলে পীতাম্বর নামে একজন বুদ্ধ এই শেষোক্ত সর্বাকনিষ্ঠ ডাক্তার ছিলেন। ছেলেরা তাঁহাকে খুব ভালবাসিত, তাঁহার নিকট সকলে গল শুনিত। তাঁহার বগলে নিয়তই কাপড়ে মোড়া থোপকাটা একটা টিনের বাকা থাকিত। তাহার থোপে থোপে নানা রকম রঙের মলম থাকিত। ছেলেদের ফেঁাড়া পাঁচ্ড়া হইলে এই সব মলম লাগান হইত। ছেলেদের ভুলাইবার জন্তই বোধ হয় তিনি এইরূপ নানা রঙ-বেরঙের মলম ব্লাখিতেন।"

বলা বাহুল্য, এগুলি স্বই জ্যোতিবাবুরই হাতের আঁকা। শিশুদের জ্যু বলিয়া সেগুলিতে চিত্রসম্পদের অভাব কিন্তু কিছুই নাই।

এইরপ অধ্যাপনার কিরপ স্থফল ফলিয়াছে, তাহারও একটু পরিচয়া দিতেছিঃ—

জ্যোতিবাবু বলিলেন "সেই 'দেশ দেশ' গানটা গাও ত ?" অমিকি স্বীর ও মঞু গুই ভাই-বোনে গাহিতে লাগিল :—

নিঙা বি'বিট।

দেশ দেশ ভাই আমাদের দেশ সক্তল দেশের আগে সে কোন্ দেশ, ভাই, আমাদের দেশ ॥

উত্তরেতে হিমালয়, দক্ষিণে সাগর পূবে দক্ষিণে ভাই পাহাড় মনোহর

—ভাই, পাহাড় মনোহর—

তার মধ্যে মায়ের অাচল, সোনা ঢালা বেশ, গাছ-গাছালি, ক্ষীরের নদী, সোনা ধানের ক্ষেত

—ভাই, আমাদের দেশ॥

ঝিকিমিকি সুর্য্যি উঠে, রেতে ফুটে ভারা, চাঁদের জ্যোছনা ভাই যেন ফটিক ধারা

—ভাই, যেন ফটিক ধারা।

এমন দেশ ভাই আছে কোথায়, এমন সোনার দেশ, মায়ের কোলে দেশের ছেলে আমরা আছি বেশ---

—ভাই, আমাদের দেশ॥



স্বর্গীয় ডাক্তার দ্বারিকানাথ গুপ্ত—(ডি. গুপ্ত)



সর্বাদাই তিনি সংস্কৃত কাব্যনাটকাদির আলোচনায় নিযুক্ত থাকিতেন এবং সর্বাদাই আপন মনে সংস্কৃত শ্লোক আওড়াইতেন। এই সময়ে তিনি ফরাসী ভাষাও শিক্ষা করিতেছিলেন—এবং তাহাতে তাঁহার বেশ ব্যুৎপত্তিও জন্মিয়াছিল।

হেমেক্রনার্থ ও শ্রীযুক্ত অমু গুহ সেই সময়কার নামজাদা পালোয়ান ছিলেন। হীরা সিং নামক একজন পাঞ্জাবী উভয়েরই ওস্তাদ ছিল। তলোয়ার গৎকা কুস্তি জিম্ন্যাষ্টিক্ প্রভৃতি সর্ব্বপ্রকার শারীরিক ব্যায়াম-ক্রিয়ার তিনি সিদ্ধহন্ত ছিলেন। তাঁহার গুরুভার মৃদ্যার অনেক হিন্দুস্থানী পালোয়ান্ও উঠাইতে পারিত না।

ছেলেবেলায় জ্যোতিরিন্দ্রনাথের পায়ে "কাউর ঘা" ছিল। কত ঔষধ দেওয়া হইয়াছিল, কিছুতেই সারে নাই। পরে চৌদ্দ বংসর বয়সে সে ঘা আপনিই সারিয়া যায়। অনেক. য়য়য় রোগ অপেক্ষা ঔষধই অধিকতর য়য়ণাদায়ক হইত। যে য়াহা বলিত, য়ায়ে তাহাই লায়ান' হইত। একদিন একজন হিন্দুয়ানী বৈপ্রের ব্যবস্থায়সারে এই য়ায়ে রাঞ্জি দিয়া, এক কড়াই গম্গমে আগুনের উপর পা ধরিয়া রাঞ্জা হইয়াছিল; সে কি য়য়ণা! এই অয়থা য়ক্তর্রাবে তিনি অত্যন্ত ক্ষীণ এবং ক্ষশ হইয়া পড়িয়াছিলেন। অনেক সময়ে য়াহার য়াহা নাই, সেই দিক্ষে তাহার মনের ঝোঁক হয়। বাল্যকালে তাঁহার শরীর অত্যন্ত ক্ষম ও ছর্মল ছিল বলিয়া বেশী বয়সে অয়ারোহণ শীকার প্রভৃতি পুরুষোচিত ব্যায়ামচর্চার দিকে যে তাঁহার মন গিয়াছিল, তিনি বলেন—অনেকটা এই কারণে।

বাঙ্গলা ও ইংরাজীতে বাড়ীতে এইরূপে প্রাথমিক শিক্ষা লাভ করিয়া তিনি স্বূলে ভর্তি হইলেন। ইহাতে আর কিছু হউক বা না হউক বলা বাহুল্য, এগুলি স্বই জ্যোতিবাবুরই হাতের আঁকা। শিশুদের জ্যু বলিয়া সেগুলিতে চিত্রসম্পদের অভাব কিন্তু কিছুই নাই।

এইরপ অধ্যাপনার কিরপ স্থফল ফলিয়াছে, তাহারও একটু পরিচয়া দিতেছিঃ—

জ্যোতিবাবু বলিলেন "সেই 'দেশ দেশ' গানটা গাও ত ?" অমিকি স্বীর ও মঞু গুই ভাই-বোনে গাহিতে লাগিল :—

নিঙা বি'বিট।

দেশ দেশ ভাই আমাদের দেশ সক্তল দেশের আগে সে কোন্ দেশ, ভাই, আমাদের দেশ ॥

উত্তরেতে হিমালয়, দক্ষিণে সাগর পূবে দক্ষিণে ভাই পাহাড় মনোহর

—ভাই, পাহাড় মনোহর—

তার মধ্যে মায়ের অাচল, সোনা ঢালা বেশ, গাছ-গাছালি, ক্ষীরের নদী, সোনা ধানের ক্ষেত

—ভাই, আমাদের দেশ॥

ঝিকিমিকি সুর্য্যি উঠে, রেতে ফুটে ভারা, চাঁদের জ্যোছনা ভাই যেন ফটিক ধারা

—ভাই, যেন ফটিক ধারা।

এমন দেশ ভাই আছে কোথায়, এমন সোনার দেশ, মায়ের কোলে দেশের ছেলে আমরা আছি বেশ---


—ভাই, আমাদের দেশ॥

জ্যোতিবাবু তথন হিন্দুফূলে পঞ্চম-শ্রেণীতে পড়িতেন। বয়দ প্রায় বার কি তেরা, যে রেখা-চিত্রকলার জন্ম বিলাতেও আজকাল জ্যোতিরিন্দ্রনাথ প্রশংসিত হইতেছেন তাহার বীজ অর্দ্ধশতান্দী পূর্কের সেই বালক জ্যোতিরিন্দ্রনাথেও পরিলক্ষিত হইয়াছিল। ক্লাসে বিসয়া তিনি একবার তাহাদের মাষ্টার জয়গোপাল শেঠের ছবি আঁকিয়াছিলেন। তাঁহার যে চিত্র অঙ্কিত হইতেছিল, এ ব্যাপার মাষ্টার মহাশয় কিছুই জানিতেন না। সে প্রতিকৃতি এমনই অন্তর্মপ হইয়াছিল যে মাষ্টারদের মধ্যেও তাহা লইয়া কিছুদিন যাবৎ একটা খুব হাসি তামাসা চলিয়াছিল।


পূর্বোক্ত ঘটনারও ছই এক বৎসর পূর্বে জ্যোতিবাৰু ভূঁঁ।হার জীবনে সর্ব্বপ্রথম চিত্রাঙ্কন করেন। ব্যারিষ্টার শ্রীযুক্ত সত্যেক্সসন্ন সিংহ (অধুনা লর্ড সিংহ) মহাশয়ের পিতৃব্য শ্রীযুক্ত প্রতাপুনারায়ণ সিংহ মহাশয় একবার জ্যোতিবাবুর মেজ্দাদাকে (স্ত্যেরনাথ) তাঁহার কর্মস্থান মণিরামপুরে নিমন্ত্রণ করেন। জ্যোতিবাবুও তাঁহার মেজ্দাদার সঙ্গে দেখানে গিয়াছিলেন। একদিন, কেন কে জানে, প্রতাপবাবুর ছবি আঁকিতে তাঁহার বড় ইচ্ছা হয়। ইহার পূর্বে তিনি আর কখনও কাহারও ছবি আঁকেন নাই, বা আঁকিতে চেষ্টাও করেন নাই। এই ছবিখানি এত স্থসদৃশ হইয়াছিল যে বালক জ্যোতিরিক্তনাথকে চিত্রাঙ্কনের জন্ত সকলেই মুক্তকণ্ঠে প্রশংসা করিয়াছিলেন। ইহাই তাঁহার প্রথম চিত্র —তথন হইতেই তিনি বুঝিতে পারিয়াছিলেনযে ছবি আঁকিবার ক্ষমতাও তাঁহার আছে। তাহার উপর, তাঁহার প্রথম চিত্র দেখিয়াই সকলে যথন প্রশংসা করিতে লাগিলেন, তথন তিনি মধ্যে মধ্যে বাড়ীর লোকদেরও চেহারা আঁকিয়া হাত পাকাইতে লাগিলেন। সে সকল চিত্র চোঁতা কাগজেই অন্ধিত হইত, দেওলিকে রক্ষা করার কথা তথন কাহারও মনে

রাথিয়া গিয়াছে মাত্র। কাযেই হিন্দু মুসলমানী এবং ইংরাজী এই তিন সভ্যতার উপাদান একতা হইয়াছে, আঘাত না করিয়া ভাব করিয়াছে, এবং যুদ্ধ না করিয়া সন্ধি করিয়াছে। এ সন্ধির ভাবটা এখন আমাদের সব কাযেই প্রকাশিত হইতেছে। যেমন হিন্দুমতে পূর্বে নামের আগে "শ্রীযুক্ত" লেখা হইত; মুদলমান-আমলে আদিলেন "বাবু"। যথন কোন ব্যক্তিকে যথেষ্টরূপ সন্মান দেখাইতে হইত, তথন তাঁহাকে লেথা হইত "শ্রীযুক্ত বাবু" তার পর ইংরাজী মতে আসিল "Mr." এবং "Esquire"। শেষোক্ত কারণে এখন Mr. বা Esqr.ই প্রযুক্ত হয়। হিন্দু "শ্রীযুক্ত" এবং মুসলমান "বাবু" বেশ একত্র মিলিয়া মিশিয়া ছিল; মিষ্টারও এমনি ভাবে মিশিয়া "শ্রীযুক্ত বাবু মিষ্টার অমুক চক্র অমুক এক্ষোয়ার" হইতে পারিত, কিন্তু ইংরাজেরা আসিয়াই "বাবু"কে অত্যন্ত অনাদর অবহেলা ও ঘুণা করিতে লাগিলেন, তাই "বাবু" অভিমানে এখন গা-ঢাকা দিয়াছেন; বাবু অন্তহিত হইলেও অস্থাস্থ বিষয়ে বেশ ত্রাহস্পর্শ ঘটিয়াছে। এখন ভাল ভোজ দিতে গেলে, হিন্দুমতে শাক্-শুক্তানী, মোগলাই মতে কালিয়া-পোলাও, এবং ইংরাজী মতে চপ্ কাট্লেট্এর আয়োজন করিতে হয়। পোষাকেও তাই---ধুতি, চাদর, চাপকান এবং মোজা ক'লার (Collar)। বর্ত্তমান বাঙ্গলা ভাষারও তাই---সংস্কৃত, বাংলা, ফার্মী, আর্বী এবং ইংরাজী সকলেই বাঙালীর ভাষায় কিছু না কিছু স্থান অধিকার করিয়া আছেন।"

এই সময়ে মহাকবি মাইকেল মধুস্দন দত্ত মহাশয় জ্যোতিবাবুদের জোড়াসাকোর বাড়ীতে যাতায়াত করিতেন। জ্যোতিবাবু মাইকেলের কথায় বলিলেন, "মাইকেল মধুস্দন দত্তমহাশয় তথন আমাদের বাড়ী প্রায়ই আসিতেন। আমার ভগিনীপতি শ্রীযুক্ত সারদাপ্রসাদ গঙ্গো-পাধ্যায়ের সঙ্গে তাঁহার বিশেষ আলাপ-পরিচয় ছিল। মধুস্দনকে আমার



কবিবর মাইকেল মধুস্দন দত্ত



বেশ স্পষ্টই মনে পড়ে। রঙ ময়লা, চুলগুলি ইংরাজী-ফ্রাদানে ছাঁটা বেশ কোঁকড়া-কোঁকড়া, মাঝখানে সীঁথি। চোথ ছু'টী বড় বড়, লোচন প্রতিভা-দীপ্ত, চেহারা দোহারা, মুখ্নী অপূর্ক লাবণ্য-সমুজ্জল। তাঁহার গলার আওয়াজ ছিল একটু ভাঙা'-ভাঙা'। আমার মনে পড়ে, একদিন তিনি "মেবনাদ্বধ" কাব্যের পাণ্ডুলিপি, তাঁহার সেই ভাঙ্গা-গলায় পড়িয়া সারদাবাবুকে ভনাইতেছিলেন। তথনও "মেঘনাদ্বধ" কাষ্য প্রকাশিত হয় নাই। তাঁহার কবিতাপাঠের কায়দাই ছিল এক স্বতন্ত্র। প্রত্যেক কথাটি স্পষ্ট স্পষ্ট করিয়া, থামিয়া থামিয়া এবং পৃথক পৃথক করিয়া, একটানে বলিয়া যাইতেন, যথা "সম্মুথ—সমরে—পড়ি—বীর — চূড়া—মণি—বীর—বাহ্য—চলি—যবে—গেলা—যম—পুরে—অকালে —কহহে—দেবি—" ইত্যাদি। যেমন কবি বা যেমন কাব্য, ভাঁহার কবিতার আর্ত্তি তেমন হইত না। সে আর্ত্তিতে কোন প্রকার ভাব-প্রকাশের চেষ্টা থাকিত না। তিনি অতিশয় সহদয়, আমুদে, এবং মজলিশি ব্যক্তি ছিলেন। গল করিয়া লোককে মুগ্ধ করিবারও ভাঁহার শক্তি অণ্ক্ এবং অসাধারণ ছিল।

"মাইকেল মধুস্দন দত্ত মহাশয় কিরূপ সহৃদয় ব্যক্তি ছিলেন তাহার একটা ঘটনা বলিতেছি। বৈকুণ্ঠনাথ দত্ত নামে আমাদের একজন পরিচিত এবং অনুগত লোক ছিলেন। তিনি সর্কান্য তাঁহার টাকে হাত বুলাইতেন এবং বাবসা সম্বন্ধীয় নানাবিধ মংলব আঁটিতেন। কিন্তু কোন ব্যবসায়েই তিনি লাভবান্ হইতে পারেন নাই। যে কার্যেই তিনি হস্ত-ক্ষেপ করিয়াছেন তাহাতেই ক্ষতিগ্রস্ত হইয়াছেন। কিন্তু এ দিকে তিনি একজন প্রকৃত কাব্যরসিক এবং রসজ্ঞ ব্যক্তি ছিলেন। মাইকেলের নিকট হইতে "ব্রজাঙ্গনা" কাব্যের পাণ্ডুলিপি লইয়া পড়িয়া অবধি, তিনি মাইকেলের অতিশয় অনুরক্ত ইইয়া পড়েন; "ব্রজাঙ্গনা" পড়িয়া

জ্যোতিরিন্দ্রনাথ

তিনি মুগ্ধ হইয়া গিয়াছিলেন। মাইকেল তাহাই জানিতে পারিয়া— "ব্রজাঙ্গনা"র সমস্ত স্বত্ব (copy right) সেই পাণ্ডুলিপি অবস্থাতেই বৈকুণ্ঠবাবুকে দান করেন। বৈকুণ্ঠবাবু নিজব্যয়ে কাব্যথানি প্রথম প্রকাশ করেন।"



৺গুণেক্রনাথ ঠাকুর



ছেলেখেলা, নাটক-রচনা ও অভিনয়

জ্যোতিরিন্দ্রনাথের শৈশবসঙ্গী আর একজন ছিলেন, তিনি ৺গুণেক্রনাথ ঠাকুর। গুণেন্দ্রনাথের সম্বন্ধে জ্যোতিবাবু বলিলেন যে—"গুণুদাদা ও আমি প্রায়ই একবয়সী। আমরা ছেলেবেলায় বরাবর একত্রে থাকিতাম, একসঙ্গে থেলাধূলা এবং একসঙ্গে পাঠাভ্যাসও করিতাম। তিনি অত্যস্ত প্রত্বঃথকাত্র, স্নেহশীল এবং উদারহৃদয় লোক ছিলেন। আমরা তুইজনে থেন হরিহর-আত্মা ছিলাম। এক হাতার মধ্যে আমাদের ছই বাড়ী। "এ-বাড়ী" আর "ও-বাড়ী"। তিনি রোজ সকালে আমাদের বাড়ী আসি-তেন। আরও তুই চারি জন সঙ্গী জুটাইয়া লইয়া, আমাদের বাড়ীর বারাওায় আমরা সারাদিনই প্রায় আডো বসাইতাম। গুণুদাদা বড় বড় কল্পনায় বড় আমোদ পাইতেন। কত রকম কল্পনা যে আমাদের মাথায় আসিত, তাহার আর ইয়তা নাই; কিন্ত অধিকাংশ গলেই উবিয়া যাইত, কাঘে কিছুই পরিণত হইত না। তবুও ওরই মধ্যে আমি একটু কেযো' ছিলাম, কল্পনাকে জুড়াইতে না দিয়া, তৎক্ষণাৎ তাহাকে কার্য্যে পরিণত করিবার জন্ম উঠিয়া পড়িয়া লাগিয়া যাইতাম। তা' সে ছেলেমানুষীই হউক্ আর ঘাই হউক। গুণুদাদার তিন পুত্র — গগনেক্র, সমরেক্র ও অবনীক্রনংথ।

"একদিন কথা হইল, আমাদের ভিতর Extravaganza নাট্য নাই। আমি তথনই Extravaganza প্রস্তুত করিবার ভার লইলাম। পুরাতন "সংবাদ-প্রভাকর" হইতে কতকগুলি মঙ্গার-মঙ্গার কবিতা জোড়াতাড়া কিয়া কেইটা "ক্ষেত্রটাই" প্রাত্তি কবিয়া কার্যক্ষেত্র হব ব্যাইয়া ও-রাজীব

বৈঠকথানায় মহাউৎসাহের সহিত তাহার মহলা আরম্ভ করিয়া দিলাম। তাহাতে একটা গান ছিল,—

> "ও কথা আর ব'লোনা, আর ব'লোনা, বল্ছো বঁধু কিসের ঝোঁকে— ও বড় হাসির কথা, হাসির কথা,

> > হাসবে লোকে, হাস্বে লোকে — হাঃ হাঃ হাঃ হাস্বে লোকে !—"

হাঃ হাঃ হাঃ—এই জায়গাটাতে স্থর হাসির অন্তকরণে রচনা করিয়া দিয়াছিলাম। বৈঠকথানায় ঐরপ "হাঃ হাঃ হাঃ" স্থরে অধিকাংশ সময়ে
অট্রাস্থ হইত আর ধ্পধাপ্ শব্দে প্রচণ্ড তাণ্ডব নৃত্য চলিত।
শীমান্ রবীক্রনাথ তাঁহার স্থৃতিকথায় এই "অদ্ভুতনাট্য" বড় দাদার নামে
আরোপ করিয়াছেন; কিন্তু বড়দাদা (শীযুক্ত হিজেক্রনাথ ঠাকুর) এই
শান্তিহানির বিষয়ে সম্পূর্ণ নিরপরাধ।

"একদিন আমাদের বারাণ্ডার আড্ডায় কথা উঠিল—দেকালে কেমন "বসন্ত-উৎসব" হইত। আমি বলিলাম—'এসোনা, আমরাও একদিন সেকেলে ধরণে বসন্ত-উৎসব করি।' অমনি গুণুদাদার কল্পনা উত্তেজিত হইয়া উঠিল। একদিন এক বসন্ত-সন্ধ্যায় সমন্ত উল্লান বিবিধ রঙীন্ আলোকে আলোকিত হইয়ানন্দনকাননে পরিণত হইয়া উঠিল। পিচ্কারী আবীর কৃত্ব্য প্রভৃতি প্রয়োজনীয় সমন্ত সরঞ্জাম উপস্থিত হইয়া গেল। খুব আবীরথেলা হইতে লাগিল। তারপর গান বাজনা আমোদ প্রমোদও কিছুমাত্র বাদ গেল না। ইহাতে অনেকগুলি টাকাও ধরচ হইয়া গেল।

"with a self-control of the control of the control

গুণুদাদার খুব ভাল লাগিল। এ প্রস্তাবটি তিনি আস্তরিক অনুমোদন করিলেন। আমি বলিলাম—এথনি ইহার উত্যোগ আরম্ভ করিয়া দেওয়া যাউক্। দেশী masonic দলের কিরূপ পরিচ্ছদ হইবে, প্রথমে ইহাই হইল আমাদের প্রধান সমস্থা। যাহা হউক, অনেক প্রকার যুক্তিতর্ক বাদ প্রতিবাদ করিয়া একটা পোষাক স্থির হইল। দর্জী আদিল, কিরূপ কাপড় ব্যবহৃত হইবে, তথনই তাহার পরামর্শ বিদিয়া গেল।

"ও-বাড়ীর সংলগ্ন একট। ছোট বাড়ী আমাদের নূতন কেনা হইয়া-ছিল, সেই বাড়ীতে Free mason-এর আড়ো বদিল। Free mason সম্বন্ধে আমাদের স্পষ্ট ধারণা কিছুই ছিল না। এ সভায় আমাদের যে কি অনুষ্ঠান করিতে হইবে, তাহারও কিছুই স্থির নাই। এই মাত্র জানিতাম থে, আমাদের যাহা কিছু করিতে হইবে সমস্তই গোপনে করিতে হইবে। একটা "প্রতিজ্ঞা-পত্র" লিপিবদ্ধ হইল। তাহার মর্ম্ম কতকটা এইরূপ ঃ— এখানে আমরা যাহা শুনিব, যাহা দেখিব বা যাহা করিব, তাহার বিন্দুমাত্রও বাহিরে কাহারও নিকটে প্রকাশ করিব না---প্রাণান্তেও না। সে থেন হইল, কিন্তু ঘরের পরিচারক ভূত্য বুদ্ধু বেহারার সম্বন্ধে কি করা যাইবে ? স্থির হইল, আমাদের অন্তত্তম mason ভাতা অক্ষয়বাবু (প্রসিদ্ধ "কমিক" অভিনেতা শ্রীযুক্ত অক্ষরকুমার মজুমদার)—হিন্দিভাষায় বুদ্ধুকে এই প্রতিজ্ঞার মর্ম্ম বুঝাইয়া দিবেন। তিনি অমনি বুদ্ধুকে বুঝাইতে লাগিলেন—"দেখো বুদ্ধু, হিঁয়া তোম্ যো কুছু দেখো গে, কভি কিসিকো নেই বোল্না ——আছো ?" ইত্যাদি। বুদ্ধু একথা শুনিয়া, কিয়ৎক্ষণ অবাক্ হইয়া দাঁড়াইয়া রহিল, পরে বলিয়া উঠিল—"হম্কেন বল্বে মশাই ?" সংক্ষেপে এই কয়টি কথা বলিয়াই সে ঘরের ঝাড়পোঁচ কার্য্যে পুনঃপ্রবৃত্ত হইল।

ফ্রিমেশানি পালার এইথানেই ইতি হইল। সৌভাগ্য ক্রমে আর বেশীদূর অগ্রসর হয় নাই।"

এইথানে জ্যোতিবাবু, গুণেক্রনাথের দয়া ও আশ্রিত-বাংসল্যের একটা গল্প বলিলেন। "আমাদের একজন দ্রদম্পর্কীয় আত্মীয় ঋণগ্রস্ত হইয়া গুণুদাদার বাড়ীতে আশ্রন্ধ-গ্রহণ করেন। তিনি সেইথানেই অবস্থিতি করিতেন। পাওনাদার জাঁহার উপর ওয়ারেণ্ট জারী করিবার স্থাগে পাইত না। জনৈক গৃহশক্র বিশ্বাস্থাতকতা করিয়া দ্বিপ্রহর রাত্রে তাঁহাকে ধরাইয়া দেয়। গুণুদাদা হাঁপাইতে হাঁপাইতে আমাদের এ-বাড়ীতে আদিয়া আমাকে জাগাইলেন এবং এই বিপদের কথা জানাইলেন। ব্যাঙ্ক বন্ধ—এত রাত্রে—অত টাকা কোথায় পাওয়া ঘাইবে ? আমার তথন হাটথোলায় পাটের আড়ং ছিল—লোক পাঠাইয়া সেথান হইতে তথনি টাকা আনাইলাম—তিনি দেই টাকায় ঋণ-পরিশোধ করিয়া, তৎক্ষণাৎ ঐ বিপন্ন ব্যক্তিকে উদ্ধার করিলেন।"

মধ্যে একবার জোড়াসাঁকো-বাড়ীর আগাগোড়া মেরামং ও জীর্ণসংস্কার করিবার প্রয়োজন হয়। সেই উপলক্ষ্যে নৈনানে শ্রীযুক্ত মতিলাল
শীল মহাশরের বাগান বাড়ীটি ভাড়া লইয়া, বাড়ীগুদ্ধ সকলে কিছুদিন
সেথানে বাস করিতেছিলেন। বাড়ীটি খুব বড়, দোতালা, বাড়ীর হাতাও
ছিল থুব বিস্তৃত। হাতার মধ্যেই থানিক দূরে রাল্লা-বাড়ী। রাল্লা-বাড়ীটি বড়
বড় গাছে ঘেরা, তাহার সামনে ঘাট-বাঁধান একটা পুদ্ধরিণী। চাকরেরা
রাত্রি ১১টা ১২টার সময় রাল্লাঘরের সম্মুথ দিয়া যদি যায় তো,অমনি মূর্চ্ছিত
হইয়া পড়ে। শেষে এমন হইল যে, একদিন একটা চাকর, অত্যধিক
ভয়ে মরিগাই গেল। কিন্তু নামে একজন বৃদ্ধ হর্করা ছিল। জ্যোতি
বাবু কিন্তুকে ডাকিয়া ব্যাপার কি জিজ্ঞাদা করায় সে উত্তর দিল—
"দাওয়ানজীর (মহাআ রাজা রামমোহন রায়) মত চেহারা, মাথায় তাঁরই

্মধ্যে মধ্যে জ্যোতিবাবুর এই নির্জন শৈলাবাদে সত্যেক্রনাথও আসিয়া বাস করিয়া থাকেন। কিন্তু অধিকাংশ সময়ই তাঁহার সঙ্গীর মধ্যে ছইটি জীব। এক "গঞ্জু" কুকুর, অপর "রূপী" বানরী। রূপীকে আগে দেখি নাই, এইবার দেখিলাম। তাহার হৃদর মাতৃক্ষেহে পরিপূর্ণ। রূপীর কোলে একটি ছোট কুকুরের বাচ্ছা। একদণ্ডও সে বাক্ডাটিকে ছাড়িয়া দেয় না। বাচ্ছাটি মাতৃহীন, রূপীও বন্ধা। কুকুর-বাচ্ছাটি রূপীর স্তনপান করে, এবং দিন-রাত্রি তাহার নিকটেই থাকে। কেহ বাচ্চাটিকে লইতে গেলে রূপী একবারে সিংহীর মত তাহাকে আক্রমণ করিতে আসে। বাচহাটি রূপীর বক্ষঃস্থল আঁচড়াইয়া কামড়াইয়া ক্ষভ-বিক্ষত করিয়া দিয়াছে, তবুও দে তাহাকে বুকে চাপিয়া ধরিয়া রাখে। রূপী যথন থায়, তথনও বাচ্ছাটিকে এক হাতে ধরিয়া থাকে, পাছে সে পলাইয়া যায়। এই বাচছাটি আজ কয়েক দিন হইল কোথায় চলিয়া গিয়াছে, রূপী দিন হুই প্রায় অভুক্ত ছিল। কেহ যদি "আয় আয়" বলিয়া চুম্কারি দিত, অমনি দে তড়িতাহতের স্থায় উচ্চকিত হইয়া ব্যাকুল নেত্রে চারিদিক খুঁজিত, ভাবিত বুঝি সে ফিরিয়াছে। হায়রে মাতৃত্বেহ। আগে জানিতাম কুকুরে ও বানরে কখনই বনে না। কিন্তু মাতৃক্ষেহের নিকট আজ সে জাতিগত পাৰ্থক্য কোথায় ? শান্তিধামে স্বই শান্ত, স্বই পবিত্ৰ 🖠


শান্তিধামের দর্শকসংখ্যাও বড় কম নয়! প্রত্যন্ত সকাল ৭টা হইতে বেলা ১০টা ও অপরাত্নে ৪টা হইতে সন্ধ্যা পর্যান্ত দর্শকের বিষম ভিড়। সকলের জন্মই দার অবারিত। বাড়ী ঘর সারাদিনই খোলা পড়িয়া আছে, ফটকও দিবারাত্র অরুদ্ধ, যে-কেহ আসিয়া সব পরিদর্শন করিয়া যাইতে পারে, কাহাকেও কাহারও অনুমতির অপেকা করিতে গোল মিটে যায়। যেমন মনে কর—"তুমি কি বল্চ?" এই বাক্যে বোঁকের বা অর্থের ভিন্নতা অনুসারে "তুমি কি বল্চ?" বা "তুমি কি-বল্চ?"—এইরূপ লেখা যাইতে পারে। প্রথম স্থলে, "তুমির" উপর ঝোঁক, দ্বিতীয় স্থলে "কি-র" উপর ঝোঁক।

"মত" শব্দের অর্থ যেখানে "সদৃশ"—সেথানেও আবিশ্রক হইলে এইরূপ হাইফেন প্রয়োগে অর্থ স্পত্তি করা যাইতে পারে। যথা "তোমার-মত লোক নাই!"


"যাই হোক্, কোন বিশেষ চিক্তপ্রােগে যদি ভাষার অস্পষ্টতা দূর হয়, তবে তাহাই করা কর্ত্রা।" এই প্রদঙ্গে তিনি আরও বলিলেন যে, আরবী ও ফার্ণী ভাষাও এই হিসাবে অসম্পূর্ণ। কেন না, তাহাতে এক বানানের অনেকরূপ পাঠ হয়, কায়েই অর্থ না বৃরিয়া পড়া যায় না। এ সমস্ত যে ভাষার অভাব তাহাতে আর সন্দেহ নাই। "আমাদের ভাষায় V উচ্চারণের মত বর্ণ নাই, এইজ্যু আমি V লিখতে "ভ" না লিখে মারাঠী নিয়মে "হব" লিখি।" দৃষ্টাস্তম্বরূপ বলিলেন, "আহ্বানে" হব" অনেকটা Vর মত, এই জন্য Venus লিখিতে তিনি "ভিনাস না লিখিয়া "হিবনাস" লেখেন।

যোগেশবাবুর যুক্তাক্ষরনির্কাসনসজ্জা দেখিয়া তিনি দৃঢ়তার সহিত বলিলেন, "এ কেবল শক্তির অপব্যবহার ও পণ্ডশ্রম মাত্র। তাঁহার প্রণালী সাধারণে গৃহীত হইবার পক্ষে কোন সম্ভাবনাই দেখা যায় না।"

তাহার পর আমাদিগকে লইয়া তিনি ছাদের উপর গিয়া বিজয় বাবুর (মজুমদার) কথা পাড়িলেন। বিজয় বাবুর অনেক প্রশংসা করিয়া বলিলেন, "বিজয় বাবুর চমৎকার ছন্দজ্ঞান। তিনি যে একজন গ্রন্থকীট তাহা তাঁহার লেখা পড়িলেই বুঝা যায়।" বিজয়বাবুর বিষয়



৺ননোনোহন ঘোষ—(পঠদ্ৰশায়)



সংবাদপতা বাহির করেন। মনোমোহনই তাহার প্রথম সম্পাদক হয়েন।
তথন হইতেই তিনি চমৎকার ইংরাজি লিখিতে পারিতেন। এই
সময়ে Captain Palmer নামক একজন স্থলেথক ইংরাজ জুটিয়া
গিয়াছিল। তাঁহাকে পারিশ্রমিক দিয়া ইপ্তিয়ান মিরারে লেখান হইত।
তিনিই সমস্ত লেখা সংশোধন করিয়া দিতেন। দোবের মধ্যে
লোকটি বড় মাতাল ছিলেন। যাহা কিছু পাইতেন, সমস্তই মদে
উড়াইয়া দিতেন। আমার বেশ মনে আছে, পামার সাহেব একদিন
মদের পয়সা সংগ্রহ করিবার জন্ম খুব অল্প দামে, মাথায় দূর্বীণ্ বসানো
একগাছি ভাল ছড়ি সেজদাদাকে বিক্রম্ম করিয়া ছিলেন।"

পাঠ-শেষ

নানা স্ব-পরিবর্ত্তন করিয়া, শেষে হিন্দুস্ব হইতে জ্যোতিবাকু কেশববাবুর স্থাপিত "কলিকাতা কলেজে" ভর্ত্তি হয়েন। কেশব-বাবুর ইচ্ছা ছিল এই বিভালয়টিকে তিনি কলেজে পরিণত করিবেন, তাই পূর্ব হইতেই 'Calcutta College নাম রাথিয়াছিলেন, কিন্তু তাঁহার সে সাধ পূর্ণ হয় নাই। যাহাই হউক্, এ স্কুলে তথনকার সব ক্তবিশ্ব মনীধীরা অবৈতনিকভাবে শিক্ষকতা করিতেন। আচার্য্য কেশবচন্দ্র, প্রতাপ মজুমদার, উকীল ভৈরব বন্দ্যোপাধ্যায় (উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় W. C. Bonnerjee মহাশয়ের পিতৃব্য), স্তারকনাথ পালিত প্রভৃতি অনেকেই এই স্কুলে শিক্ষকতা করি-তেন। কেশববাবু কেবল নীতি উপদেশ দিতেন। বোর্ডে নানা-রূপ চিত্র বৃত্ত ও শাখা প্রশাখা সম্মিত বৃক্ষ আঁকিয়া ঈশ্বরের প্রতি, মান্নুষের প্রতি, আপনার প্রতি, মানুষের নানাপ্রকার কর্ত্তব্যবিভাগ বুঝাইয়া দিতেন; আর নৈতিক উৎকর্ষসাধনের জন্ম নানা-বিধ বক্তাও দিতেন। তাঁহার সচিত্র উপদেশ ছাত্রদিগের খুবই হৃদয়গ্রাহী হইত।

্ক্লাস বসিবার আগে, সমস্ত ছাত্রেরা একটি ঘরে সমবেত হইত। যে শিক্ষক আগে আসিতেন, তিনি ছাত্রদিগকে বাইবেল-উক্ত Lord's Prayerটি বলাইতেনঃ—

Our father, which art in Heaven

Thy kingdom come. Thy will be done in earth, as it is in Heaven.

Give us this day our daily bread.

And forgive us our debts, as we forgive our debtors.

And lead us not into temptation, but deliver us from evil; for Thine is the kingdom, and the power, and the glory, for ever.

Amen.

বঙ্গান্থবাদ—হে আমাদের স্বর্গন্থ পিতঃ, তোমার নাম পবিত্র বলিয়া কীর্ত্তিত হউক। তোমার ইচ্ছা স্বর্গে বেমন, পৃথিবীতেও তেমনি পূর্ণ হউক। আমাদিগকে আজ আমাদের প্রয়োজনীয় থাল্ড দাও। আর, আমরা যেমন আপন আপন অপরাধী-দিগকে ক্ষমা করিয়াছি, তেমনি তুমিও আমাদের সকল অপরাধ ক্ষমা কর। আর আমাদিগকে প্রলোভনের দিকে লইয়া যাইও না, আমাদিগকে মন্দ হইতে রক্ষা কর। যেহেতু রাজ্যা, শক্তি, এবং মহিমা নিত্যকাল তোমারই। আমেন্।

জ্যোতিবাবু বলিলেন, 'আশ্চর্য্যের বিষয় 'ওঁ পিতা নোহদি' মন্ত্রটির* সহিত এই Lord's Prayerএর একটু মিল আছে; কিন্তু আমাদের

বঙ্গান্তবাদ—তুমি আমাদের পিতা, পিতার ক্সায় আমাদিগকে জানশিক্ষা দাও, ভোষাকে ন্যস্কার। আমাকে সোহগাল স্থ

^{* &}quot;ওঁ পিতা নোহসি, পিতা নো বোধি, নমস্তেইস্তঃ। মা মা হিংসীঃ। বিশ্বানি দেব স্বিত্ত বিতানি প্রাস্ব। যন্তদ্রং তল্ল আস্ব। ন্যঃ সম্ভবায় চ ময়ো ভবায় চন্মঃ শক্ষরায় চন্ময়স্করায় চন্মঃ শিবায় চ শিব্তরায় চ।"

বেশ স্পষ্টই মনে পড়ে। রঙ ময়লা, চুলগুলি ইংরাজী-ফ্রাদানে ছাঁটা বেশ কোঁকড়া-কোঁকড়া, মাঝখানে সীঁথি। চোথ ছু'টী বড় বড়, লোচন প্রতিভা-দীপ্ত, চেহারা দোহারা, মুখ্নী অপূর্ক লাবণ্য-সমুজ্জল। তাঁহার গলার আওয়াজ ছিল একটু ভাঙা'-ভাঙা'। আমার মনে পড়ে, একদিন তিনি "মেবনাদ্বধ" কাব্যের পাণ্ডুলিপি, তাঁহার সেই ভাঙ্গা-গলায় পড়িয়া সারদাবাবুকে ভনাইতেছিলেন। তথনও "মেঘনাদ্বধ" কাষ্য প্রকাশিত হয় নাই। তাঁহার কবিতাপাঠের কায়দাই ছিল এক স্বতন্ত্র। প্রত্যেক কথাটি স্পষ্ট স্পষ্ট করিয়া, থামিয়া থামিয়া এবং পৃথক পৃথক করিয়া, একটানে বলিয়া যাইতেন, যথা "সম্মুথ—সমরে—পড়ি—বীর — চূড়া—মণি—বীর—বাহ্য—চলি—যবে—গেলা—যম—পুরে—অকালে —কহহে—দেবি—" ইত্যাদি। যেমন কবি বা যেমন কাব্য, ভাঁহার কবিতার আর্ত্তি তেমন হইত না। সে আর্ত্তিতে কোন প্রকার ভাব-প্রকাশের চেষ্টা থাকিত না। তিনি অতিশয় সহদয়, আমুদে, এবং মজলিশি ব্যক্তি ছিলেন। গল করিয়া লোককে মুগ্ধ করিবারও ভাঁহার শক্তি অণ্ক্ এবং অসাধারণ ছিল।

"মাইকেল মধুস্দন দত্ত মহাশয় কিরূপ সহৃদয় ব্যক্তি ছিলেন তাহার একটা ঘটনা বলিতেছি। বৈকুণ্ঠনাথ দত্ত নামে আমাদের একজন পরিচিত এবং অনুগত লোক ছিলেন। তিনি সর্কান্য তাঁহার টাকে হাত বুলাইতেন এবং বাবসা সম্বন্ধীয় নানাবিধ মংলব আঁটিতেন। কিন্তু কোন ব্যবসায়েই তিনি লাভবান্ হইতে পারেন নাই। যে কার্যেই তিনি হস্ত-ক্ষেপ করিয়াছেন তাহাতেই ক্ষতিগ্রস্ত হইয়াছেন। কিন্তু এ দিকে তিনি একজন প্রকৃত কাব্যরসিক এবং রসজ্ঞ ব্যক্তি ছিলেন। মাইকেলের নিকট হইতে "ব্রজাঙ্গনা" কাব্যের পাণ্ডুলিপি লইয়া পড়িয়া অবধি, তিনি মাইকেলের অতিশয় অনুরক্ত ইইয়া পড়েন; "ব্রজাঙ্গনা" পড়িয়া

একদিন তিনি বেড়াইতে বাহির হইয়াছেন, পথিমধ্যে তাঁহার একজন বন্ধু তাঁহাকে জানাইল, যে তিনি পাশ হইয়াছেন। তিনি তো শুনিয়া অবাক্, বিশাস্ট করিলেন না। কিন্তু শেষে জানিলেন বে, সত্য সতাই তিনি প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

এন্ট্রান্স পরীক্ষায় পাশ হওয়ার পর, জ্যোতিরিস্ত্রনাথ প্রেসিডেন্সি কলেজে ভর্ত্তি হইলেন। জ্যোতিবাবু প্রথমবার্ষিক শ্রেণীর A. Sectionএ পড়িতেন,B. Sectionএ তথন পড়িতেন, বিহারীলাল গুপ্ত এবং রুমেশচন্ত্র দত্ত মহাশ্রেরা। Rees সাহেব গণিতের অধ্যাপক ছিলেন। তিনি চাট্গাঁয়ের ফিরিঙ্গি, সেই জন্ম তাঁহার ইংরাজিতেও পূর্ববঙ্গের টান চিলঃ বাস্তবিক তিনি গণিতে বিশেষ পারদর্শী ছিলেন, কিন্তু তাঁহার গর্কটা ছিল ভতোধিক। কোনও একটা হুরহ গণিত-সমস্থার সমাধান করিয়াই তিনি বলিতেন, এরূপ ভাবে সমাধান আর কেহই করিতে পারিবে না-এমন কি "The man of upstairs" অর্থাৎ উপবিওয়ালা Sutcliff সাহেবও পারিবেন না। তিনি কাহাকেও বড় প্রশংসা করিতেন না—কেবল একবার জ্যোতিবাবুর বড়দাদার (দিজেন্দ্রনাথ ঠাকুরের) বুদ্ধির প্রশংসা করিয়াছিলেন। সে তাঁহার ভাগাই বলিতে হইবে। দিজেলবাবু সেই সময়ে নৃতন প্রণালীতে একথানি জ্যামিতি ছাপাইয়াছিলেন। ছাত্রেরা মজা দেখিবার জন্ম তাঁহার হস্তে সেই বই একখণ্ড দিল—তিনি খানিকটা পড়িয়া বলিলেন, "This man has brains".

তিনি মদে চুর হইয়া ক্লাসে পড়াইতে আসিতেন। তাঁহার মুথের কাছে অনবরত মাছি ভন্ভন্ করিত, আর তিনি ক্রমাগত হাত দিয়া তাড়াইতেন। তিনি পূর্কাঞ্চলের ছাত্র দেখিলেই, তাহাকে নাকাল করিয়া ছাড়িতেন, কিন্তু সহুরে ছাত্রকে বড় কিছু বলিতেন না। গোল মিটে যায়। যেমন মনে কর—"তুমি কি বল্চ?" এই বাক্যে ঝোঁকের বা অর্থের ভিন্নতা অনুসারে "তুমি কি বল্চ?" বা "তুমি কি-বল্চ?"—এইরূপ লেখা যাইতে পারে। প্রথম স্থলে, "তুমির" উপর ঝোঁক, দ্বিতীয় স্থলে "কি-ব্ল উপর ঝোঁক।

"মত" শব্দের অর্থ যেখানে "সদৃশ"—সেথানেও আবিশ্রক হইলে এইরূপ হাইফেন প্রয়োগে অর্থ স্পত্তি করা যাইতে পারে। যথা "তোমার-মত লোক নাই!"


"যাই হোক্, কোন বিশেষ চিক্তপ্রােগে যদি ভাষার অস্পষ্টতা দূর হয়, তবে তাহাই করা কর্ত্রা।" এই প্রদঙ্গে তিনি আরও বলিলেন যে, আরবী ও ফার্ণী ভাষাও এই হিসাবে অসম্পূর্ণ। কেন না, তাহাতে এক বানানের অনেকরূপ পাঠ হয়, কায়েই অর্থ না বৃরিয়া পড়া যায় না। এ সমস্ত যে ভাষার অভাব তাহাতে আর সন্দেহ নাই। "আমাদের ভাষায় V উচ্চারণের মত বর্ণ নাই, এইজ্যু আমি V লিখতে "ভ" না লিখে মারাঠী নিয়মে "হব" লিখি।" দৃষ্টাস্তম্বরূপ বলিলেন, "আহ্বানে" হব" অনেকটা Vর মত, এই জন্য Venus লিখিতে তিনি "ভিনাস না লিখিয়া "হিবনাস" লেখেন।

যোগেশবাবুর যুক্তাক্ষরনির্কাসনসজ্জা দেখিয়া তিনি দৃঢ়তার সহিত বলিলেন, "এ কেবল শক্তির অপব্যবহার ও পণ্ডশ্রম মাত্র। তাঁহার প্রণালী সাধারণে গৃহীত হইবার পক্ষে কোন সম্ভাবনাই দেখা যায় না।"

তাহার পর আমাদিগকে লইয়া তিনি ছাদের উপর গিয়া বিজয় বাবুর (মজুমদার) কথা পাড়িলেন। বিজয় বাবুর অনেক প্রশংসা করিয়া বলিলেন, "বিজয় বাবুর চমৎকার ছন্দজ্ঞান। তিনি যে একজন গ্রন্থকীট তাহা তাঁহার লেখা পড়িলেই বুঝা যায়।" বিজয়বাবুর বিষয়



ভ্ননোমোহন ঘোষ—ব্যারিষ্টার



বিসিত, সেথানে গান বাজনা গলগুজব খুব পুরাপুরিই চলিত। First Year এমনি করিয়া গান বাজনা প্রভৃতিতে দেখিতে দেখিতে কাটিয়া গেল। Second Yearও প্রায় যায়-যায়। পরীক্ষার সময় যথন খুব নিকটবর্ত্তী হইয়া আসিল, তথন তিনি খুব মনোযোগ দিয়া পড়া আরম্ভ করিয়া দিলেন।

এই সময়ে শ্রীযুক্ত সত্যেক্তনাথ ঠাকুর মহাশয় সিভিলিয়ান হইয়া এবং শ্রীযুক্ত মনোমোহন ঘোষ মহাশয় ব্যারিষ্টারী পাশ করিয়া আসিয়া, কাশীপুর বাগানবাড়ীতে অবস্থান করিতেছিলেন। জ্যোতিরিন্দ্রনাথও আসিয়া, এই থানে ইংহাদের সহিত মিলিত হইলেন। পরীক্ষা দিবার ইচ্ছা ক্রমশঃ তাঁহার শিথিল হইয়া আসিতে লাগিল। পরীক্ষার পড়া ছাড়িয়া, তিনি মিষ্টার ঘোষের নিকট ফরাদী ভাষা শিক্ষা আরম্ভ করিয়া দিলেন। যাঁহার অক্লান্ত লেখনী বাৰ্দ্ধক্য-জরার বজ্জুমুষ্টিকৈ অবহেলা করিয়া, আজিও ফরাসী ভাষা হইতে নিত্য নুতন অমূল্যরত্বরাজি আনিয়া বঙ্গভারতীর সাহিত্য-মঞ্ষা পরিপূর্ণ করিতেছে, সেই ফরাসী ভাষায় জ্যোতিরিন্দ্রনাথের প্রথম শিক্ষা-রম্ভ হইল, এই কাশীপুর উত্তানবাটিকায়। মনোমোহন ঘোষ মহাশয় প্রথমেই ভণ্টেয়ার ক্বত "দীজার" (Cæsar) নাটক তাঁহাকে পড়াইতে আরম্ভ করিলেন। তিনি বলিলেন, তাহার প্রথম চরণের একটু অংশ এখনও তাঁহার কর্ণে যেন অহরহ ধ্বনিত হইতেছেঃ—

"Cæsar tu vas regnier"—সীজার তু ভা রেঙিয়ে; অর্থাৎ —সীজার তুমি রাজত্ব করিতে যাইতেছ—ইত্যাদি।

এইথানে অবস্থানকালে, অবকাশ সময়ে জ্যোতিবাবু তাঁহার মেজ-বৌ-ঠাকুরাণীর নিকট বোম্বায়ের অনেক গল্প শুনিতেন। বোম্বায়ের গল সমুদ্র ও দুখ্যাবলীর কথা শুনিতে শুনিতে, বোম্বায়ের প্রতি তিনি ক্রমশঃ

সংকল্প করিলেন। পরীক্ষা দিবেন না, কাষেই ফীও দাখিল করা হইল না। বোশ্বাই যাত্রার সমস্ত ঠিক হইয়া গেল। ইতিমধ্যে পালিত মহা-শায় (স্থার টি পালিত) তথায় গিয়া উপস্থিত। তিনি তথন বিভাগাগর মহাশয়ের ধরণে থান্ধৃতি পরিতেন, এবং আপাদ-লম্বিত একথানি মোটা চাদর গায়ে জড়াইতেন। সে পরিচ্ছদে বেশ একটা অপূর্ব শোভা এবং মধুর গান্তীর্য্য ছিল। আর এই বেশে তাঁহাকে হঠাৎ একজন সম্ভ্রাস্ত রোমক দেনেটার বলিয়া ভ্রম হইত। এইবার হয়ত পড়াগুনার সম্বন্ধে কৈফিয়ৎ দিতে হইবে আশঙ্কা করিয়া, শুর পালিতকে দেখিবামাত্রই জ্যোতিবাবু বিষম ত্রস্ত হইয়া পড়িলেন। পালিত মহাশয় জ্যোতিবাবুকে বরাবর ছোট ভাইয়ের মতই স্নেহ করিতেন—তিনি জ্যোতিরিক্রনাথের সমস্ত মংলব শুনিয়া,তাঁহাকে পরীক্ষা দিবার জন্ম অত্যন্ত পীড়াপীড়ি আরম্ভ করিয়া দিলেন। ফী পর্যান্ত দেওয়া হয় নাই শুনিয়া, তিনি বলিলেন, "দেজগু তোমার কোনও চিস্তা নাই, আমি Sutcliff কে বলিয়া, ভোমার ফী জমা করাইয়া দিব। তুমি শুধু পরীক্ষার জগ্ম প্রস্তুত হও।" জ্যোতি বাবু মহা মুস্কিলে পড়িলেন, কিন্তু শেষে তাঁহারই জিত হইল। তিনি পরীক্ষানা দিয়াই, কাহাকেও কিছু না বলিয়া, সত্যেক্তনাথের সঙ্গে বোষাই পণায়ন করিলেন।

বোস্বাই-গমন, সঙ্গীত-শিক্ষা এবং নাট্যসাহিত্যের সংক্ষার

জ্যোতিরিক্রনাথ বিভাগের ছাড়িলেন, কিন্তু বিভার্চর্চা ছাড়িলেন না; বরং বিগুণ উৎসাহে তিনি অধ্যয়নে মনোনিবেশ করিলেন। বোশাই গিয়াই জ্যোতিরিক্রনাথ অনেকগুলি ভাল ভাল ইংরাজি এবং সংস্কৃত গ্রন্থ কিনিয়া ফেলিলেন, এবং অধিকাংশ সময় ঐ সমস্ত পুস্তকপাঠেই নিযুক্ত থাকিতেন। এথানে অবস্থান কালে, তিনি আরও একটি বিভা শিক্ষা করিয়াছিলেন—সেটি সেতার বাভ। একজন গুজ্রাটী মুসলমান তাঁহাকে প্রত্যহ সেতার শিথাইত। ক্রমশঃ ওস্তাদজীর জানা সমস্ত গংই অভ্যাস করিয়া লইয়া, অত্যন্ত্রকালের মধ্যেই তিনি গুরুর সমস্ত পুঁজিপাটা প্রায় নিঃশেষ করিয়া দিলেন। যাহাই হউক, এই ওস্তাদের কাছেই সর্ব্বপ্রথম তিনি সেতারে স্বিশেষ পারদর্শিতা লাভ করিয়াছিলেন।

বোদাই হইতে কলিকাতা ফিরিয়া আদিলে, তাঁহার সেতার বাজনা শুনিয়া বাড়ীর সকলেই চমৎকৃত হইলেন। বিশেষত গুণেক্রনাথ ঠাকুর মহাশয়, তাঁহার সেতার বাজনায় এমনি মোহিত হইয়া গিয়াছিলেন যে, তিনি জ্যোতিবাবুকে (ostrich) সামোক পক্ষীর ডিমের তুষে একটি স্থনর সেতার তৈরি করাইয়া, তাঁহাকে সম্প্রেই উপহার দিয়াছিলেন। জ্যোতিবাবু এই সেতারটি তাঁহাদের বাড়ীর একটা আল্মারির উপর রাথিয়া দিয়াছিলেন, বহু দিন সেটি ছিল, কিন্তু কি করিয়া পড়িয়া গিয়া পরে সেটি ভাঙ্গিয়া যায়। তিনি বলিলেন, অভ্যাসের স্মভাবে একণে তাঁহার সেতারের হাত আর আদপেই নাই।

"সে সময়ে সেতারের খুব রেওয়াজ ছিল। সৌথীন যুবকেরা প্রায়ই তথন ঐ যন্ত্রই শিক্ষা করিত। আমার ভগিনীপতি ৺ সারদা-প্রসাদ গঙ্গোপাধ্যায় তথন জুয়ালাপ্রসাদ নামক একজন প্রসিদ্ধ হিন্দুস্থানী ওস্তাদের নিকট সেতার শিথিতেন। তিনি যে সকল গৎ শিথিয়াছিলেন তাহা লক্ষ্ণী ডং-এর। ওস্তাদ্জী আমার শিক্ষিত গৎগুলি শুনিয়া বলিলেন—এগুলি দিল্লী ঢং-এর। দিল্লী ঢং-এর গৎগুলি একটু বেশী সাদাসিধা। তথন সারদাবাব্র বৈঠকখানাতে প্রায়ই প্রসিদ্ধ প্রসিদ্ধ গায়ক বাদক প্রভৃতি গুণীগণের মজলিস বসিত। সারদাবাব্ একজন সৌথীন লোক ছিলেন। তিনি নিজেও বেশ জ্পদ গাহিতে পারিতেন।"

দিজেন্দ্রবাবুর পুরাণো কোন-রকমে কাযচলা একটা পিয়ানো ছিল।
দিজেন্দ্রবাবু যথন ঘরে থাকিতেন না, জ্যোতিবাবু তাঁহার ঘরে ঢুকিয়া
সেই পিয়ানোটি বাজাইতেন। দিজেন্দ্রবাবু দেখিতে পাইলেই
"ভেঙ্গে যাবে, ভেঙ্গে যাবে" বলিয়া ধমক দিয়া উঠাইয়া দিতেন, কিন্ত জ্যোতিবাবু তবুও সেই পিয়ানো বাজাইবার প্রলোভনটি কিছুতেই
চাপিয়া রাখিতে পারিতেন না। যাহাই হউক, এমনই ভাবে একটু একটু
করিয়া বাজাইয়া বাজাইয়া, পিয়ানোতেও তাঁহার একটু হাত জমিয়া গেল।

ইহাঁদের বাড়ীতে একটা খুব বড় টেবিল হার্মোনিয়ম্ছিল। অবসর মত জ্যোতিবাবু সেটির উপরেও সাক্রেদী চালাইতেন। ক্রমে হার্মোনিয়মেও তাঁহার বেশ ব্যুৎপত্তি জন্মিল।

এই সময়ে ব্রাহ্মসমাজের জন্ম একটা খুব বড় টেবিল হার্ম্মোনিয়ম আসিল।তথন এ দেশে এই ষষ্ট্রটা সর্কাসাধারণের মধ্যে একবারেই চলিত হয় নাই। সমাজে তথন গানের সঙ্গে দ্বিজেন্দ্রনাথ ও সত্যোক্তনাথ ছাড়িয়া দিলেন, তথন হার্মোনিয়ম্ বাজান' জ্যোতিবাবুর একটা প্রধান করিবে ইয়া দাঁড়াইল। সমাজে তথন স্বর্গীয় বিষ্ণু চক্রবর্ত্তী মহাশয় গান করিবেন। ইহাদের বাড়ীতে বোদাই অঞ্চলের বিখ্যাত গায়ক মোলাবক্সও কিছুদিন গায়ক ছিলেন। জ্যোতিবাবু ইহাদের ছইজনের গানের সঙ্গেই হার্মোনিয়ম বাজাইতেন। এইরপে ভাল গায়কের সঙ্গে বাজাইতে বাজাইতে, তাঁহার হার্মোনিয়মে হাত বেশ পাকিয়া উঠিল। সকলেই তখন ইহার হার্মোনিয়ম বাজনার খুব প্রশংসা করিতেন। জ্যোতিবাবু বলিলেন, "তখন হার্মোনিয়মবাদক বলিয়া আমার খুব একটা নামডাকও ছিল। কিন্তু এখন এত ভাল ভাল হার্মোনিয়ম্ বাজিয়ে হইয়াছেন যে, তাঁহাদের কাছে আমি কলিকা পাইবারও উপযুক্ত নই।"

ব্রাক্ষসমাজে এবং বাঙ্গলা গানের সঞ্চে হার্মোনিয়ম বাজান', এই প্রথম স্থক হইল। তৎপূর্কে অনেকেই এই যন্ত্রের সহিত অপরিচিত ছিলেন। জ্যোতিবাবু বলিলেন—

"আমার মনে পড়ে, একদিন রামত্ত্ব লাহিড়ী মহাশ্য আমাদের বাড়ী আসিয়াছিলেন। তাঁহার সঙ্গে সদাসর্বাদাই একথানি নোট্রুক্ থাকিও; যাহা কিছু নৃতন তাঁহার নজরে পড়িত, তাহাই সেই নোট্রুকে তিনি টুকিয়া রাখিতেন। সেই বৃদ্ধের জ্ঞানপিপাসা ছিল অপরিসীম! পিয়ানোর সহিত হার্ম্মোনিয়মের কি তফাৎ জিজ্ঞাসা করিয়া, পিয়ানো বাজান' সহজ কি হার্ম্মোনিয়ম বাজান' সহজ, নানা প্রশ্নোভরের পর সবিশেষ জ্ঞাত হইয়া, সমস্ত তথা তিনি তাঁহার নোট্রুকে টুকিয়া লই-লেন। তাঁহার আবার "good day" "bad day" ছিল। তিনি যখনই আমাদের বাড়ী আসিতেন, তখনি এক পেয়ালা করিয়া চা পাইতেন। জরে কাঁপিতে কাঁপিতে "উঃ"—"আঃ" করিতে করিতে

তবু এমনি তাঁহার জ্ঞান-পিপাসা যে,জ্বের কাতরাইতে কাতরাইতেও নৃতন কিছু দেখিলেই তিনি প্রশ্ন করিতে ছাড়িতেন না,এবং যাহা কিছু জ্ঞানলাভ করিতেন, তথনি পকেট হইতে নোটবুকথানি বাহির করিয়া তাহাতে টুকিয়া রাখিতেন। তিনি ছেলেমেয়েদের সঙ্গে বাক্যালাপ করিতে বড় ভাল বাসিতেন। যথনই তিনি আসিতেন,বাড়ীর ছেলেমেয়েদিগকে কাছে ডাকিয়া, নানা রকম গল্প জুড়িয়া দিতেন। আমার সঙ্গে দেখা হইলেই, তিনি আমাকে বলিতেন,—"তোমার ঠাকুরদাদা ভ্রারিকানাথ ঠাকুর মেডিকাল কলেজস্থাপনের জন্ত কত যে যত্ন ও সাহায্য করিয়াছিলেন, তাহা Medical Collegeএর Record খোঁজ করিলেই জানিতে পারিবে।"

জ্যোতিবাবু বলিলেন, "হার্মোনিয়ম প্রবর্ত্তনের পূর্বের, সমাজে বিষ্ণুবাবুর গানের সঙ্গে মানা নামে একজন হিন্দুখানী সারেক বাজাইত।
এই মানার মত নিপুণ সারেকী কলিকাতার তথন আর কেহই ছিল
না।পরে হার্মোনিয়ম চলিত হইলে, ক্রমে ক্রমে সারেক উঠিয়া গেল।
ইহা আমাদের ছর্ভাগ্যের বিষয়ু সন্দেহ নাই। হার্মোনিয়ম যন্তে হিন্দু
রাগ-রাগিণী ঠিকমত বাজান' ছে একরূপ অসম্ভব—ইহা স্কীতজ্ঞ ব্যক্তি
মাত্রেই বুঝেন।

শারার একটা অদ্ত সথ ছিল। বাড়ীতে সে সদা সর্বদা মহাদেবের মত গায়ে সাপ জড়াইয়া বসিয়া থাকিত। সাপও সব যেমন তেমন নয়—কেউটে গোক্ষরা প্রভৃতি বিযাক্ত সাপ। সাপগুলিকে গায়ে জড়াইবার আগে, সে তাহাদের বিষদাতগুলি ভাঙ্গিয়া দিত। কিন্তু ভাঙ্গিয়া দিলেও নাকি আবার গজায়, তাই সর্পাঘাতেই অবশেষে তাহার মৃত্যু হয়।"

জ্যোতিবাবু আরও বলিলেন—

তুই ভাই সমাজের একমাত্র গায়ক ছিলেন। কৃষ্ণকে আমরা ক্থনও দেখি নাই--আমাদের সময়ে বিষ্ণুই গান করিতেন। অস্তান্ত ওস্তাদদের গানের চেয়ে, বিষ্ণুর গানই সকলে বেশী পছন্দ করিত। বিষ্ণুর গানের একটা বিশেষত্ব ছিল। ওস্তাদেরা যেমন রাগিণীতে তান-অলঙ্কারেরই প্রাধান্ত দেন, বিষ্ণু তেমন কিছু করিতেন না। তিনি অল-স্বল্ল তান দিতেন বটে, কিন্তু তাহাতে রাগিণীর মূল রূপটি বেশ ফুটিয়া উঠিত, গানকে আচ্ছন্ন করিয়া ফেলিত না। ইহা ছাড়া, গানের কথার যে একটা মূল্য আছে, সেটিও বিষ্ণুর গানে পূর্ণ মাত্রায় রক্ষিত হইত। সকলেই গানের স্থর এবং গৎ তুইই সহজে বুঝিতে পারিত। বিষ্ণু ঞপদ থেয়ালই বেশী গাহিতেন। বিষ্ণুর এই হিন্দি গান ভাঙ্গিয়াই সত্যেক্তনাথ ⊾র্ব্ব প্রথম ব্রহ্মসঙ্গীত রচনা করেন। এই সময়ে সত্যেক্তনাথের গান লোকে খুব ভালবাসিত। তাঁহার রচনায় এমনি একটা সহজ কবিত্ব ছিল এবং স্থরের সঙ্গে ভাবের এমনি একটা মাথামাথি ছিল যে, তাহা সকলেরই হৃদয় স্পর্শ করিত।" ·

তাহার পর সত্যেক্তনাথ বোষাই চলিয়া গেলে, জ্যোতিবাবু, তাঁহার সেজ্দাদা (৬ হেমেক্তনাথ) ও বড় দাদা (দ্বিজেক্তনাথ) এই তিনজনে ব্রহ্মসঙ্গীত রচনা করিতেন। এই বিষয়ে মহর্ষি তাঁহাদিগকে খুব উৎসাহ দিতেন।

তথন বড় বড় গায়কদিগকে জোড়াসাঁকোর বাড়ীতে আশ্রয় দেওয়া হইত। জ্যোতিবাবুর তিনজনকে বেশ স্পষ্ট মনে আছেঃ— "রমাপতি বন্যোপাধ্যায়, শান্তিপুরের প্রসিদ্ধ জমিদার রাজচক্র রায় এবং যহু ভট্ট। রমাপতি নিজে একজন ভাল গায়ক ত' ছিলেনই, ছবি হারানোতে তিনি এখনও বিশেষ তঃথিত—দে ছবিটি ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেন মহাশয়ের। তব্ও চিত্রবিভায়ে রীতিমত শিক্ষালাভ করিবার স্থযোগ পান নাই বলিয়া তিনি এখনও ক্ষুদ্ধ।

যাহাই হউক,—পূর্ব্বক্থিত জয়গোপাল শেঠ নামে তাঁহাদের যে শিক্ষক ছিলেন, তাঁহার চেহারা ও পোষাকের বর্ণনা নিম্নে প্রদত্ত হইল।

শিক্ষক মহাশয় বেমন পাত্লা, তেমনি অসাধারণ রকমের লয়াও ছিলেন। গরুড় পক্ষীর প্রসিদ্ধ নাসিকাটির মত তাঁহার কণ্ঠনালীটি সমুথ দিকেই বেশী ঝুঁকিয়া পড়িয়াছিল; হাত ছইথানি ছই পাশে প্রসারিত করিয়া, আঙ্গুলগুলি মেলিয়া, লয়া লয়া পা ফেলিয়া, চলিতেন ঠিক যেন হাড়গিলাটির মত; কণ্ঠয়র একটু অনুনাসিক; হাসিলে তাঁহার মিশি-দেওয়া কালো কালো দাঁতগুলি বাহির হইয়া এক অপূর্ব শোভা বিকীরণ করিত; তাঁহার দেহবর্ণ তবু একটু ফর্সা ছিল। মাষ্টার মহাশয়ের পরিচ্ছদেও ছিল এক অন্তুত রকমের। পরিধানে ধুতি, অঙ্গে একটা সাদা লংকথের চাপ্কান, বুকে ভাঁজ করা একথানা চাদর, পায়ে ফুল্ মোজা এবং মাথায় পর্দায় পর্দায় ভাঁজকরা একটা সাদা পাগড়ী;—এমনি পাগ্ড়ীই নাকি তথন সব আফিসের কর্মচারীরা ব্যবহার করিতেন। তাম্বুলরাগ অধরওঠের সীমা পরিত্যাগ করিয়া চিবুক এবং বক্ষস্থ উত্তরীয় পর্যন্ত কথন'-কথন' সবেগে ধাবমান হইত।

একদিন ক্লাসের কতকগুলি ছাত্র পরামর্শ করিয়া, এই শিক্ষক মহাশয় আসিবার পূর্কেই তাঁহার চেয়ারের আসনটিকে বেশ করিয়া মসীরঞ্জিত করিয়া রাথিয়া দিয়াছিল। মাষ্টার মহাশয় তত লক্ষ্য করেন নাই, যেমন বসিয়াছেন অমনি কালির ছাপে তাঁহার চাপ্কানটি তাঁহার পশ্চাতে বিচিত্ররূপে চিত্রিত হইয়া গেল। এবস্থিধ ব্যাপারে তিনি তো বাবুর ভগিনীপতি ৺যত্নাথ মুখোপাধ্যায় এই পাঁচজনে এই নাট্য-সমিতির ভা হইলেন।

ক্ষণবিহারী দেন মহাশয় ব্রহ্মানন্দ কেশবচন্দ্র দেনের ভ্রাতা। জ্যোতিবাবু পূর্বেষ যথন কেশববাবুদের বাড়ীতে যাতায়াত করিতেন, তথন হইতেই ক্ষণবিহারী বাবুর সঙ্গে তাঁহার আলাপ পরিচয়।

জ্যোতিবাবু বলিলেন—"কৃষ্ণবিহারী ইতিপূর্ব্বে "বিধবা-বিবাহ" নাটকে প্ডুরার পাঠ গ্রহণ করেন। তাই এই বিষয়ে তাঁহার একটু অভিজ্ঞতা থাকায়, আমরা তাঁহাকে ওপ্তাদ বলিয়া মানিতাম। তিনিই আমাদের অভিনয়-শিক্ষক হইলেন।"

প্রথমেই মহাকবি মধুস্দনের "কৃষ্ণকুমারী" নাটক অভিনীত হইল। জ্যোতিরিন্দ্রনাথ কৃষ্ণকুমারীর জননীর ভূমিকা অভিনয় করিয়াছিলেন। অভিনয় খুব ভালই হইয়াছিল। সকলেই অভিনেতা ও অভিনয়-পারিপাটোর একবাকো প্রশংসা করিয়াছিল। ইহাতে তাঁহাদের উৎসাহ আর ও বাড়িয়া উঠিল।

নীচের ঘরে অহোরাত্রই—হয় নাচ, নয় গান, নয় বান্তা, নয় "পঞ্জনে"র নাট্য-সমিতিতে বাদানুবাদ, কিছু-না-কিছুর একটা গোলমাল চলিতই। বাড়ীশানি সারাদিন হাস্তকলরবে ও গানবান্তো মুথরিত হইয়া থাকিত। মধ্যে মধ্যে বামাচরণ বলিয়া একজন যাত্রাদলের ছোক্রা আদিয়া, নাচগানে ভাঁহাদের আমোদ দ্ভিণ বদ্ধিত করিত।

তাঁহাদের একটা "Eating Club" ও ছিল। সে ক্লবে পালা করিয়া একএকজনের থাওয়াইতে হইত। সে ভোজের তেমন বেশী "সে সময়ে সেতারের খুব রেওয়াজ ছিল। সৌথীন যুবকেরা প্রায়ই তথন ঐ যন্ত্রই শিক্ষা করিত। আমার ভগিনীপতি ৺ সারদা-প্রসাদ গঙ্গোপাধ্যায় তথন জুয়ালাপ্রসাদ নামক একজন প্রসিদ্ধ হিন্দুস্থানী ওস্তাদের নিকট সেতার শিথিতেন। তিনি যে সকল গৎ শিথিয়াছিলেন তাহা লক্ষ্ণী ডং-এর। ওস্তাদ্জী আমার শিক্ষিত গৎগুলি শুনিয়া বলিলেন—এগুলি দিল্লী ঢং-এর। দিল্লী ঢং-এর গৎগুলি একটু বেশী সাদাসিধা। তথন সারদাবাব্র বৈঠকখানাতে প্রায়ই প্রসিদ্ধ প্রসিদ্ধ গায়ক বাদক প্রভৃতি গুণীগণের মজলিস বসিত। সারদাবাব্ একজন সৌথীন লোক ছিলেন। তিনি নিজেও বেশ জ্পদ গাহিতে পারিতেন।"

দিজেন্দ্রবাবুর পুরাণো কোন-রকমে কাযচলা একটা পিয়ানো ছিল।
দিজেন্দ্রবাবু যথন ঘরে থাকিতেন না, জ্যোতিবাবু তাঁহার ঘরে ঢুকিয়া
সেই পিয়ানোটি বাজাইতেন। দিজেন্দ্রবাবু দেখিতে পাইলেই
"ভেঙ্গে যাবে, ভেঙ্গে যাবে" বলিয়া ধমক দিয়া উঠাইয়া দিতেন, কিন্ত জ্যোতিবাবু তবুও সেই পিয়ানো বাজাইবার প্রলোভনটি কিছুতেই
চাপিয়া রাখিতে পারিতেন না। যাহাই হউক, এমনই ভাবে একটু একটু
করিয়া বাজাইয়া বাজাইয়া, পিয়ানোতেও তাঁহার একটু হাত জমিয়া গেল।

ইহাঁদের বাড়ীতে একটা খুব বড় টেবিল হার্মোনিয়ম্ছিল। অবসর মত জ্যোতিবাবু সেটির উপরেও সাক্রেদী চালাইতেন। ক্রমে হার্মোনিয়মেও তাঁহার বেশ ব্যুৎপত্তি জন্মিল।

এই সময়ে ব্রাহ্মসমাজের জন্ম একটা খুব বড় টেবিল হার্ম্মোনিয়ম আসিল।তথন এ দেশে এই ষষ্ট্রটা সর্কাসাধারণের মধ্যে একবারেই চলিত হয় নাই। সমাজে তথন গানের সঙ্গে দ্বিজেন্দ্রনাথ ও সত্যোক্তনাথ



৺কৃষ্ণবিহারী সেন

¢



হইবে। প্রাপ্ত রচনা পরীক্ষার জন্ম বিচারক নিযুক্ত হইলেন, প্রেসিডেন্সী কলেজের তাৎকালীন সংস্কৃত অধ্যাপক শ্রীযুক্ত রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় মহাশয়। কৃষ্ণবিহারীবাবুর ছোট কথা পছল হইত না বলিয়া, তিনি বিচারকের ইংরাজীতে নাম দিলেন "Adjudicator!"

অন্ধদিনের মধ্যেই করেকখানি নাটক পাওয়া গেল, কিন্তু একথানিও পুরস্কার-প্রদানের উপযুক্ত বলিয়া বিবেচিত হইল না। এরপ প্রতিযোগিতায় আশানুরপ স্কল ফলিল না দেখিয়া, Committee of five স্থির করিলেন যে, একজন প্রসিদ্ধ নাটককারের উপর এই রচনার ভার অর্পণ করাই সমধিক স্থবিধাজনক। তখন বাঙ্গলা-লেখক অতি অল্লই ছিল। পণ্ডিত রামনারায়ণ তর্করত্ন মহাশম এই সময়ে "কুলীনকুলসর্ব্বস্থ" নামে একখানি নাটক রচনা করিয়া যশস্বী হইয়াছিলেন; তাঁহাকেই শেষে এ ভার প্রদত্ত হইল। তিনি একখানি সামাজিক নাটক লিখিতেও স্বীকৃত হইলেন। জ্যোতিবারু বলিলেনঃ—"পণ্ডিত রামনারায়ণ ইংরাজি জানিতেন না, তিনি খাঁটি দেশীয় আদর্শেই নাটক রচনা করিতেন। তাঁহাকেই প্রকৃতরূপে আমাদের বাঙ্গলার সর্ব্বপ্রথম (National Dramatist) জাতীয় নাট্যকার বলা বাইতে পারে।"

গণের নাথ ঠাকুর প্রভৃতি অভিভাবকগণ যথন দেখিলেন যে, ব্যাপার ক্রমে গুরুতর হইয়া দাঁড়াইতেছে, তথন যাহাতে আর ছেলে-মামুষী অথবা কোনরূপ "ধাষ্টামো" না হয়, সেজন্ত তাঁহারাই এবার এ, কার্য্যের সমস্ত ভার স্বয়ং গ্রহণ করিলেন, এবং পুরস্কারের পরিমাণ্ড পাঁচশত করিয়া দিলেন। জ্যোতিবাবুরা যেমন নিষ্কৃতি পাইলেন, তেমনি অধিকতররূপে উৎসাহিত্ও হইয়া উঠিলেন।

••ेर- जिल्ला करेला । ज•ेरकार ज•र "जरून•ेर-» । ४०किस


এই উপলক্ষো তর্করত্ন মহাশয়কে পুরস্কার প্রদান করা হয়, সে একটি স্বরণীয় দিন। কলিকাতার সমস্ত ভদ্র ও বিশিষ্ট ব্যক্তিগণকে জোড়াসাঁকোর বাড়ীতে নিমন্ত্রণ করিয়া আনিয়া, সভার মধাস্থলে একটা রূপার থালায় নগদ ১০০ টাকা সাজাইয়া রাথা হইল, এবং সভাস্থলে নাটক থানি আভোপান্ত পঠিত হইল। শুনিয়া সকলেই প্রেশংসা করিলেন। তথন ঐ পাঁচশত টাকা তর্করত্ন মহাশয়কে প্রদান করা হইল। তিনিও ইহাতে খুব খুসী হইয়াছিলেন।

জ্যোতিবাবু বলিলেন—"পণ্ডিত রামনারায়ণের এই "নবনাটকে" বিদেশী আদর্শের একটু গন্ধ যে একেবারে না ছিল তাহাও নহে। আমা-দের সংস্কৃত নাট্যসাহিতো কোন বিয়োগান্ত নাটক নাই। তিনি ইংরাজি শিক্ষিত লোকদিগের রুচিকে প্রশ্রম দিয়াই, খাঁটি বাঙ্গালায় এই সর্ব্ব-প্রথম বিয়োগান্ত নাটক রচনা করিলেন।

"এখন হইতে "বড়"র দলই অভিনয়ের আয়োজন করিতে লাগিলেন।
দোতলার হলের ঘরে প্টেজ বাঁধা হইল। তারপর পটুরারা আসিয়া
সীন্ (Scene) আঁকিতে আরম্ভ করিল। 'ডুপ-সীনে' রাজস্থানের ভীমসিংহের সরোবরতটস্থ "জগমন্দির" প্রাসাদ অন্ধিত হইল। নাট্যোল্লিখিত পাত্রগুলির পাঠ আমাদের স্বাইকে বিলি করিয়া দেওয়া
হইল। আমি হইলাম নটী, আমার জ্যেঠতুত ভগিনীপতি ৮নীলকমল
মুখোপাধ্যায় (পরে গ্রেহামের বাড়ীর মুচ্ছুদি) সাজিলেন নট, আমার
নিজের আর এক ভগিনীপতি ৮য়ত্বনাথ মুখোপাধ্যায় "চিন্তভোষ", আর
এক ভগিনীপতি ৮য়ারদাপ্রসাদ গঙ্গোপাধ্যায় হইলেন গবেশ বাবুর বড়
ত্রী। স্থাসিদ্ধ কমিক অক্ষয় মজুমদার লইলেন গবেশবাবুর পাঠ।
বাকী আমাদের অন্তান্ত আত্মীয় ও বন্ধবান্ধবদের জন্ত নির্দিষ্ট হইল।



৺রামনারায়ণ তর্করত্ন




একদিন তিনি বেড়াইতে বাহির হইয়াছেন, পথিমধ্যে তাঁহার একজন বন্ধু তাঁহাকে জানাইল, যে তিনি পাশ হইয়াছেন। তিনি তো শুনিয়া অবাক্, বিশ্বাসই করিলেন না। কিন্তু শেষে জানিলেন বে, সত্য সতাই তিনি প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

এন্ট্রান্স পরীক্ষায় পাশ হওয়ার পর, জ্যোতিরিস্ত্রনাথ প্রেসিডেন্সি কলেজে ভর্ত্তি হইলেন। জ্যোতিবাবু প্রথমবার্ষিক শ্রেণীর A. Sectionএ পড়িতেন,B. Sectionএ তথন পড়িতেন, বিহারীলাল গুপ্ত এবং রুমেশচন্ত্র দত্ত মহাশ্রেরা। Rees সাহেব গণিতের অধ্যাপক ছিলেন। তিনি চাট্গাঁয়ের ফিরিঙ্গি, সেই জন্ম তাঁহার ইংরাজিতেও পূর্ববঙ্গের টান চিলঃ বাস্তবিক তিনি গণিতে বিশেষ পারদর্শী ছিলেন, কিন্তু তাঁহার গর্কটা ছিল ভতোধিক। কোনও একটা হুরহ গণিত-সমস্থার সমাধান করিয়াই তিনি বলিতেন, এরূপ ভাবে সমাধান আর কেহই করিতে পারিবে না-এমন কি "The man of upstairs" অর্থাৎ উপবিওয়ালা Sutcliff সাহেবও পারিবেন না। তিনি কাহাকেও বড় প্রশংসা করিতেন না—কেবল একবার জ্যোতিবাবুর বড়দাদার (দিজেন্দ্রনাথ ঠাকুরের) বুদ্ধির প্রশংসা করিয়াছিলেন। সে তাঁহার ভাগাই বলিতে হইবে। দিজেলবাবু সেই সময়ে নৃতন প্রণালীতে একথানি জ্যামিতি ছাপাইয়াছিলেন। ছাত্রেরা মজা দেখিবার জন্ম তাঁহার হস্তে সেই বই একখণ্ড দিল—তিনি খানিকটা পড়িয়া বলিলেন, "This man has brains".

তিনি মদে চুর হইয়া ক্লাসে পড়াইতে আসিতেন। তাঁহার মুথের কাছে অনবরত মাছি ভন্ভন্ করিত, আর তিনি ক্রমাগত হাত দিয়া তাড়াইতেন। তিনি পূর্কাঞ্চলের ছাত্র দেখিলেই, তাহাকে নাকাল করিয়া ছাড়িতেন, কিন্তু সহুরে ছাত্রকে বড় কিছু বলিতেন না। কবিবন্ধ অক্ষয়চন্দ্র চৌধুরী শেষ মুহুর্ত্তে কিছুতেই সাহস করিয়া দর্শকমণ্ডলীর সমুখীন হইতে পারিলেন না। আমাদের অনুরোধ উপরোধ সবই ব্যর্থ হইল। কি করা যায়, অগত্যা তাঁহাকে বাদ দিতে হইল।

"অভিনয় দর্শনের জন্ম কলিকাতার সমস্ত সন্ত্রাস্ত ব্যক্তিগণ ও ভদ্রলোকেরা নিমন্ত্রিত হইরাছিলেন। অভিনয়ও খুব নিপুণতার সহিত সম্পাদিত হইয়াছিল। তথনকার শ্রেষ্ঠ পটুয়াদিগের দ্বারা দৃশুগুলি (Scene)
অন্ধিত হইয়াছিল। প্রেজও (রঙ্গমঞ্চ) যতদ্র সাধ্য স্থান্ন ও স্থান্দর
করিয়া সাজান হইয়াছিল। দৃশুগুলিকে বাস্তব করিতে যতদ্র সন্তব,
চেষ্টার কোনও ক্রটি করা হয় নাই। বনদৃশ্যের সীন্থানিকে নানাবিধ
তর্ফলতা এবং তাহাতে জীবন্ত জোনাকী পোকা আটা দিয়া জুড়িয়া,
অতি স্থানর এবং স্থানাভন করা হইয়াছিল। দেখিলে ঠিক সত্যিকারের বনের মতই বোধ হইত। এই সব জোনাকী পোকা
ধরিবার জন্য অনেকগুলি লোক নির্ক্ত করিয়া, তাহাদের পারিশ্রমিক স্বরূপ এক একটি পোকার দাম হুই আনা হিসাবে দেওয়া
,হইয়াছিল।)

"অভিনয়কালে দর্শকমগুলীর মধ্যে কথন বা হাসির ফোয়ারা ছুটিত, কথন বা অশ্রুজলের ধারা বর্ষিত হইত দেখিয়া, আমাদের উৎসাহ খুব বাড়িয়া যাইত। যথন গবেশবাবুর ছোটগিরি ও বড়গিরি, গবেশবাবুর এক-একটা পা দখল করিয়া তৈলমর্দ্দন করিবার জন্ম টানাটানি করিত, আর বলিত—"এটা আমার পা, তুই আমার পা-টায় কেন তেল মাথাচ্ছিস" ইত্যাদি, তথন গবেশবাবুর জন্ম বি



৺নীলকমল মুখোপাধ্যায় ও ৺যত্নাথ মুখোপাধ্যায়



"সে সময়ে সেতারের খুব রেওয়াজ ছিল। সৌথীন যুবকেরা প্রায়ই তথন ঐ যন্ত্রই শিক্ষা করিত। আমার ভগিনীপতি ৺ সারদা-প্রসাদ গঙ্গোপাধ্যায় তথন জুয়ালাপ্রসাদ নামক একজন প্রসিদ্ধ হিন্দুস্থানী ওস্তাদের নিকট সেতার শিথিতেন। তিনি যে সকল গৎ শিথিয়াছিলেন তাহা লক্ষ্ণী ডং-এর। ওস্তাদ্জী আমার শিক্ষিত গৎগুলি শুনিয়া বলিলেন—এগুলি দিল্লী ঢং-এর। দিল্লী ঢং-এর গৎগুলি একটু বেশী সাদাসিধা। তথন সারদাবাব্র বৈঠকখানাতে প্রায়ই প্রসিদ্ধ প্রসিদ্ধ গায়ক বাদক প্রভৃতি গুণীগণের মজলিস বসিত। সারদাবাব্ একজন সৌথীন লোক ছিলেন। তিনি নিজেও বেশ জ্পদ গাহিতে পারিতেন।"

দিজেন্দ্রবাবুর পুরাণো কোন-রকমে কাযচলা একটা পিয়ানো ছিল।
দিজেন্দ্রবাবু যথন ঘরে থাকিতেন না, জ্যোতিবাবু তাঁহার ঘরে ঢুকিয়া
সেই পিয়ানোটি বাজাইতেন। দিজেন্দ্রবাবু দেখিতে পাইলেই
"ভেঙ্গে যাবে, ভেঙ্গে যাবে" বলিয়া ধমক দিয়া উঠাইয়া দিতেন, কিন্ত জ্যোতিবাবু তবুও সেই পিয়ানো বাজাইবার প্রলোভনটি কিছুতেই
চাপিয়া রাখিতে পারিতেন না। যাহাই হউক, এমনই ভাবে একটু একটু
করিয়া বাজাইয়া বাজাইয়া, পিয়ানোতেও তাঁহার একটু হাত জমিয়া গেল।

ইহাঁদের বাড়ীতে একটা খুব বড় টেবিল হার্মোনিয়ম্ছিল। অবসর মত জ্যোতিবাবু সেটির উপরেও সাক্রেদী চালাইতেন। ক্রমে হার্মোনিয়মেও তাঁহার বেশ ব্যুৎপত্তি জন্মিল।

এই সময়ে ব্রাহ্মসমাজের জন্ম একটা খুব বড় টেবিল হার্ম্মোনিয়ম আসিল।তথন এ দেশে এই ষষ্ট্রটা সর্কাসাধারণের মধ্যে একবারেই চলিত হয় নাই। সমাজে তথন গানের সঙ্গে দ্বিজেন্দ্রনাথ ও সত্যোক্তনাথ


জ্যোতিরিন্দ্রনাথ

অনেকেই এথন ভবরঙ্গভূমি হইতে প্রস্থান করিয়াছেন, কেবল একমাত্র আমিই এথনও সশরীরে বর্ত্তমান আছি।

"আমার এক ভালিক অমৃতলাল গঙ্গোপাধায়ে, ছোটগিলিক ভূমিকায় যথন আর্শির সম্মুথে ব্দিয়া প্রসাধন করিতেন, ও যৌবন-গর্বের গর্বিতা রূপদীর হাবভাবের অভিনয় করিতেন, তথন দে অভিনয়েও দর্শকেরা খুব আমোদ পাইত। আমাদের আরও ছুইজন (tragic actor) করুণ-রদের অভিনেতা ছিলেন। ৺বিনোদলাল গঙ্গোপাধ্যায় (অমৃত লালের জ্যেষ্ঠ) যথন স্ক্রোধের ভূমিকায়, সংমার অত্যাচারে অতিষ্ঠ হইয়া গৃহ ছাড়িয়া বিরাগী হইয়া, নৈশ অন্ধকারে বন-বাদাড় দিয়া চলিয়াছেন, এবং যখন ৮সারদাপ্রসাদ বড়স্ত্রীর ভূমিকায় সপত্নীর জালায় দগ্ধ হইয়া মর্মভেদী আক্ষেপোক্তি করিতেন, তথন দর্শকর্ন্দ বাস্তবিকই অশ্রুসম্বরণ করিতে পারিত না। তারপর গবেশবাবুর মৃত্যু হইলে, "অমলা" "কমলা" "চক্রকলা" প্রভৃতি গবেশবাবুর পুরস্ত্রীগণ এরূপ মড়াকারা জুড়িয়া দিত যে, সেই রোদনরোল শুনিয়া পাড়ার লোকের পর্যান্ত শাতক্ষ উপস্থিত হইত।

"প্রথম দিনের অভিনয়ে পণ্ডিত রামনারায়ণ তর্করত্ন মহাশয় উপস্থিত ছিলেন। অভিনয় শেষ হইলে, তিনি আনন্দে উৎফুল্ল হইয়া—"যা—রা পলাট্ (plot) নাই, পলাট্ নাই বলে, এথানে এসে একবার দেথে যাক্" —সমালোচকদিগের উপর এইরূপ মধুবর্ষণ করিতে করিতে, তিনি আপনার আনন্দ-সাফলো গর্কিত হইয়া খুব আক্ষালন করিয়াছিলেন।

"এই নাটকথানি দর্শকগণকে এত মোহিত করিয়াছিল যে, তাঁহাদের অনুরোধে একাধিক রজনী "নবনাটক" অভিনীত হইয়াছিল। যে



৺সারদাপ্রসাদ গঙ্গোপাধ্যায়

Ment



ছিল। শেষোক্ত স্থটি শেষে গুণ-দাদাতেও (তাঁর পুত্র ওগুণেজ্র-নাথ ঠাকুর মহাশয়েও) বর্ত্তাইয়াছিল। তিনিও থুব স্থুনররূপে বাগান গড়িতে পারিতেন।

"ছোটকাকামহাশয় (৺নগেন্দ্রনাথ ঠাকুর) আমার দাদামহাশয় ৺য়ারিকানাথ ঠাকুরের সঙ্গে বিলাত গিয়াছিলেন। সেইথানেই তাঁহার শিক্ষা হয়। ইংরাজী সাহিত্যে তিনি বিশেষ পণ্ডিত ছিলেন। তাঁহার ফদয় অতিশয় কোমল এবং পরতঃখ-কাতর ছিল। কেহ কোনও বিপদে পড়িলে অথবা ঋণজালে জড়িত হইলে তিনি তাহাকে মুক্ত করিতে বাস্ত হইতেন। এই পরোপচিকীর্যায় তিনি একবারে জ্ঞানশূল্য হইয়া পড়িতেন। নিজে ঋণ করিয়াও অপরকে ঋণমুক্ত করিতেন। এইরূপে পরের জল্প শেষে তিনি নিজেই বিষম ঋণজালে জড়িত হইয়া পড়িয়াছিলেন। নিজে যথন এমনি বিপয়, তথন উপায়ান্তর না দেখিয়া তিনি Customs Houseএ Collectorএর কার্যা গ্রহণ করেন। বাঙ্গালীকে তথন এপদ দেওয়া হইত না। ছোটকাকামহাশয়ই দেশীয় লোকের মধ্যে এ কার্যো সর্বপ্রথম নিযুক্ত হয়েন।"


এই সময়কার আরও একটি ঘটনা জ্যোতিবাবুর বেশ মনে পড়ে।
তিনি বলিলেন, "আমার বেশ মনে আছে, একবার বর্দ্ধমানের মহারাজা
শ্রীযুক্ত মহাতাব, চাঁদ বাহাছর আমাদের জোড়াসাঁকোর বাড়ীতে আদিয়াছিলেন। মহারাজকে দেখিবার জন্ম সদর রাস্তা ও আমাদের গলিতে একেবারে োকে লোকারণ্য হইয়া গিয়াছিল। এখন দেখা যায় রাজাদের মধ্যে একটা Democracyর spirit জাগিয়াছে, তাঁহারা অনেক
স্থলেই গমন করেন। ইহা অবশ্য ভালই তাহাতে আর সন্দেহ নাই; কিন্তু
তথন এ ভাব ছিল না। মহারাজ মহাতাব চাঁদের ব্রাহ্মসমাজের উপর

কন্সার্টের গং তৈরি করিয়া দিতেন। তারপর এখন ত গলিতে গলিতে কন্সার্ট।"

তথনকার কন্সার্ট হইতে এথনকার কন্সার্ট উন্নত বলিয়া তাঁহার বোধ হয় কি না জিজাসা করায়, জ্যোতিবাবু বলিলেন—"তথনকার হইতে কন্সার্ট এখন বিশেষ যে কিছু উন্নতিলাভ করিয়াছে, ইহা ভ আমার মনে হয় না।"



স্বৰ্গীয় মহারাজা যতীক্রমোহন ঠাকুর



<u>নব্যতন্ত্র</u>

গুহ-সৎক্ষার

হিন্দুমেল।


জ্যোতিবাৰু বলিলেন—"পূর্বেই বলিয়াছি, আমাদের অন্তঃপুরে আগে সেই "ভব্যিযুক্ত" বৈঞ্চবীটি আসিয়া মেয়েদিগকে বাঙ্গলা পড়াইত। তাহার পর কিছুদিন একজন খৃষ্ঠান মিশ্নরী মেম আসিয়া ইংরাজী পড়াইয়া যাইত। ইহার পর অযোধ্যানাথ পাক্ডাশী মহাশয় মেয়েদিগকে সংস্কৃত পড়াইতেন। এই সময়ে আমার সেজদাদাও (হেমেক্রনাথ) মেয়েদিগকে "মেঘনাদবধ" প্রভৃতি কাব্য পড়াইতে আরম্ভ করিয়া দিয়াছিলেন। ভাহার পর মেজদাদা (সত্যেক্তনাথ) বিলাত হইতে ফিরিয়া আসিয়া দেখিলেন যে, মেয়েদের জ্ঞানস্পৃহা দিন দিন বাড়িতেছিল এবং তাঁহাদের হৃদয়মনের ওদার্য্যও অনেক পরিমাণে বর্দ্ধিত হইতেছিল। আমি সন্ধ্যাকালে সকলকে একত করিয়া, ইংরাজী হইতে ভাল ভাল গল তর্জনা করিয়া ওনাইতাম— তাঁহারা সেগুলি বেশ উপভোগ করিতেন। ইহার অল্পদিন পরেই দেখা গেল যে, আমার একটা ক্রিষ্ঠা ভগিনী শ্রীমতী স্বর্ণকুমারী দেবী কতকগুলি ছোট ছোট গল্প রচনা করিয়াছেন। তিনি আমায় সেইগুলি শুনাইতেন। আমি তাঁহাকে খুব উৎসাহ দিতাম। তথনও তিনি অবিবাহিতা।

"বিবাহের পর তিনি "দীপনির্বাণ" নামে একথানি উপস্থাস লেখেন। "দীপনির্বাণ" প্রকাশিত হইলে, সকল কাগজেই ইহার বিসিত, সেথানে গান বাজনা গলগুজব খুব পুরাপুরিই চলিত। First Year এমনি করিয়া গান বাজনা প্রভৃতিতে দেখিতে দেখিতে কাটিয়া গেল। Second Yearও প্রায় যায়-যায়। পরীক্ষার সময় যথন খুব নিকটবর্ত্তী হইয়া আসিল, তথন তিনি খুব মনোযোগ দিয়া পড়া আরম্ভ করিয়া দিলেন।

এই সময়ে শ্রীযুক্ত সত্যেক্তনাথ ঠাকুর মহাশয় সিভিলিয়ান হইয়া এবং শ্রীযুক্ত মনোমোহন ঘোষ মহাশয় ব্যারিষ্টারী পাশ করিয়া আসিয়া, কাশীপুর বাগানবাড়ীতে অবস্থান করিতেছিলেন। জ্যোতিরিন্দ্রনাথও আসিয়া, এই থানে ইংহাদের সহিত মিলিত হইলেন। পরীক্ষা দিবার ইচ্ছা ক্রমশঃ তাঁহার শিথিল হইয়া আসিতে লাগিল। পরীক্ষার পড়া ছাড়িয়া, তিনি মিষ্টার ঘোষের নিকট ফরাদী ভাষা শিক্ষা আরম্ভ করিয়া দিলেন। যাঁহার অক্লান্ত লেখনী বাৰ্দ্ধক্য-জরার বজ্জুমুষ্টিকৈ অবহেলা করিয়া, আজিও ফরাসী ভাষা হইতে নিত্য নুতন অমূল্যরত্বরাজি আনিয়া বঙ্গভারতীর সাহিত্য-মঞ্ষা পরিপূর্ণ করিতেছে, সেই ফরাসী ভাষায় জ্যোতিরিন্দ্রনাথের প্রথম শিক্ষা-রম্ভ হইল, এই কাশীপুর উত্থানবাটিকায়। মনোমোহন ঘোষ মহাশয় প্রথমেই ভণ্টেয়ার ক্বত "দীজার" (Cæsar) নাটক তাঁহাকে পড়াইতে আরম্ভ করিলেন। তিনি বলিলেন, তাহার প্রথম চরণের একটু অংশ এখনও তাঁহার কর্ণে যেন অহরহ ধ্বনিত হইতেছেঃ—

"Cæsar tu vas regnier"—সীজার তু ভা রেঙিয়ে; অর্থাৎ —সীজার তুমি রাজত্ব করিতে যাইতেছ—ইত্যাদি।

এইথানে অবস্থানকালে, অবকাশ সময়ে জ্যোতিবাবু তাঁহার মেজ-বৌ-ঠাকুরাণীর নিকট বোম্বায়ের অনেক গল্প শুনিতেন। বোম্বায়ের গল সমুদ্র ও দুখ্যাবলীর কথা শুনিতে শুনিতে, বোম্বায়ের প্রতি তিনি ক্রমশঃ



৺জানকীনাথ ঘোষাল



তাহার পর ক্রমশ, তাঁহার উপস্থাসের পর উপস্থাস প্রকাশিত হইতে লাগিল—আমার দেখিয়া বড়ই আনন্দ হইত।

"আগে আমাদের বাড়ীতে অবরোধপ্রথা থ্বই মানিয়া চলা হইত। মেয়েদের এবাড়ী ওবাড়ী যাইতে হইলেও ঘেরাটোপটাকা পালীতে চড়িয়া যাইতে হইত; এবং পালীর সঙ্গে সঙ্গে ২া> জন করিয়া লারোয়ানও যাইত। যে সকল প্রস্ত্রীগণ গঙ্গালানে যাইতেন, তাঁহাদিগকে পালী করিয়া লইয়া গিয়া, পালীস্থদ্ধ জলে চুবাইয়া আনা হইত। কিন্তু এই অবরোধপ্রথার বিরুদ্ধে সর্বপ্রথম মেজদাদা অস্ত্রধারণ করিলেন। তাঁহার পূর্ব্বে বঙ্গদেশে সামাজিক ক্প্রথার বিরুদ্ধে আর কেহই হস্তোত্তোলন করিয়াছিলেন বলিয়া, আমার মনে হয় না। এই অসমসাহসিক কার্য্যের জন্ম তাঁহাকে তৎকালীন জনসমাজে অনেক অপ্রিয় মন্তব্যও সন্থ করিতে হইয়াছিল। ফলে আমাদের অন্তঃপুরিকাগণের মধ্যে গাড়ীর চলন হইয়া পড়িল।

শ্বর্ণকুমারীর সঙ্গে যথন শ্রীযুক্ত জানকীনাথ ঘোষালের বিবাহ হইল, তথন আমাদের অন্তঃপুরে আরও কিছু কিছু পরিবর্তন ঘটিতে আরম্ভ করিল। পূর্কে আমাদের শুইবার ঘরে থাট-বিছানা ছাড়া


⁽১৩০৮ ইং ১৯০১), কৌতুকনাট্য (১৩০৮ ইং ১৯০১), দেবকৌতুক (১৩১২), কনে-বদল (১৩১৩), পাকচক্র (১৩১৯), রাজকক্সা (১৬২০)। এওডিল্ল অর্থকুমারীর রচিত কয়েকথানি শিশুপাঠ্য পুস্তকও আছে; যথা—গল্লফল্ল, সচিত্র বর্ণবোধ, বাল্যবিনাদ, প্রথমপাঠ্য ব্যাকরণ এবং কীর্ত্তিকলাপ।

লেখিকা মহাশয়ার ভাষণ এবং নক্ষঞ্জগৎ সম্বন্ধীয় অনেকগুলি প্রবন্ধ যাহ

ছিল। শেষোক্ত স্থটি শেষে গুণ-দাদাতেও (তাঁর পুত্র ওগুণেজ্র-নাথ ঠাকুর মহাশয়েও) বর্ত্তাইয়াছিল। তিনিও থুব স্থুনররূপে বাগান গড়িতে পারিতেন।

"ছোটকাকামহাশয় (৺নগেল্রনাথ ঠাকুর) আমার দাদামহাশয়
৺য়ারিকানাথ ঠাকুরের সঙ্গে বিলাত গিয়াছিলেন। সেইথানেই তাঁহার
শিক্ষা হয়। ইংরাজী সাহিত্যে তিনি বিশেষ পণ্ডিত ছিলেন। তাঁহার
ফদয় অতিশয় কোমল এবং পরত্বঃখ-কাতর ছিল। কেহ কোনও বিপদে
পড়িলে অথবা ঋণজালে জড়িত হইলে তিনি তাহাকে মুক্ত করিতে বাস্ত
হইতেন। এই পরোপচিকীর্যায় তিনি একবারে জ্ঞানশূল্য হইয়া পড়িতেন।
নিজে ঋণ করিয়াও অপরকে ঋণমুক্ত করিতেন। এইরূপে পরের
জ্লা শেষে তিনি নিজেই বিষম ঋণজালে জড়িত হইয়া পড়িয়াছিলেন।
নিজে যথন এমনি বিপয়, তখন উপায়ান্তর না দেখিয়া তিনি Customs
Houseএ Collectorএর কার্যা গ্রহণ করেন। বাঙ্গালীকে তখন এ
পদ দেওয়া হইত না। ছোটকাকামহাশয়ই দেশীয় লোকের মধ্যে
এ কার্যো সর্বপ্রথম নিযুক্ত হয়েন।"

এই সময়কার আরও একটি ঘটনা জ্যোতিবাবুর বেশ মনে পড়ে।
তিনি বলিলেন, "আমার বেশ মনে আছে, একবার বর্দ্ধমানের মহারাজা
শীযুক্ত মহাতাব, চাঁদ বাহাছর আমাদের জোড়াসাঁকোর বাড়ীতে আসিয়াছিলেন। মহারাজকে দেখিবার জন্ম সদর রাস্তা ও আমাদের গলিতে একেবারে োকে লোকারণ্য হইয়া গিয়াছিল। এখন দেখা যায় রাজাদের মধ্যে একটা Democracyর spirit জাগিয়াছে, তাঁহারা অনেক স্থলেই গমন করেন। ইহা অবশ্য ভালই তাহাতে আর সন্দেহ নাই; কিন্তু তথন এ ভাব ছিল না। মহারাজ মহাতাব চাঁদের ব্রাহ্মসমাজের উপর



স্বর্গীয় ডাক্তার মহেন্দ্রলাল সরকার



"এই সময়ে সেজদাদা (৺হেমেন্দ্রনাথ) একবার খুব পীড়িত হইয়াছিলেন। আমাদের গৃহচিকিৎসক বেলিসাহেব তাঁহাকে চিকিৎসা করিতেছিলেন। আবার তলে তলে রাজেন্দ্রবাবুর হোমিওপাাথিও চলিতেছিল। একদিন রাজেন্দ্রবাবু রোগীর ঘর হইতে বাহির হইতেছিলেন, এমন সময় বেলিসাহেব রোগীকে দেখিতে আসেন। গুয়ারেই গুইজনের চারি চক্ষের শুভমিলন। রাজেন্দ্রবাবুকে যেমন দেখা, বেলিসাহেব একেবারে তেলে-কেগুনে জলিয়া উঠিলেন। ক্রোধে কাঁপিতে কাঁপিতে টুপি ফেলিয়াই, তিনি একছুটে গাড়ীতে গিয়া উঠিয়া পড়িলেন। রাগে গম্ গম্ করিতে করিতে, যাইবার সময় বলিয়া গেলেন "মার্চ্চেন্ট আবার ডাক্তার ?" এই বিপদে গণেন্ দাদা সাহেবের পশ্চাদ্ধাবন করিয়া, তাঁহাকে অনেক কাকুতি-মিনতি করিয়া আবার ফিরাইয়া আনিলেন।

"গণেন্দাদাও একজন স্থলেথক ছিলেন। নাট্যাকারে তিনি
"বিক্রমোর্কনী"র অন্থবাদ করিয়াছিলেন। তিনি অতি চমৎকার ব্রন্ধসঙ্গীতও রচনা করিতে পারিতেন। "গাও হে তাঁহারি নাম, রচিত
গার বিশ্বধান" প্রভৃতি স্থানর গানগুলি তাঁহারই রচিত। তিনি
ইতিহাস খুব ভালবাসিতেন। অনেকগুলি ঐতিহাসিক প্রবন্ধও
তিনি লিথিয়াছিলেন। তাহার মধ্যে কতকগুলি তাঁহার মৃত্যুর পরে.
প্রকাশিত হইয়াছে। তাঁহার অপ্রকাশিত রচনা এথনও থাকিতে
পারে। তিনি খুব অল্প বয়সেই মারা যান।"

এই সময়েই শ্রীযুক্ত নবগোপাল মিত্র মহাশয়ের উত্যোগে ও শ্রীযুক্ত গণেক্রনাথ ঠাকুর মহাশয়ের আমুকুল্য ও উৎসাহে "হিন্দুমেলা" প্রতিষ্ঠিত হইল। শ্রীযুক্ত হিজেক্রনাথ ঠাকুর ও দেবেক্রনাথ মল্লিক বোষ এবং মনোমোহন বস্থও* এই মেলায় থুব উৎসাহী ছিলেন। এই হিন্দুমেলাই বঙ্গদেশে, যদি সমগ্র ভারতবর্ষে না-ওহয়, সর্বপ্রথম জাতীয়া শিল্প-প্রদর্শনীর (National Industrial Exhibition এর) পত্তন করিল। এ মেলায় তথন কৃষি, চিত্র, শিল্প, ভাস্কর্য্য, স্ত্রীলোকদিগের স্থাচিও কার্কার্য্য, দেশীয় ক্রীড়া-কোতৃক ও ব্যায়াম প্রভৃতি জাতীয় সমস্ত বিষয়ই প্রদর্শিত হইত। এই মেলা উপলক্ষ্যে কবিতা প্রবন্ধাদিও পঠিত ইইত।


নবগোপালবার্ দেখা হইলেই জ্যোতিরিন্দ্রনাথকে উত্তেজনাপূর্ণ জাতীয় ভাবের কবিতা লিখিতে অনুরোধ করিতেন। জ্যোতিবার্ এ সমরে কবিতা লিখিতেন না, বা ইহার পূর্ব্বেও কথন লেখেন নাই। কিন্তু ক্রমাগত অনুরুদ্ধ হওয়ায়, তিনি একটি কবিতা † লিখিয়াছিলেন। কবিতাটি রচিত হইবামাত্র, নবগোপালবার্ গণেক্রবার্কে দেখাইতে লইয়া গেলেন। জ্যোতিবার্ সেথানে গিয়া কবিতাটি আরুত্তি করিয়া শুনাইলে, গণেক্রবার্ "বেশ হয়েছে, এটা এবার মেলায় পড়তে হবে" বলিয়া তাঁহাকে উৎসাহিত করিয়াছিলেন। সেবারকার মেলায় শ্রিফুক্ত শিবনাথ ভট্টাচার্য্য (পরে শাস্ত্রী—সম্প্রতি পরলোকগত), শ্রীয়ুক্ত অক্সয়র্চক্র চৌধুরী ও জ্যোতিবার্—এই তিনজনের তিনটি কবিতা পঠিত হয়। জ্যোতিবার্র কণ্ঠমর খুব ক্ষীণ, অত ভিড়ের মধ্যে ঠিক শোনা যাইবে না বলিয়া, ৺হেমেক্রনাথ ঠাকুর সেটি বজ্রগন্তীরকণ্ঠে পাঠ করিয়াছলেন। সেবারকার মেলায় সভাপতি ছিলেন ৺গণেক্রনাথ ঠাকুর।

শতীনটক হরিশচন্দ্র প্রভৃতি নাটকপ্রণেতা এবং "মনোমোহন লাইব্রেরী"
নাষক পুশুকের দোকানের সত্তাধিকারী।

[🕆] ১৩১৩ সালের পৌষ সংখ্যা "ভারতী"তে কবিতাটি বছদিন পরে প্রকাশিত



৺গণেক্রনাথ ঠাকুর



ছাড়িয়া দিলেন, তথন হার্মোনিয়ম্ বাজান' জ্যোতিবাবুর একটা প্রধান করিবে ইয়া দাঁড়াইল। সমাজে তথন স্বর্গীয় বিষ্ণু চক্রবর্ত্তী মহাশয় গান করিবেন। ইহাদের বাড়ীতে বোদাই অঞ্চলের বিখ্যাত গায়ক মোলাবক্সও কিছুদিন গায়ক ছিলেন। জ্যোতিবাবু ইহাদের ছইজনের গানের সঙ্গেই হার্মোনিয়ম বাজাইতেন। এইরপে ভাল গায়কের সঙ্গে বাজাইতে বাজাইতে, তাঁহার হার্মোনিয়মে হাত বেশ পাকিয়া উঠিল। সকলেই তখন ইহার হার্মোনিয়ম বাজনার খুব প্রশংসা করিতেন। জ্যোতিবাবু বলিলেন, "তখন হার্মোনিয়মবাদক বলিয়া আমার খুব একটা নামডাকও ছিল। কিন্তু এখন এত ভাল ভাল হার্মোনিয়ম্ বাজিয়ে হইয়াছেন যে, তাঁহাদের কাছে আমি কলিকা পাইবারও উপযুক্ত নই।"


ব্রাক্ষসমাজে এবং বাঙ্গলা গানের সঞ্চে হার্মোনিয়ম বাজান', এই প্রথম স্থক হইল। তৎপূর্কে অনেকেই এই যন্ত্রের সহিত অপরিচিত ছিলেন। জ্যোতিবাবু বলিলেন—

"আমার মনে পড়ে, একদিন রামত্ত্ব লাহিড়ী মহাশ্য আমাদের বাড়ী আসিয়াছিলেন। তাঁহার সঙ্গে সদাসর্বাদাই একথানি নোট্রুক্ থাকিও; যাহা কিছু নৃতন তাঁহার নজরে পড়িত, তাহাই সেই নোট্রুকে তিনি টুকিয়া রাখিতেন। সেই বৃদ্ধের জ্ঞানপিপাসা ছিল অপরিসীম! পিয়ানোর সহিত হার্ম্মোনিয়মের কি তফাৎ জিজ্ঞাসা করিয়া, পিয়ানো বাজান' সহজ কি হার্ম্মোনিয়ম বাজান' সহজ, নানা প্রশ্নোভরের পর সবিশেষ জ্ঞাত হইয়া, সমস্ত তথা তিনি তাঁহার নোট্রুকে টুকিয়া লই-লেন। তাঁহার আবার "good day" "bad day" ছিল। তিনি যখনই আমাদের বাড়ী আসিতেন, তখনি এক পেয়ালা করিয়া চা পাইতেন। জরে কাঁপিতে কাঁপিতে "উঃ"—"আঃ" করিতে করিতে

আক্ষেপের বিষয়। এ দেশে তাঁহার ন্যায় স্বদেশানুরাগী নীরব কর্ম-বীরের একটা স্থায়ী স্মৃতি-চিহ্ন থাকা নিতান্ত আবশ্যক।"

এই সময়ে কাথাঁ (Cathrin) নামে একজন ফরাসী ৬ হেমেক্রনাথের নিকট চাকরীর জন্ম আসিয়াছিল। হেমেক্রবাব তাহাকে
ত্রিশটাকা বেতনে পাচক নিযুক্ত করিলেন। সর্ত্ত হইল, সে পাকও
করিবে, ফরাসী ভাষাও পড়াইবে। একবার হেমেক্রনাথ সপরিবারে বোলপুর গিয়াছিলেন। জ্যোতিরিক্রনাথও তাঁহাদের সঙ্গে ছিলেন।

"প্রতিভা (এখন মাননীয় বিচারপতি স্থার আশুতোষ চৌধুরী মহাশয়ের পত্নী) তথন তুই বংসরের শিশু। কার্থাকেও সঙ্গে লওয়া হইয়াছিল। হিন্দুমতে আমাদের বাহ্মণ রাঁধিত—কাথুাও তাহাই থাইত, তাহাতে সে কিছুমাত্র অসম্ভষ্ট ছিল না—তবে তাহার ভাতের পরিমাণটা আমাদের অপেক্ষা অনেক বেশী ছিল। সে আমাদের সঙ্গে ফরাসীতেই কথা বলিত, ফরাসীতেই গল্প করিত। তাহার কারণ, সে ফরাসী ভিন্ন আর কোনও ভাষাই জানিত না। আমাদের বিলাতী খানা খাইবার ইচ্ছা হইলে, সেই রাধিত। সে অল থরচে নানাবিধ স্থাত ডিস্ প্রস্তুত করিতে পারিত। দে আবার অবসর মত প্রতিভাকে দোলও দিত। তাহার জন্ম গাছে সে একটা দোলনা টাঙ্গাইয়াছিল। দোল দিতে দিতে সে "হাপ্লা—হাপ্লা—" রবে সোলাসে চীৎকার করিত। সে আবার সেজদাদাকে জিম্ভাষ্টিক্ও শিথাইত। কাথুঁ। বোলপুরে থাকিতে, সেথানকার খোঁয়াড় হইতে কতকগুলি ফটিক পাথর জমা করিয়া-ছিল। তাহার পর এক একটা কাঠি বেশ পরিষ্কার করিয়া চাঁচিয়া ছুলিয়া, তাহাতে ঐ সব পাথরগুলি ফলার মত করিয়া বসাইয়া, একদিন সে কি একটা যন্ত্র প্রস্তুত করিয়া ফেলিল। কলিকাতার King Hamil-



৺শিবনাথ শাস্ত্ৰী



তাহার নিকট হইতে কিনিয়া লইল। এই সব পাথর আমরা কতবার দেখিয়াছি, কিন্তু তাহাদ্বারা বে কোনও প্রকার কায হইতে পারে, এ ধারণা আমাদের মাথার কথনও আদে নাই! কিন্তু সে সামান্ত একজন অন্নশিক্ষিত করাসী,—পাথরগুলিকে কেমন কাযে লাগাইয়া লইল। শুধু কাযে লাগাইল না, তাহার দ্বারা সে গরীব তুপয়সা রোজগারও করিয়া ফেলিল। ইয়্রোপীয় ও ভারতবর্ষীয়ের মধ্যে এমনই প্রভেদ!

• "তথন জোড়াসাঁকো বাড়ীতে প্রায়ই বন্ধবান্ধবগণকৈ ডিনার দেওয়া হইত। কাথুঁাই ডিনারের সব প্রস্তুত করিত। একদিনকার ডিনারে, তৎকালীন্ হাইকোটের জজ শ্রীযুক্ত দারিকানাথ মিত্র মহাশম আসিয়াছিলেন। আর একবার বঙ্কিমবাবুকেও খাওয়ান হইয়াছিল। বঙ্কিম-বাবুর কথা পরে বলিব।

"কাথাঁ বাস্তবিক রন্ধনে বিদ্ধহন্ত ছিল্ন, ফ্রাসীরা অবশ্র রান্ধার জন্ত বিশেষ বিখ্যাত। ইয়ুরোপের সমস্ত বড় বড় লোকের ঘরে ফরাসী পাচকই থাকে। ফরাসীদের রান্ধা অনেকটা আমাদেরই মত। ইংরাজদের যেমন এক একটা গোটা জানোয়ার টেবিলে ধরিয়া দেওয়া হয়, ফরাসীদের রীতি কিন্তু সেরূপ নয়। তাহারা মাংস বেশ ছোট ছোট করিয়া কাটিয়া, তাহাতে নানাবিধ আনাজ ও মশলা দিয়া, বেশ স্থাত্ ও মুখরোচক করিয়া পাক করে। সে শাক্সব্জীর নিরামিষ ডিশও অতি স্থলর রাঁধিতে পারিত। আমাদের যেমন শাকের ঘণ্ট, শুক্তো প্রভৃতি আছে, সেও সম্ (Sauce) ও মশলা দিয়া, এক একদিন সেই ধরণের এক একটা জিনিষ প্রস্তুত করিত। তাহাকে কখনও কি রাঁধিতে হইবে বলা হইত না, কিন্তু সে নিত্য নৃত্ন নৃত্ন রসনা-পরিতোষকারী রন্ধনে যে অছুত বুদ্ধি ও শক্তিমন্তার পরিচয় দিত,—তাহাতে আমরা চমৎকৃত না হইয়া পারিতাম না।

জ্যোতিরিজনাথ

"আমাদের সে "চণ্ডীপাঠ হইতে জুতাসেলাই" পর্যান্ত প্রায় সমস্তই করিত—সে হিসাবে তাহার বেতন কিন্তু খুবই অল বলিতে হইবে। অনেক দিন পর্যান্ত সে আমাদের নিকট ছিল, তারপর এক-বার ছুটি লইয়া বাড়ী যায়। সেথান হইতে সে নিয়মিত পত্রাদিও লিখিত; কিন্তু ফরাসী-জার্মান্ (Franco-German) যুদ্ধ বাধার পর হইতে, আর তাহার কোনও সংবাদ পাওয়া যায় নাই। বোধ হয়, বেচারা সেই যুদ্ধেই নিহত হইয়াছে।"

ছেলেখেলা, নাটক-রচনা ও অভিনয়

জ্যোতিরিন্দ্রনাথের শৈশবসঙ্গী আর একজন ছিলেন, তিনি ৺গুণেক্রনাথ ঠাকুর। গুণেন্দ্রনাথের সম্বন্ধে জ্যোতিবাবু বলিলেন যে—"গুণুদাদা ও আমি প্রায়ই একবয়সী। আমরা ছেলেবেলায় বরাবর একত্রে থাকিতাম, একসঙ্গে থেলাধূলা এবং একসঙ্গে পাঠাভ্যাসও করিতাম। তিনি অত্যস্ত প্রত্বঃথকাত্র, স্নেহশীল এবং উদারহৃদয় লোক ছিলেন। আমরা তুইজনে থেন হরিহর-আত্মা ছিলাম। এক হাতার মধ্যে আমাদের ছই বাড়ী। "এ-বাড়ী" আর "ও-বাড়ী"। তিনি রোজ সকালে আমাদের বাড়ী আসি-তেন। আরও তুই চারি জন সঙ্গী জুটাইয়া লইয়া, আমাদের বাড়ীর বারাওায় আমরা সারাদিনই প্রায় আডো বসাইতাম। গুণুদাদা বড় বড় কল্পনায় বড় আমোদ পাইতেন। কত রকম কল্পনা যে আমাদের মাথায় আসিত, তাহার আর ইয়তা নাই; কিন্ত অধিকাংশ গলেই উবিয়া যাইত, কাঘে কিছুই পরিণত হইত না। তবুও ওরই মধ্যে আমি একটু কেযো' ছিলাম, কল্পনাকে জুড়াইতে না দিয়া, তৎক্ষণাৎ তাহাকে কার্য্যে পরিণত করিবার জন্ম উঠিয়া পড়িয়া লাগিয়া যাইতাম। তা' সে ছেলেমানুষীই হউক্ আর ঘাই হউক। গুণুদাদার তিন পুত্র — গগনেক্র, সমরেক্র ও অবনীক্রনংথ।

"একদিন কথা হইল, আমাদের ভিতর Extravaganza নাট্য নাই। আমি তথনই Extravaganza প্রস্তুত করিবার ভার লইলাম। পুরাতন "সংবাদ-প্রভাকর" হইতে কতকগুলি মঙ্গার-মঙ্গার কবিতা জোড়াতাড়া কিয়া কেইটা "ক্ষেত্রটাই" প্রাত্তি কবিয়া কার্যক্ষেত্র হব ব্যাইয়া ও-রাজীব

্মধ্যে মধ্যে জ্যোতিবাবুর এই নির্জন শৈলাবাদে সত্যেক্রনাথও আসিয়া বাস করিয়া থাকেন। কিন্তু অধিকাংশ সময়ই তাঁহার সঙ্গীর মধ্যে ছইটি জীব। এক "গঞ্জু" কুকুর, অপর "রূপী" বানরী। রূপীকে আগে দেখি নাই, এইবার দেখিলাম। তাহার হৃদর মাতৃক্ষেহে পরিপূর্ণ। রূপীর কোলে একটি ছোট কুকুরের বাচ্ছা। একদণ্ডও সে বাক্ডাটিকে ছাড়িয়া দেয় না। বাচছাটি মাতৃহীন, রূপীও বন্ধা। কুকুর-বাচ্ছাটি রূপীর স্তনপান করে, এবং দিন-রাত্রি তাহার নিকটেই থাকে। কেহ বাচ্চাটিকে লইতে গেলে রূপী একবারে সিংহীর মত তাহাকে আক্রমণ করিতে আসে। বাচহাটি রূপীর বক্ষঃস্থল আঁচড়াইয়া কামড়াইয়া ক্ষভ-বিক্ষত করিয়া দিয়াছে, তবুও সে তাহাকে বুকে চাপিয়া ধরিয়া রাখে। রূপী যথন থায়, তথনও বাচ্ছাটিকে এক হাতে ধরিয়া থাকে, পাছে সে পলাইয়া যায়। এই বাচছাটি আজ কয়েক দিন হইল কোথায় চলিয়া গিয়াছে, রূপী দিন হুই প্রায় অভুক্ত ছিল। কেহ যদি "আয় আয়" বলিয়া চুম্কারি দিত, অমনি দে তড়িতাহতের স্থায় উচ্চকিত হইয়া ব্যাকুল নেত্রে চারিদিক খুঁজিত, ভাবিত বুঝি সে ফিরিয়াছে। হায়রে মাতৃত্বেহ। আগে জানিতাম কুকুরে ও বানরে কখনই বনে না। কিন্তু মাতৃক্ষেহের নিকট আজ সে জাতিগত পাৰ্থক্য কোথায় ? শান্তিধামে স্বই শান্ত, স্বই পবিত্ৰ 🖠

শান্তিধামের দর্শকসংখ্যাও বড় কম নয়। প্রত্যন্ত সকাল ৭টা হইতে বেলা ১০টা ও অপরাত্নে ৪টা হইতে সন্ধ্যা পর্যান্ত দর্শকের বিষম ভিড়। সকলের জন্মই দার অবারিত। বাড়ী ঘর সারাদিনই খোলা পড়িয়া আছে, ফটকও দিবারাত্র অরুদ্ধ, যে-কেহ আসিয়া সব পরিদর্শন করিয়া যাইতে পারে, কাহাকেও কাহারও অনুমতির অপেকা করিতে এই উপলক্ষো তর্করত্ন মহাশয়কে পুরস্কার প্রদান করা হয়, সে একটি স্বরণীয় দিন। কলিকাতার সমস্ত ভদ্র ও বিশিষ্ট ব্যক্তিগণকে জোড়াসাঁকোর বাড়ীতে নিমন্ত্রণ করিয়া আনিয়া, সভার মধাস্থলে একটা রূপার থালায় নগদ ১০০ টাকা সাজাইয়া রাথা হইল, এবং সভাস্থলে নাটক থানি আভোপান্ত পঠিত হইল। শুনিয়া সকলেই প্রেশংসা করিলেন। তথন ঐ পাঁচশত টাকা তর্করত্ন মহাশয়কে প্রদান করা হইল। তিনিও ইহাতে খুব খুসী হইয়াছিলেন।

জ্যোতিবাবু বলিলেন—"পণ্ডিত রামনারায়ণের এই "নবনাটকে" বিদেশী আদর্শের একটু গন্ধ যে একেবারে না ছিল তাহাও নহে। আমা-দের সংস্কৃত নাট্যসাহিতো কোন বিয়োগান্ত নাটক নাই। তিনি ইংরাজি শিক্ষিত লোকদিগের রুচিকে প্রশ্রম দিয়াই, খাঁটি বাঙ্গালায় এই সর্ব্ব-প্রথম বিয়োগান্ত নাটক রচনা করিলেন।


"এখন হইতে "বড়"র দলই অভিনয়ের আয়োজন করিতে লাগিলেন।
দোতলার হলের ঘরে প্টেজ বাঁধা হইল। তারপর পটুরারা আসিয়া
সীন্ (Scene) আঁকিতে আরম্ভ করিল। 'ডুপ-সীনে' রাজস্থানের ভীমসিংহের সরোবরতটস্থ "জগমন্দির" প্রাসাদ অন্ধিত হইল। নাট্যোল্লিখিত পাত্রগুলির পাঠ আমাদের স্বাইকে বিলি করিয়া দেওয়া
হইল। আমি হইলাম নটী, আমার জ্যেঠতুত ভগিনীপতি ৮নীলকমল
মুখোপাধ্যায় (পরে গ্রেহামের বাড়ীর মুচ্ছুদি) সাজিলেন নট, আমার
নিজের আর এক ভগিনীপতি ৮য়ত্বনাথ মুখোপাধ্যায় "চিন্তভোষ", আর
এক ভগিনীপতি ৮য়ারদাপ্রসাদ গঙ্গোপাধ্যায় হইলেন গবেশ বাবুর বড়
ত্রী। স্থাসিদ্ধ কমিক অক্ষয় মজুমদার লইলেন গবেশবাবুর পাঠ।
বাকী আমাদের অন্তান্ত আত্মীয় ও বন্ধবান্ধবদের জন্ত নির্দিষ্ট হইল।

"পুরু-বিক্রম প্রকাশিত হওয়ার পর, একদিন Great National Theatre-এর পক্ষ হইতে শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও শ্রীযুক্ত অমৃতলাল বস্ক প্রভৃতি কয়েকজন অভিনেতা এই নাটকধানির অভিনয় করিবার জন্ত, আমার অনুমতি লইতে আসিয়াছিলেন। তথন তরুণ অমৃতলাল সামান্ত একজন অভিনেতা মাত্র, কিন্তু তথনই তাঁহার উজ্জ্বল মৃথমগুলে আমি এক অপূর্ব্ব প্রতিভার আলোক দেখিতে পাইয়াছিলাম।

"পত্যেক্তনাথের "গাও ভারতের জয়" গানটি পুক-বিক্রমে সন্নিবিষ্ট করা হইয়াছিল। হিন্দুমেলার সময়ে বিষ্ণুবাবু এই গানটিতে একটা চলিত থাম্বাজ স্থর বসাইয়া দিয়াছিলেন—সে স্থরে যেন তেমন জোর ছিল না। পরে গ্রেট্ স্থাশস্থাল থিয়েটারের কর্তৃপক্ষগণ গানটির বেশ একটা জোরাল' স্থর দিয়াছিলেন, সেই স্থরেই ইহা এখনও গীত হয়।

"তারপর বেঙ্গল থিয়েটারেও নাটকথানি অভিনীত হয়। ছাতুবাব্-দের বাড়ীর শরচ্চক্র ঘোষ মহাশয় পুরু সাজিয়া ছিলেন। শরৎ বাবুর একটি অতি স্থন্দর শাদা আরব ঘোড়া ছিল। ঘোড়াটি যেমন তেজীয়ান্

ক নাট্যাচার্য্য রসরাজ প্রায়ুক্ত অমৃতলাল বস্থ মহাশয়ের মুখে শুনিলাম, অমৃতবাবু যথন হিন্দুস্লে পড়েন, তখন জ্যোতিবাবু প্রেসিডেন্সিকলেজে প্রথম বার্বিক প্রেনিতে পড়িতেন। সেটা ইংরাজী ১৮৬৫ সাল। এক একদিন জ্যোতিবাবুর গাড়ী আসিতে দেরী হইলে, ছুটির পর তিনি যথন সংস্কৃত কলেজের সিড়ির উপর অপেক্ষা করিয়া গাঁড়াইয়া থাকিতেন, তখন অমৃতবাবু তাঁহার গাড়ীতে বসিয়া একদৃষ্টে জ্যোতিবাবুর মুখের পানে চাহিয়া থাকিতেন; তিনি বলেন যে idea of Greek beautyর বেটুক্ impression তখন তাঁহার মনে হিল, সেটুক্ যেন তিনি জ্যোতিবাবুর স্বাব্যার এবং মুখকান্তিতে প্রস্কৃতিত দেখিতেন। এই সৌন্দর্য্য manly সৌন্দর্য্য, তাহাতে effiminacyর লেশমাত্র ছিল না। তিনি আরও বলিলেন যে একথা পরে জ্যোতিবাবুকে জ্যাকবার স্বাহ্যার বলিখনে । এই জ্যোতিবাবুক জ্যাকবার স্বাহ্যার বলিখনে । এই জ্যাতিবাবুক জ্যাত্যার স্বাহ্যার বলিখনে । এই জ্যাতিবাবুক জ্যাত্যার স্বাহ্যার বলিখনে । এই জ্যাত্যার বলিখনে । এই জ্যাত্যার বলিখনে । এই জ্যাত্যার বলিখনে । এই জ্যাত্যার স্বাহ্যার বলিখনে । এই জ্যাত্যার জ্যাত্যার বলিখনে । এই জ্যাত্যার স্বাহ্যার বলিখনে । এই জ্যাত্যার বলিখনে । এই জ্যাত্যার স্বাহ্যাত্যার বলিখনে । এই জ্যাত্যার বলিখনে । এই জ্যাত্যার প্রাহ্যার স্বাহ্যার বলিখনে । এই জ্যাত্যার প্রাহ্যার বলিখনে । এই জ্যাত্যার স্বাহ্যার স্বাহ্যার স্বাহ্যার স্বাহ্যার বলিখনে । এই জ্যাত্যার স্বাহ্যার স্বাহ্যার



শ্রীযুক্ত অমৃতলাল বস্থ



(২০) ৺রামনারায়ণ তর্করত্ন	·	
(২১) ৺নীলকমল মুখোপাধ্যায় ও ৺যত্নাথ মুখোপাধ্যায়		. >0%
(২২) ৺সারদাপ্রসাদ গ্রেশপাধ্যাম	••	
(২০) স্বর্গীয় মহারাজা যতীক্রমোহন ঠাকুর	-	• >>0
(২৪) ৺জানকীনাথ ঘোষাল	• • •	>>9
(২৫) স্বর্গীয় ডাজার মহেদ্রলাল সরকার	***	>5>
(২৬) ৺গণেক্রনাথ ঠাকুর		> २৫
(২৭) ৺শিবনাথ শান্ত্রী		252
• • •	•••	200
(২৮) শ্রীষ্ক জ্যোতিরিক্রনাথ ঠাকুর ও তাঁহার ক্রীক্ষা সম্প্রিক		
স্বর্গীয়া সহধর্মিণী কাদম্বরী দ্বৌ	•••	১৩৯
(২১) শ্রীযুক্ত অমৃতলাল বস্থ (১১) স্ক্রীয় কলিক জিল	***	>80
(॰) স্বর্গীয় কবিবর গিরিশচন্দ্র ঘোষ	•••	>85
(৩১) স্বর্গীয় কবিবর রাজস্কৃষ্ণ রায়	•••	693
(৩২) স্বর্গীয় শুর গুরুদাস বন্দ্যোপাধ্যায়	• • •	১৬৩
(৩৩) স্বর্গীয় রাজনারায়ণ বস্তু	***	८७८
(৩৪) রেভারেও কালীচরণ বন্দ্যোপাধ্যায়	• • •	290
(৩৫) কবিবর শ্রীযুক্ত দেবেক্রনাথ দেন	•••	>99
্তি স্বামিরাজেজলাল মিত্র দি, আই, ই	• • •	১৮৩
		১৮৯
(৩৮) ভাই প্রতাপচন্দ্র মজুমদার		>>>
(৬৯) স্বৰ্গীয় মনোমোহন বস্ত্ৰ		•
(৪০) স্থায়ি স্থাব তাবিক্ষাণ প্ৰাভিক্ষ		२०१
(৪১) বিভাসাগর মহাশয়ের শেষ-শ্যা		۲۰ <i>۲</i>

আমাদের সম্মুর্থেই Dwarkinএর একটি বিশাল piano ছিল— জ্যোতিরিন্দ্রনাথের নিপুণ অঙ্গুলিম্পর্শে সে বিপুল আনন্দে উচ্ছ্বুসিত হইয়া উঠিল। পিয়ানো, সেতার, তবলা, মন্দিরা, এসরাজ, হার্দ্মোন্ নিয়ম প্রভৃতির সহযোগে কয়েকটি ঐক্যতান বাস্ত হইল,—এবং আমন্ত্রিত ব্যক্তিবর্গের মধ্যে কেবল একজন ভদ্রলোক গান করিলেন। রাত্রি ১০টার সময় সভা ভঙ্গ হইল—আমরাও হাদ্যের ভক্তিশ্রন্ধা জ্ঞাপন করিয়া বাসার দিকে ফিরিলাম।

এ আদরে দেখিবার একটি বিশেষ জিনিষ ছিল, সেটি জ্যোতিরিক্রনাথের অধাবসায় এবং ললিতকলার প্রতি অক্লান্ত অনুরাগ। এক
মুহুর্ত্তও না থামিয়া "বালাকৈ-প্রতিভা"র সমস্ত গানগুলি একে একে গাহিতে
ভাঁহার শ্বাস যেন রুদ্ধ হইয়া আসিতেছিল, তবু ভাঁহার উৎসাহের বিন্দুমাত্রও হ্রাস দেখা গেল না! ঘর্দ্মাক্ত কলেবরে যথন বেহালা ও পিয়ানো
বাজাইতে লাগিলেন, তথন তাঁহার ক্লান্তি দেখিয়া আমাদের কণ্ঠ হইতে
লাগিল; কিন্তু তিনি প্রকৃতিজ্যী একনিষ্ঠ সাধকের মত একবারে
তথ্যর হইয়া পড়িয়াছিশেন। বার্দ্ধকা ও ক্লান্তি পরাজিত হইয়া দূরে
সরিয়া গেল, আর জ্যোতিরিক্রনাথ আপনার মহামহিমায় প্রতিষ্ঠিত
রহিলেন। আসিবার সময় ভাঁহার কন্ত হইল বলিয়া আমরা ক্ষমাভিক্ষা করায় জনৈক ভদ্রলোক বলিলেন, "আমাদের ত আমোদ
হ'ল।"

জ্যোতিরিক্রনাথ হাসিলেন, কিন্তু কথাটা ঠিক। সে হাসিটি শিশুর-মত উচ্চ ও সরল। তিনি আমায় অনেক কথা জিজ্ঞাসা করিলেন, পরে তাঁহার চক্ষুর অসুথ শুনিয়া খুবই বিমর্ঘ হইয়া পড়িলেন।

হঠাৎ অর্ণপীড়া বৃদ্ধি পাওয়ায় ববীন্দ্রনাথের ইয়্রোপযাত্রা স্থাতি হয় গেল, দে অন্থ এখনও সম্পূর্ণ আরোগ্য হয় নাই, ডাক্তারেরা এখন তাঁহাকে অন্তত ৩।৪ মাসকাল সামান্ত নড়াচড়া পর্যান্ত করিতে নিষেধ করিয়াছেন, এই কথা কয়টি বলিতেই জ্যোতিরিন্দ্রনাথের কোমল হায় ভাতৃবাংসলো ভরিয়া উঠিল এবং কণ্ঠসার ক্ষীণতার হইয়া গেল।

রাত্রি প্রায় ৮॥০ বা নটা বাজিল। আমরা সেদিনের মত বিদায় ভিক্ষা করায় জ্যোতিবাবু তুঃখ-প্রকাশ করিলেন যে রাত্রি অধিক হওয়ায়, তাঁহার একটি লতামগুপ ও একটি গুহা আছে সে তুইটি আমাদিগকে দেখাইতে পারিলেন না। এই জন্ম আর একদিন একটু সকাল সকাল আসিতে অনুরোধ করিলেন।

আগামী রবিবারে জ্যোতিবাবৃকে "বাল্মীকি-প্রতিভা"র স্থর শুনাইতে
অনেকে অনুরোধ করিয়াছেন,তিনিও স্বীকৃত হইয়াছেন—এই জন্ম তাঁহার
গৃহে সেইদিন একটি মজলিশ হইবে। তিনি আমাদিগকেও তাহাতে
হাজির হইবার জন্ম সঙ্গেহে নিমন্ত্রণ করিলেন, এবং সেদিন যে নিশ্চয়ই
আসিব সে প্রতিশ্রতি আদায় করিয়া তবে আমাদিগকে ছাড়িলেন।

জ্যোতিবাবুর কাছেই শুনিলাম যে "বাল্মীকি-প্রতিভা"র প্রায় সব ্গানের স্থরই জ্যোতিবাবুর সংযোজিত।

জ্যোতিরিক্রনাথ আমাদিগকে নীচে পর্যান্ত আসিয়া বিদায় দিয়া গেলেন। আমরা পথে ভাবিলাম—"আজ সোমবার, রবিবার আসিতে এখনও অনেক দেরী!" "সরোজিনী" প্রকাশিত হইবামাত্রই কলিকাতার সাধারণ থিয়েটারে বইথানি অভিনীত হইয়া গেল। পুরু-বিক্রম ও সরোজিনী ছইথানিই জনসমাজে থুব প্রশংসালাভ করিল। জ্যোতিবাবুর নাট্যকার বলিয়া একটা থ্যাতিও প্রতিষ্ঠিত হইয়া গেল। বিশেষতঃ সরোজিনী অভিনয়ের পর, বাঙ্গলাদেশে জ্যোতিবাবুর যশের বিজয়ত্বনুভি বাজিয়া উঠিল। সকলেই একটা অভ্তপুর্ব অমৃত্রশাদানের ভৃপ্তিস্থথে বিভোর হইয়া গেল। এক কথায়, সরোজিনী তথন বাঙ্গলানাটকে এক নবমুগের সৃষ্টি করিয়াছিল।

'কলিকাতা-আর্ট-স্কূলে'র তদানীন্তন শিক্ষক শ্রীযুক্ত অরদাপ্রসাদ বাগ্টী মহাশয় সরোজিনীর শেষদৃশ্যের একথানি চিত্র পর্যান্ত অন্ধিত করিয়াছিলেন। সে চিত্রথানি পৌরাণিক দেবদেবীর চিত্রের সঙ্গে বাজারে বহুদিন যাবং বিক্রীত হইয়াছিল। যাত্রার দলেও সরোজিনী অভিনীত হইতে লাগিল। সরোজিনী-যাত্রা একবার জোড়াসাঁকো বাড়ীতেও হইয়াছিল। সরোজিনীর গান তথন সভায়, মজলিশে, সর্বত্র গীত হইত।

হাওড়ায় একদিন একটা থিয়েটারে সরোজিনীর অভিনয় হয়, জ্যোতিবাব্ও তাহাতে নিমন্ত্রিত হইয়াছিলেন। যে দৃশ্রে বিজয়সিংহ কর্ত্ত্ব সরোজিনীর উদ্ধার সাধিত হয়, সেই দৃশ্রে কিয়ৎক্ষণের জ্ঞা সমগ্র রঙ্গালয় মুধরিত করিয়া, দর্শকগণ উচ্ছ্, সিতকঠে ঘনঘন চিংকার করিয়াছিল, "Thanks, thanks to the young author."

তথনও গিরিশচক্র ঘোষ মহাশর নাটক লিখিতে আরম্ভ করেন নাই। বাঙ্গলার রঙ্গমঞ্চে নাট্যসাহিত্যে জ্যোতিবাবুরই তথন প্রবল প্রতাপ। জ্যোতিবাবু বলিলেন—"ইহার কিছুদিন পরেই গিরিশবাঘু যখন ছবি হারানোতে তিনি এখনও বিশেষ তঃথিত—দে ছবিটি ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেন মহাশয়ের। তব্ও চিত্রবিভায়ে রীতিমত শিক্ষালাভ করিবার স্থযোগ পান নাই বলিয়া তিনি এখনও ক্ষুদ্ধ।

যাহাই হউক,—পূর্ব্বক্থিত জয়গোপাল শেঠ নামে তাঁহাদের যে শিক্ষক ছিলেন, তাঁহার চেহারা ও পোষাকের বর্ণনা নিম্নে প্রদত্ত হইল।

শিক্ষক মহাশয় বেমন পাত্লা, তেমনি অসাধারণ রকমের লয়াও ছিলেন। গরুড় পক্ষীর প্রসিদ্ধ নাসিকাটির মত তাঁহার কণ্ঠনালীটি সমুথ দিকেই বেশী ঝুঁকিয়া পড়িয়াছিল; হাত ছইথানি ছই পাশে প্রসারিত করিয়া, আঙ্গুলগুলি মেলিয়া, লয়া লয়া পা ফেলিয়া, চলিতেন ঠিক যেন হাড়গিলাটির মত; কণ্ঠয়র একটু অনুনাসিক; হাসিলে তাঁহার মিশি-দেওয়া কালো কালো দাঁতগুলি বাহির হইয়া এক অপূর্ব শোভা বিকীরণ করিত; তাঁহার দেহবর্ণ তবু একটু ফর্সা ছিল। মাষ্টার মহাশয়ের পরিচ্ছদেও ছিল এক অন্তুত রকমের। পরিধানে ধুতি, অঙ্গে একটা সাদা লংকথের চাপ্কান, বুকে ভাঁজ করা একথানা চাদর, পায়ে ফুল্ মোজা এবং মাথায় পর্দায় পর্দায় ভাঁজকরা একটা সাদা পাগড়ী;—এমনি পাগ্ড়ীই নাকি তথন সব আফিসের কর্মচারীরা ব্যবহার করিতেন। তাম্বুলরাগ অধরওঠের সীমা পরিত্যাগ করিয়া চিবুক এবং বক্ষস্থ উত্তরীয় পর্যন্ত কথন'-কথন' সবেগে ধাবমান হইত।

একদিন ক্লাসের কতকগুলি ছাত্র পরামর্শ করিয়া, এই শিক্ষক মহাশয় আসিবার পূর্কেই তাঁহার চেয়ারের আসনটিকে বেশ করিয়া মসীরঞ্জিত করিয়া রাথিয়া দিয়াছিল। মাষ্টার মহাশয় তত লক্ষ্য করেন নাই, যেমন বসিয়াছেন অমনি কালির ছাপে তাঁহার চাপ্কানটি তাঁহার পশ্চাতে বিচিত্ররূপে চিত্রিত হইয়া গেল। এবস্থিধ ব্যাপারে তিনি তো তাহার পর ক্রমশ, তাঁহার উপস্থাসের পর উপস্থাস প্রকাশিত হইতে লাগিল—আমার দেখিয়া বড়ই আনন্দ হইত।

"আগে আমাদের বাড়ীতে অবরোধপ্রথা থ্বই মানিয়া চলা হইত। মেয়েদের এবাড়ী ওবাড়ী যাইতে হইলেও ঘেরাটোপটাকা পালীতে চড়িয়া যাইতে হইত; এবং পালীর সঙ্গে সঙ্গে ২া> জন করিয়া লারোয়ানও যাইত। যে সকল প্রস্ত্রীগণ গঙ্গালানে যাইতেন, তাঁহাদিগকে পালী করিয়া লইয়া গিয়া, পালীস্থদ্ধ জলে চুবাইয়া আনা হইত। কিন্তু এই অবরোধপ্রথার বিরুদ্ধে সর্বপ্রথম মেজদাদা অস্ত্রধারণ করিলেন। তাঁহার পূর্ব্বে বঙ্গদেশে সামাজিক ক্প্রথার বিরুদ্ধে আর কেহই হস্তোত্তোলন করিয়াছিলেন বলিয়া, আমার মনে হয় না। এই অসমসাহসিক কার্য্যের জন্ম তাঁহাকে তৎকালীন জনসমাজে অনেক অপ্রিয় মন্তব্যও সন্থ করিতে হইয়াছিল। ফলে আমাদের অন্তঃপুরিকাগণের মধ্যে গাড়ীর চলন হইয়া পড়িল।

শ্বর্ণকুমারীর সঙ্গে যথন শ্রীযুক্ত জানকীনাথ ঘোষালের বিবাহ হইল, তথন আমাদের অন্তঃপুরে আরও কিছু কিছু পরিবর্তন ঘটিতে আরম্ভ করিল। পূর্কে আমাদের শুইবার ঘরে থাট-বিছানা ছাড়া

⁽১৩০৮ ইং ১৯০১), কৌতুকনাট্য (১৩০৮ ইং ১৯০১), দেবকৌতুক (১৩১২), কনে-বদল (১৩১৩), পাকচক্র (১৩১৯), রাজকক্যা (১৬২০)। এওডিল্ল অর্থকুমারীর রচিত কয়েকথানি শিশুপাঠ্য পুস্তকও আছে; যথা—গল্লফল্ল, সচিত্র বর্ণবোধ, বাল্যবিনাদ, প্রথমপাঠ্য ব্যাকরণ এবং কীর্ত্তিকলাপ।

লেখিকা মহাশয়ার ভাষণ এবং নক্ষঞ্জগৎ সম্বন্ধীয় অনেকগুলি প্রবন্ধ যাহা

"সে সময়ে সেতারের খুব রেওয়াজ ছিল। সৌথীন যুবকেরা প্রায়ই তথন ঐ যন্ত্রই শিক্ষা করিত। আমার ভগিনীপতি ৺ সারদা-প্রসাদ গঙ্গোপাধ্যায় তথন জুয়ালাপ্রসাদ নামক একজন প্রসিদ্ধ হিন্দুস্থানী ওস্তাদের নিকট সেতার শিথিতেন। তিনি যে সকল গৎ শিথিয়াছিলেন তাহা লক্ষ্ণী ডং-এর। ওস্তাদ্জী আমার শিক্ষিত গৎগুলি শুনিয়া বলিলেন—এগুলি দিল্লী ঢং-এর। দিল্লী ঢং-এর গৎগুলি একটু বেশী সাদাসিধা। তথন সারদাবাব্র বৈঠকখানাতে প্রায়ই প্রসিদ্ধ প্রসিদ্ধ গায়ক বাদক প্রভৃতি গুণীগণের মজলিস বসিত। সারদাবাব্ একজন সৌথীন লোক ছিলেন। তিনি নিজেও বেশ জ্পদ গাহিতে পারিতেন।"

দিজেন্দ্রবাবুর পুরাণো কোন-রকমে কাযচলা একটা পিয়ানো ছিল।
দিজেন্দ্রবাবু যথন ঘরে থাকিতেন না, জ্যোতিবাবু তাঁহার ঘরে ঢুকিয়া
সেই পিয়ানোটি বাজাইতেন। দিজেন্দ্রবাবু দেখিতে পাইলেই
"ভেঙ্গে যাবে, ভেঙ্গে যাবে" বলিয়া ধমক দিয়া উঠাইয়া দিতেন, কিন্ত জ্যোতিবাবু তবুও সেই পিয়ানো বাজাইবার প্রলোভনটি কিছুতেই
চাপিয়া রাখিতে পারিতেন না। যাহাই হউক, এমনই ভাবে একটু একটু
করিয়া বাজাইয়া বাজাইয়া, পিয়ানোতেও তাঁহার একটু হাত জমিয়া গেল।

ইহাঁদের বাড়ীতে একটা খুব বড় টেবিল হার্মোনিয়ম্ছিল। অবসর মত জ্যোতিবাবু সেটির উপরেও সাক্রেদী চালাইতেন। ক্রমে হার্মোনিয়মেও তাঁহার বেশ ব্যুৎপত্তি জন্মিল।

এই সময়ে ব্রাহ্মসমাজের জন্ম একটা খুব বড় টেবিল হার্ম্মোনিয়ম আসিল।তথন এ দেশে এই ষষ্ট্রটা সর্কাসাধারণের মধ্যে একবারেই চলিত হয় নাই। সমাজে তথন গানের সঙ্গে দ্বিজেন্দ্রনাথ ও সত্যোক্তনাথ তিনি আমায় অনেক কথা জিজ্ঞাসা করিলেন, পরে তাঁহার চক্ষুর অসুথ শুনিয়া খুবই বিমর্ঘ হইয়া পড়িলেন।

হঠাৎ অর্ণপীড়া বৃদ্ধি পাওয়ায় ববীন্দ্রনাথের ইয়্রোপযাত্রা স্থাতি হয় গেল, দে অন্থ এখনও সম্পূর্ণ আরোগ্য হয় নাই, ডাক্তারেরা এখন তাঁহাকে অন্তত ৩।৪ মাসকাল সামান্ত নড়াচড়া পর্যান্ত করিতে নিষেধ করিয়াছেন, এই কথা কয়টি বলিতেই জ্যোতিরিন্দ্রনাথের কোমল হায় ভাতৃবাংসলো ভরিয়া উঠিল এবং কণ্ঠসার ক্ষীণতার হইয়া গেল।

রাত্রি প্রায় ৮॥০ বা নটা বাজিল। আমরা সেদিনের মত বিদায় ভিক্ষা করায় জ্যোতিবাবু তুঃখ-প্রকাশ করিলেন যে রাত্রি অধিক হওয়ায়, তাঁহার একটি লতামগুপ ও একটি গুহা আছে সে তুইটি আমাদিগকে দেখাইতে পারিলেন না। এই জন্ম আর একদিন একটু সকাল সকাল আসিতে অনুরোধ করিলেন।

আগামী রবিবারে জ্যোতিবাবৃকে "বাল্মীকি-প্রতিভা"র স্থর শুনাইতে
অনেকে অনুরোধ করিয়াছেন,তিনিও স্বীকৃত হইয়াছেন—এই জন্ম তাঁহার
গৃহে সেইদিন একটি মজলিশ হইবে। তিনি আমাদিগকেও তাহাতে
হাজির হইবার জন্ম সঙ্গেহে নিমন্ত্রণ করিলেন, এবং সেদিন যে নিশ্চয়ই
আসিব সে প্রতিশ্রতি আদায় করিয়া তবে আমাদিগকে ছাড়িলেন।

জ্যোতিবাবুর কাছেই শুনিলাম যে "বাল্মীকি-প্রতিভা"র প্রায় সব ্গানের স্থরই জ্যোতিবাবুর সংযোজিত।

জ্যোতিরিক্রনাথ আমাদিগকে নীচে পর্যান্ত আসিয়া বিদায় দিয়া গেলেন। আমরা পথে ভাবিলাম—"আজ সোমবার, রবিবার আসিতে এখনও অনেক দেরী!" ফিরিয়া পাইয়া, তবে তিনি প্রকৃতিস্থ হন। অপরাধে, বিনা-অপরাধে, যথন-তথন, এই বেতগাছটি ছাত্রদিগের পৃষ্ঠসংস্পর্শে আসিত। আশ্বর্ধ্য এমনি তাঁহার হস্তকভূষন যে, যথন ছুটি দিতেন তথনও ছুই চারি ঘা পটাপট্ বেত্রাঘাত না করিয়া স্থির থাকিতে পারিতেন না, আর সেই সঙ্গে কতকগুলা অকথা গালিবর্ষণ্ড যে না হইত, তাহাও নয়।

ইহার পর, বাড়ীতে মাপ্তারের কাছে ইংরাজী পড়া আরম্ভ হইল। তখন জ্যোতিবাবুর অভিভাবক হইলেন, তাঁহার সেজদাদা (স্বগীয়া হেমেক্রনাথ ঠাকুর)। হেমেক্রবাবুর শিক্ষারীতিও সেকালের অনুরূপ অতি কঠোর ছিল। অপ্তপ্রহর ঘাড় গুঁজিয়া টেবিলে ঝুঁকিয়া পড়িতে হইত। মিছামিছি সময় নষ্ট হইবে বলিয়া, তিনি খেলিতেও ছুটি দিতেক না। যথন বাড়ীর অভাভ বালকগণকে খেলিতে দেখিতেন, তখন জ্যোতিবাবুর যে কি কণ্ট হইত, তাহা তাঁহার বর্ণনাতীত। তিনি ভাবিতেন, তিনি যেন জেলথানায় আছেন—সমস্ত জগৎব্ৰহ্মাণ্ড তাঁহার নিকট অন্ধকার, জগতে যেন তিনি নিতাস্ত একা, অবরুদ্ধ। মুক্তির জন্স তাঁহার প্রাণ ছটফট করিত। হেমেক্রবাবু অবশ্র তাঁহার ভালর জন্মই করিতেন, কিন্তু ইহাতে হিতেবিপরীত হইল। লেখাপড়ার উপর জ্যোতি-বাবুর একটা বিষম বিভৃষ্ণা জনিয়া গেল। হেমেক্রবাবু জ্যোতিবাবুকে মুগুর-ভাঁজা, ডন-ফেলা প্রভৃতি অনেক রকম ব্যায়াম অভ্যাস করাইতেন, এবং ক্রীড়াচ্ছলে তাঁহাকে সন্তরণ-বিভাও শিখাইয়াছিলেন। এই সকল শিক্ষার জন্ম জ্যোতিরিন্দ্রনাথ তাঁহার সেজদাদা হেমেন্দ্রবাবুর নিকট ৠी ।

হেমেক্রনাথ কিছুদিন মেডিক্যাল কলেজে পড়িয়াছিলেন। বিজ্ঞানে তাঁহার বিশেষ ঝোঁক ছিল। তিনি অনেকগুলি বৈজ্ঞানিক প্রবন্ধও তুই ভাই সমাজের একমাত্র গায়ক ছিলেন। কৃষ্ণকে আমরা ক্থনও দেখি নাই—আমাদের সময়ে বিষ্ণুই গান করিতেন। অস্তান্ত ওস্তাদদের গানের চেয়ে, বিষ্ণুর গানই সকলে বেশী পছন্দ করিত। বিষ্ণুর গানের একটা বিশেষত্ব ছিল। ওস্তাদেরা যেমন রাগিণীতে তান-অলঙ্কারেরই প্রাধান্ত দেন, বিষ্ণু তেমন কিছু করিতেন না। তিনি অল-স্বল্ল তান দিতেন বটে, কিন্তু তাহাতে রাগিণীর মূল রূপটি বেশ ফুটিয়া উঠিত, গানকে আচ্ছন্ন করিয়া ফেলিত না। ইহা ছাড়া, গানের কথার যে একটা মূল্য আছে, সেটিও বিষ্ণুর গানে পূর্ণ মাত্রায় রক্ষিত হইত। সকলেই গানের স্থর এবং গৎ তুইই সহজে বুঝিতে পারিত। বিষ্ণু ঞপদ থেয়ালই বেশী গাহিতেন। বিষ্ণুর এই হিন্দি গান ভাঙ্গিয়াই সত্যেক্তনাথ ⊾র্ব্ব প্রথম ব্রহ্মসঙ্গীত রচনা করেন। এই সময়ে সত্যেক্তনাথের গান লোকে খুব ভালবাসিত। তাঁহার রচনায় এমনি একটা সহজ কবিত্ব ছিল এবং স্থরের সঙ্গে ভাবের এমনি একটা মাথামাথি ছিল যে, তাহা সকলেরই হৃদয় স্পর্শ করিত।" ·

তাহার পর সত্যেক্তনাথ বোষাই চলিয়া গেলে, জ্যোতিবাবু, তাঁহার সেজ্দাদা (৬ হেমেক্তনাথ) ও বড় দাদা (দ্বিজেক্তনাথ) এই তিনজনে ব্রহ্মসঙ্গীত রচনা করিতেন। এই বিষয়ে মহর্ষি তাঁহাদিগকে খুব উৎসাহ দিতেন।

তথন বড় বড় গায়কদিগকে জোড়াসাঁকোর বাড়ীতে আশ্রয় দেওয়া হইত। জ্যোতিবাবুর তিনজনকে বেশ স্পষ্ট মনে আছেঃ— "রমাপতি বন্যোপাধ্যায়, শান্তিপুরের প্রসিদ্ধ জমিদার রাজচক্র রায় এবং যহু ভট্ট। রমাপতি নিজে একজন ভাল গায়ক ত' ছিলেনই, "সে সময়ে সেতারের খুব রেওয়াজ ছিল। সৌথীন যুবকেরা প্রায়ই তথন ঐ যন্ত্রই শিক্ষা করিত। আমার ভগিনীপতি ৺ সারদা-প্রসাদ গঙ্গোপাধ্যায় তথন জুয়ালাপ্রসাদ নামক একজন প্রসিদ্ধ হিন্দুস্থানী ওস্তাদের নিকট সেতার শিথিতেন। তিনি যে সকল গৎ শিথিয়াছিলেন তাহা লক্ষ্ণী ডং-এর। ওস্তাদ্জী আমার শিক্ষিত গৎগুলি শুনিয়া বলিলেন—এগুলি দিল্লী ঢং-এর। দিল্লী ঢং-এর গৎগুলি একটু বেশী সাদাসিধা। তথন সারদাবাব্র বৈঠকখানাতে প্রায়ই প্রসিদ্ধ প্রসিদ্ধ গায়ক বাদক প্রভৃতি গুণীগণের মজলিস বসিত। সারদাবাব্ একজন সৌথীন লোক ছিলেন। তিনি নিজেও বেশ জ্পদ গাহিতে পারিতেন।"

দিজেন্দ্রবাবুর পুরাণো কোন-রকমে কাযচলা একটা পিয়ানো ছিল।
দিজেন্দ্রবাবু যথন ঘরে থাকিতেন না, জ্যোতিবাবু তাঁহার ঘরে ঢুকিয়া
সেই পিয়ানোটি বাজাইতেন। দিজেন্দ্রবাবু দেখিতে পাইলেই
"ভেঙ্গে যাবে, ভেঙ্গে যাবে" বলিয়া ধমক দিয়া উঠাইয়া দিতেন, কিন্ত জ্যোতিবাবু তবুও সেই পিয়ানো বাজাইবার প্রলোভনটি কিছুতেই
চাপিয়া রাখিতে পারিতেন না। যাহাই হউক, এমনই ভাবে একটু একটু
করিয়া বাজাইয়া বাজাইয়া, পিয়ানোতেও তাঁহার একটু হাত জমিয়া গেল।

ইহাঁদের বাড়ীতে একটা খুব বড় টেবিল হার্মোনিয়ম্ছিল। অবসর মত জ্যোতিবাবু সেটির উপরেও সাক্রেদী চালাইতেন। ক্রমে হার্মোনিয়মেও তাঁহার বেশ ব্যুৎপত্তি জন্মিল।

এই সময়ে ব্রাহ্মসমাজের জন্ম একটা খুব বড় টেবিল হার্ম্মোনিয়ম আসিল।তথন এ দেশে এই ষষ্ট্রটা সর্কাসাধারণের মধ্যে একবারেই চলিত হয় নাই। সমাজে তথন গানের সঙ্গে দ্বিজেন্দ্রনাথ ও সত্যোক্তনাথ তিনি আমায় অনেক কথা জিজ্ঞাসা করিলেন, পরে তাঁহার চক্ষুর অসুথ শুনিয়া খুবই বিমর্ঘ হইয়া পড়িলেন।

হঠাৎ অর্ণপীড়া বৃদ্ধি পাওয়ায় ববীন্দ্রনাথের ইয়্রোপযাত্রা স্থাতি হয় গেল, দে অন্থ এখনও সম্পূর্ণ আরোগ্য হয় নাই, ডাক্তারেরা এখন তাঁহাকে অন্তত ৩।৪ মাসকাল সামান্ত নড়াচড়া পর্যান্ত করিতে নিষেধ করিয়াছেন, এই কথা কয়টি বলিতেই জ্যোতিরিন্দ্রনাথের কোমল হায় ভাতৃবাংসলো ভরিয়া উঠিল এবং কণ্ঠসার ক্ষীণতার হইয়া গেল।

রাত্রি প্রায় ৮॥০ বা নটা বাজিল। আমরা সেদিনের মত বিদায় ভিক্ষা করায় জ্যোতিবাবু তুঃখ-প্রকাশ করিলেন যে রাত্রি অধিক হওয়ায়, তাঁহার একটি লতামগুপ ও একটি গুহা আছে সে তুইটি আমাদিগকে দেখাইতে পারিলেন না। এই জন্ম আর একদিন একটু সকাল সকাল আসিতে অনুরোধ করিলেন।

আগামী রবিবারে জ্যোতিবাবৃকে "বাল্মীকি-প্রতিভা"র স্থর শুনাইতে
অনেকে অনুরোধ করিয়াছেন,তিনিও স্বীকৃত হইয়াছেন—এই জন্ম তাঁহার
গৃহে সেইদিন একটি মজলিশ হইবে। তিনি আমাদিগকেও তাহাতে
হাজির হইবার জন্ম সঙ্গেহে নিমন্ত্রণ করিলেন, এবং সেদিন যে নিশ্চয়ই
আসিব সে প্রতিশ্রতি আদায় করিয়া তবে আমাদিগকে ছাড়িলেন।

জ্যোতিবাবুর কাছেই শুনিলাম যে "বাল্মীকি-প্রতিভা"র প্রায় সব ্গানের স্থরই জ্যোতিবাবুর সংযোজিত।

জ্যোতিরিক্রনাথ আমাদিগকে নীচে পর্যান্ত আসিয়া বিদায় দিয়া গেলেন। আমরা পথে ভাবিলাম—"আজ সোমবার, রবিবার আসিতে এখনও অনেক দেরী!"



স্বৰ্গীয় কবিবর রাজকৃষ্ণ রায়



"কেদার দেদার তথ দিলেন আমায়

ভারা ধনে হারা করে' আনিয়া হেথায়।" ইত্যাদি। আমরা জানিতাম না, এই বালকই তথনকার উদীয়মান কবি

রাজক্ষ রায়। আজ বঙ্গসাহিত্যে তাঁহার যথেষ্ঠ খ্যাতি—তাঁহার রচিত

নাটক এখনও কলিকাতার রঙ্গমঞ্চে অভিনীত হয়। তাঁহার গ্রন্থাবলী

বঙ্গ-সাহিত্যে আদরের বস্তু।"

জোড়াদাকো বাড়ীতে "কাল-মৃগয়া" অভিনয়কালে, রবিবাব্ অন্ধ মুনি ও জ্যোতিবাব্ দশরথের ভূমিকা গ্রহণ করিয়াছিলেন। "বাল্মীকি-প্রতিভা"য় জ্যোতিবাব্ কোনও পাঠ গ্রহণ করেন নাই, তাঁহার উপর দলীত ও কন্দার্টের ভার ছিল। পূর্কোল্লিখিত হাস্তরসিক অক্ষয় মজুমদার মহালয় "বাল্মীকি-প্রতিভা"য় ডাকাতের স্কার সাজিতেন। তাঁহার অভিনয়ভঙ্গীতে লোক হাসিয়া গড়াগড়ি যাইত। পূর্কেই বলিয়াছি, অক্ষয়বাব্র ন্তায় হাস্তরসের অভিনেতা তথন আর কেহই ছিল না। সকল অভিনয়েই Comic অংশটি তাঁহার একচেটিয়া থাকিত।


ইহার কিছু পরে, একদিন তদানীস্তন লাটসাহেবের পত্নী লেডী
ল্যান্সডাউন (Lansdowne) ও অন্তান্ত অনেক সম্রান্ত বাঙ্গালী ও
সাহেবদিগকে জোড়াসাঁকো বাড়ীতে "বাল্মীকি-প্রতিভা" অভিনয়-দর্শনে
নিমন্ত্রণ করা হয়। বাঙ্গালিদের মধ্যে স্বর্গীয় মহাত্মা শুর গুরুদাস
বন্দ্যোপাধ্যায় মহাশয়ও ছিলেন। রবিবাবু বাল্মীকি, হেমেন্দ্রনাথের
বালিকাকন্তা প্রতিভা সরস্বতী, এবং বাড়ীর অন্তান্ত বালিকারা বনদেবী
সাজিয়াছিলেন। অভিনয়-পারিপাট্যে ও গানে সকলেই ধুব প্রীত
হইয়াছিলেন। ঝড় বৃষ্টির একটা দৃশ্য ছিল—তাহাতে সন্ত্যসত্যই ঝর্
ঝর্ করিয়া বধন জলধারা পড়িয়াছিল, তথন অনেকেরই তাহা প্রস্ত

তবু এমনি তাঁহার জ্ঞান-পিপাসা যে,জ্বের কাতরাইতে কাতরাইতেও নৃতন কিছু দেখিলেই তিনি প্রশ্ন করিতে ছাড়িতেন না,এবং যাহা কিছু জ্ঞানলাভ করিতেন, তথনি পকেট হইতে নোটবুকথানি বাহির করিয়া তাহাতে টুকিয়া রাখিতেন। তিনি ছেলেমেয়েদের সঙ্গে বাক্যালাপ করিতে বড় ভাল বাসিতেন। যথনই তিনি আসিতেন,বাড়ীর ছেলেমেয়েদিগকে কাছে ডাকিয়া, নানা রকম গল্প জুড়িয়া দিতেন। আমার সঙ্গে দেখা হইলেই, তিনি আমাকে বলিতেন,—"তোমার ঠাকুরদাদা ভ্রারিকানাথ ঠাকুর মেডিকাল কলেজস্থাপনের জন্ত কত যে যত্ন ও সাহায্য করিয়াছিলেন, তাহা Medical Collegeএর Record খোঁজ করিলেই জানিতে পারিবে।"

জ্যোতিবাবু বলিলেন, "হার্মোনিয়ম প্রবর্ত্তনের পূর্বের, সমাজে বিষ্ণুবাবুর গানের সঙ্গে মানা নামে একজন হিন্দুখানী সারেক বাজাইত।
এই মানার মত নিপুণ সারেকী কলিকাতার তথন আর কেহই ছিল
না।পরে হার্মোনিয়ম চলিত হইলে, ক্রমে ক্রমে সারেক উঠিয়া গেল।
ইহা আমাদের ছর্ভাগ্যের বিষয়ু সন্দেহ নাই। হার্মোনিয়ম যন্তে হিন্দু
রাগ-রাগিণী ঠিকমত বাজান' ছে একরূপ অসম্ভব—ইহা স্কীতজ্ঞ ব্যক্তি
মাত্রেই বুঝেন।

শারার একটা অদ্ত সথ ছিল। বাড়ীতে সে সদা সর্বদা মহাদেবের মত গায়ে সাপ জড়াইয়া বসিয়া থাকিত। সাপও সব যেমন তেমন নয়—কেউটে গোক্ষরা প্রভৃতি বিযাক্ত সাপ। সাপগুলিকে গায়ে জড়াইবার আগে, সে তাহাদের বিষদাতগুলি ভাঙ্গিয়া দিত। কিন্তু ভাঙ্গিয়া দিলেও নাকি আবার গজায়, তাই সর্পাঘাতেই অবশেষে তাহার মৃত্যু হয়।"

জ্যোতিবাবু আরও বলিলেন—



স্বর্গীয় শুর গ্রহদাস বন্দ্যোপাধ্যায়



জ্যোতিরিক্সনাথ

(२)

পূর্বেই কথিত হইয়াছে জ্যোতিরিক্রনাথের এ ভবনের নাম "শান্তিধাম"। শান্তিধাম বাস্তবিকই শান্তিধাম। এথানে আরও একটি বিশেষ জিনিষ এই যে, ফটকের উপরে ধ্যানীবৃদ্ধের একটি মর্শ্বরমূর্ত্তি প্রতিষ্ঠিত।

শান্তিধানের আর একটি বিষয় বাকী রহিয়া গিয়াছে। প্রথম, একটি গুহা। গুহাটি কৃত্রিম নয়। যে পাহাড়ের উপরে জ্যোতিবাবৃর বাড়ী, তাহারই পশ্চিম দিকে কয়েকটি প্রকাণ্ড প্রকাণ্ড পাথর এমন ভাবে আছে, যে তাহা দ্বারা আপনা-আপনিই নীচে একটি ভীষণ গহরর স্টেইয়াছে। গুহার ভিতরে স্থান নিতান্ত কম নয়। সাত-আট জন লোক অনায়াসে সেখানে বিসিয়া গুইয়া বেশ স্বচ্ছদে আলাপ করিতে পারে। সম্প্রতি তাহার ভিতরটি বাধাইয়া আরও আরামপ্রদ করা হইয়াছে। বেশ পরিষ্কার পরিচ্ছয়, অন্ধকারও নয়। উপরে নীচে পাশে চারিদিকে প্রকাণ্ড প্রকাণ্ড কালো কালো পাথর। গুহার ভিতরে বসিলে মনে হয় যেন গিরিপ্রস্তরময়ী ধরণীর কোলে বসিয়াছি। তার পাথরগুলির গায়ে ঠেস দিলে বা স্পর্শ করিলে মনে হয় মূর্ত্তিমতী পৃথিবীকেই মেন স্পর্শ করিতেছি। গুহাটির প্রায় ২০০ ফুট নীচে সমতল ক্ষেত্র।

দিতীয়, একটি লতামগুপ। ঠিক এই গুহার নীচে, পাহাড়টির গায়েই এই মগুপটি যেন আঁকা। মগুপটি সমতল ক্ষেত্রভূমি হইতে একটু উচ্চে অবস্থিত। মগুপের তলাটি বেশ শান্-বাধান'—"বেঞ্চি"-গাঁথা। উপরের ছাদে একটি মঞ্চ রচিত হইয়াছে, তাহাতেই শতাগছিকৈ তুলিয়া দেওয়া হইয়াছিল। এখন সেই লতা-জালে মঞ্চি

শিপ্স-বাণিজ্য-প্রতিষ্ঠার উদ্যম, "ভারতী" ও "বালক" এবং সারস্বত-সন্মিলনী

এই সময়ে জ্যোতিবাবুর উত্তোগে আর একটি সভা স্থাপিত হইয়াছিল। এই সভার নাম ছিল, "সঞ্জীবনী-সভা"। ছেলে-বেলাকার সেই Masonic সভার, ইহা একটি দ্বিভীয় সংস্করণ! ঠন্ঠনের একটা পোড়ো বাড়ীতে এই সভা বসিত। এ বাড়ীতে পূর্বের নাকি একটা স্কূল ছিল, জ্যোতিবাবুরা শুনিয়াছিলেন; কিন্তু এ বাড়ীর যে কে মালিক, তাহা তাহারা তথন ত জানিতেনই না, আজ পর্যান্তও জানেন না। সভার অধ্যক্ষ ছিলেন, বৃদ্ধ রাজনারায়ণ বস্থ। কিশোর রবীক্রনাথও এ সভার সভা ছিলেন। পরে নবগোপাল বাবুকেও সভ্যশ্রেণীভুক্ত করা হইয়াছিল। সভার আস্বাবপত্রের মধ্যে ছিল, ভাঙ্গা ছোট টেবিল একথানি, কয়েকথানি ভাঙ্গা চেয়ার ও আধ্যানা ছোট টানা-পাথা—তারও আবার একদিক ঝুলিয়া পড়িয়াছিল।

জাতীয় হিতকর ও উন্নতিকর সমস্ত কার্যাই এই সভায় অনুষ্ঠিত হইবে, ইহাই সভার প্রধান উদ্দেশ্য ছিল। যেদিন নৃতন কোনও সভা এই সভায় দীক্ষিত হইতেন, সেদিন অধ্যক্ষ মহাশয় লাল পট্টবস্ত্র পরিয়া সভায় আসিতেন। সভার নিয়মাবলী অনেকই ছিল, তাহার মধ্যে প্রধান ছিল, মন্ত্রগুপ্তি; অর্থাৎ এ সভায় যাহা ক্থিত হইবে, যাহা ক্ত হইবে, এবং যাহা শ্রুত হইবে, তাহা অ-সভ্যদের নিকট ক্থনও

ছেলেখেলা, নাটক-রচনা ও অভিনয়

জ্যোতিরিন্দ্রনাথের শৈশবসঙ্গী আর একজন ছিলেন, তিনি ৺গুণেক্রনাথ ঠাকুর। গুণেন্দ্রনাথের সম্বন্ধে জ্যোতিবাবু বলিলেন যে—"গুণুদাদা ও আমি প্রায়ই একবয়সী। আমরা ছেলেবেলায় বরাবর একত্রে থাকিতাম, একসঙ্গে থেলাধূলা এবং একসঙ্গে পাঠাভ্যাসও করিতাম। তিনি অত্যস্ত প্রত্বঃথকাত্র, স্নেহশীল এবং উদারহৃদয় লোক ছিলেন। আমরা তুইজনে থেন হরিহর-আত্মা ছিলাম। এক হাতার মধ্যে আমাদের ছই বাড়ী। "এ-বাড়ী" আর "ও-বাড়ী"। তিনি রোজ সকালে আমাদের বাড়ী আসি-তেন। আরও তুই চারি জন সঙ্গী জুটাইয়া লইয়া, আমাদের বাড়ীর বারাওায় আমরা সারাদিনই প্রায় আডো বসাইতাম। গুণুদাদা বড় বড় কল্পনায় বড় আমোদ পাইতেন। কত রকম কল্পনা যে আমাদের মাথায় আসিত, তাহার আর ইয়তা নাই; কিন্ত অধিকাংশ গলেই উবিয়া যাইত, কাঘে কিছুই পরিণত হইত না। তবুও ওরই মধ্যে আমি একটু কেযো' ছিলাম, কল্পনাকে জুড়াইতে না দিয়া, তৎক্ষণাৎ তাহাকে কার্য্যে পরিণত করিবার জন্ম উঠিয়া পড়িয়া লাগিয়া যাইতাম। তা' সে ছেলেমানুষীই হউক্ আর ঘাই হউক। গুণুদাদার তিন পুত্র — গগনেক্র, সমরেক্র ও অবনীক্রনংথ।

"একদিন কথা হইল, আমাদের ভিতর Extravaganza নাট্য নাই। আমি তথনই Extravaganza প্রস্তুত করিবার ভার লইলাম। পুরাতন "সংবাদ-প্রভাকর" হইতে কতকগুলি মঙ্গার-মঙ্গার কবিতা জোড়াতাড়া কিয়া কেইটা "ক্ষেত্রটাই" প্রাত্তি কবিয়া কার্যকে হবে ব্যাইয়া ও-রাজীব

বৈঠকথানায় মহাউৎসাহের সহিত তাহার মহলা আরম্ভ করিয়া দিলাম। তাহাতে একটা গান ছিল,—

> "ও কথা আর ব'লোনা, আর ব'লোনা, বল্ছো বঁধু কিসের ঝোঁকে— ও বড় হাসির কথা, হাসির কথা,

> > হাসবে লোকে, হাস্বে লোকে — হাঃ হাঃ হাঃ হাস্বে লোকে !—"

হাঃ হাঃ হাঃ—এই জায়গাটাতে স্থর হাসির অন্তকরণে রচনা করিয়া দিয়াছিলাম। বৈঠকথানায় ঐরপ "হাঃ হাঃ হাঃ" স্থরে অধিকাংশ সময়ে
অট্রাস্থ হইত আর ধ্পধাপ্ শব্দে প্রচণ্ড তাণ্ডব নৃত্য চলিত।
শীমান্ রবীক্রনাথ তাঁহার স্থৃতিকথায় এই "অদ্ভুতনাট্য" বড় দাদার নামে
আরোপ করিয়াছেন; কিন্তু বড়দাদা (শীযুক্ত হিজেক্রনাথ ঠাকুর) এই
শান্তিহানির বিষয়ে সম্পূর্ণ নিরপরাধ।

"একদিন আমাদের বারাণ্ডার আড্ডায় কথা উঠিল—দেকালে কেমন "বসন্ত-উৎসব" হইত। আমি বলিলাম—'এসোনা, আমরাও একদিন সেকেলে ধরণে বসন্ত-উৎসব করি।' অমনি গুণুদাদার কল্পনা উত্তেজিত হইয়া উঠিল। একদিন এক বসন্ত-সন্ধ্যায় সমন্ত উল্লান বিবিধ রঙীন্ আলোকে আলোকিত হইয়ানন্দনকাননে পরিণত হইয়া উঠিল। পিচ্কারী আবীর কৃত্ব্য প্রভৃতি প্রয়োজনীয় সমন্ত সরঞ্জাম উপস্থিত হইয়া গেল। খুব আবীরথেলা হইতে লাগিল। তারপর গান বাজনা আমোদ প্রমোদও কিছুমাত্র বাদ গেল না। ইহাতে অনেকগুলি টাকাও ধরচ হইয়া গেল।

"with a self-control of the control of the control

বলা বাহুল্য, এগুলি সুবই জ্যোতিবাবুরই হাতের আঁকা। শিশুদের জ্যু বলিয়া সেগুলিতে চিত্রসম্পদের অভাব কিন্তু কিছুই নাই।

এইরপ অধ্যাপনার কিরপ স্থফল ফলিয়াছে, তাহারও একটু পরিচয়া দিতেছিঃ—

জ্যোতিবাবু বলিলেন "সেই 'দেশ দেশ' গানটা গাও ত ?" অমিকি স্বীর ও মঞু গুই ভাই-বোনে গাহিতে লাগিল :—

নিঙা বি'বিট।

দেশ দেশ ভাই আমাদের দেশ সক্তল দেশের আগে সে কোন্ দেশ, ভাই, আমাদের দেশ ॥

উত্তরেতে হিমালয়, দক্ষিণে সাগর পূবে দক্ষিণে ভাই পাহাড় মনোহর

—ভাই, পাহাড় মনোহর—

তার মধ্যে মায়ের অাচল, সোনা ঢালা বেশ, গাছ-গাছালি, ক্ষীরের নদী, সোনা ধানের ক্ষেত

—ভাই, আমাদের দেশ॥

ঝিকিমিকি সুর্য্যি উঠে, রেতে ফুটে ভারা, চাঁদের জ্যোছনা ভাই যেন ফটিক ধারা

—ভাই, যেন ফটিক ধারা।

এমন দেশ ভাই আছে কোথায়, এমন সোনার দেশ, মায়ের কোলে দেশের ছেলে আমরা আছি বেশ---


—ভাই, আমাদের দেশ॥

সাহিত্য এখন অনেক উন্নত! এখন লোকে ইতিহাস, প্রত্নতন্ত্র, ভূগোল, বিজ্ঞান ইত্যাদি নানা গবেষণামূলক সাহিত্য রচনায় প্রবৃত্ত। এ বড়ই শুভ লক্ষণ, সন্দেহ নাই। এখন লেখকেরা নূতন নূতন স্থানের বিবরণ দিয়া নানা স্থানের কাহিনী, উপকথা, আচারব্যবহারের ইতিহাস দিয়াও বঙ্গসাহিত্যকে দিন দিন সমৃদ্ধ করিতেছেন।"

ন্তন লেথকদিগের সম্বন্ধে তিনি বলেন, "উদীয়মান কবিদিগের মধ্যে সতোন্দ্রনাথ দত্ত একজন প্রতিভাবান কবি। বতীন্দ্রমোহন বাগ্চীর কবিতাও আমার ভাল লাগে। গল্পকে প্রভাতকুমার মুখোপাধ্যায়, দৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায়, দীনেন্দ্রকুমার রায়, এঁদের লেথা আমার বড় ভাল লাগে।" গল্পলেখার সম্বন্ধে তিনি বলেন, "গল্পলেখা অবজ্ঞার জিনিস নহে—এতেও থুব গুণপনা আবশ্যক। গল্পের Plot রচনা করিতে ও চরিত্রাদি বর্ণনা করিতে যথেষ্ট কল্পনাশক্তি ও স্ক্র্দৃষ্টি আবশ্যুক, তারপর মানবচরিত্রে অধিকার না থাকিলে গল্প মোটেই জ্বেম না; এ হিসাবে গল্প ও উপস্থাদের মূল্য অল্প নহে।"

নিজের লেখা সম্বন্ধে তিনি বলিলেন, "আর যৌবনের সে তেজ ও ক্ষমতা নাই, এখন কোনও রক্ষমে অভ্যাসটা রক্ষা করা—এ একটা ব্যাধির মত হইরা দাঁড়াইয়াছে। তাই, "প্রবাসী," "ভারতী," "বঙ্গদর্শনে" একটু একটু লিখিয়া থাকি। লিখিতে ইচ্ছা খুবই, কিন্তু সামর্থ্যে কুলায় না।"

ভাষার আলোচনায় তিনি বলিলেন, "আজ কাল ছ'টো নৃতন কথা উঠেছে "কী" আর "মতো"। অনর্থক শব্দ বিক্লতিতে লাভ কি ? অধিকাংশ স্থলেই অর্থ স্পষ্ট বুঝা যায়—ছই এক স্থলে অর্থের অস্পষ্টতা ্
হতে পারে, আমি স্বীকার করি। যেখানে অস্প্রতার সম্ভাবনা আছে



স্বৰ্গীয় রাজনারায়ণ বস্থ



শিল্প-বাণিজ্য-প্রতিষ্ঠা

জ্যোতিবাবু বলিলেন,---"রাজনারায়ণবাবু আমাদের চেয়ে বয়সেও ষেমন অনেক বড়, জ্ঞানেও তেমনি অনেক বড় ছিলেন; কিন্তু তাঁহার নির্মাল হাদয়, গর্বাশূস্য প্রাণ, এবং স্বদেশের জন্ম ঐকান্তিকতা, তাঁহাকে একেবারে শিশুর মত সরলতার একখানি প্রতিমা করিয়া রাথিয়াছিল। বয়দের এমন পার্থক্য ও এত প্রচুর পাণ্ডিতা সত্তেও, তাঁহার মনে কখনও বিন্দুমাত্র অভিমান আমি দেখি নাই। রাজনারায়ণবাকু আমার পিতৃদেবের নিকট গিয়া যেমন গভীর জটিল ধর্মতত্ত্বের আলোচনা করিতেন, বড় দাদার সঙ্গে যেমন দর্শনশান্ত্রের কৃট তর্ক করিতেন, আমাদের সঙ্গে তেমনি হাসিমুথে ছেলেমান্থবিও করিতেন। তাঁহার মত এমন অসাধারণ মানুষ, আমি আর দেখি নাই। তাঁহার অনেক হাসির গল্প পুঁজি ছিল-–তিনি ঐরপ এক একটি গল বলিয়া, মুদ্রিত নেত্রে মজাটি কিছুক্ষণ নিজেই উপভোগ ক্রিয়া—ছই এক সেকেও স্তম্ভিত থাকিয়া, নিজেই উচ্চরবে সকলের আগে হাসিয়া উঠিতেন। সেই খোলা উচ্চহাসির মধ্যে একটি স্থমধুর সরলতা এবং একটা নিরভিমান বিরাট প্রাণের স্পান্দন অমুভূত হইত।

"ঠাহার রচিত 'হিল্পর্যের শ্রেষ্ঠতা' তথনও প্রকাশিত হয় নাই।
আমাদের পূজার দালানে, এখন যেখানে উপাসনা হয় সেইখানে,
একবার একটি সভা হইয়াছিল। আমার পিতা ছিলেন সভাপতি;
রাজনারায়ণবাবু সেই সভায় "হিল্পর্যের শ্রেষ্ঠতা" সম্বন্ধে বক্তৃতা
দিয়াছিলেন। রেভারেও কালীচরণ বন্দ্যোপাধায় প্রভৃতি অনেক
গণ্যমান্ত লোক সে সভায় উপস্থিত ছিলেন। রাজনারায়ণ বাবুর
প্রবন্ধ পঠিত হইলে, রেভারেও কালীচরণ তাহার এক তীব্র প্রতিবাদ
করেন। পিতাঠাকুর মহাশ্য তাহাতে এতই বিরক্ত হইয়াছিলেন

জ্যোতিরিন্দ্রনাথ

অনেকেই এথন ভবরঙ্গভূমি হইতে প্রস্থান করিয়াছেন, কেবল একমাত্র আমিই এথনও সশরীরে বর্ত্তমান আছি।

"আমার এক ভালিক অমৃতলাল গঙ্গোপাধায়ে, ছোটগিলিক ভূমিকায় যথন আর্শির সম্মুথে ব্দিয়া প্রসাধন করিতেন, ও যৌবন-গর্বের গর্বিতা রূপদীর হাবভাবের অভিনয় করিতেন, তথন দে অভিনয়েও দর্শকেরা খুব আমোদ পাইত। আমাদের আরও ছুইজন (tragic actor) করুণ-রদের অভিনেতা ছিলেন। ৺বিনোদলাল গঙ্গোপাধ্যায় (অমৃত লালের জ্যেষ্ঠ) যথন স্ক্রোধের ভূমিকায়, সংমার অত্যাচারে অতিষ্ঠ হইয়া গৃহ ছাড়িয়া বিরাগী হইয়া, নৈশ অন্ধকারে বন-বাদাড় দিয়া চলিয়াছেন, এবং যখন ৮সারদাপ্রসাদ বড়স্ত্রীর ভূমিকায় সপত্নীর জালায় দগ্ধ হইয়া মর্মভেদী আক্ষেপোক্তি করিতেন, তথন দর্শকর্ন্দ বাস্তবিকই অশ্রুসম্বরণ করিতে পারিত না। তারপর গবেশবাবুর মৃত্যু হইলে, "অমলা" "কমলা" "চক্রকলা" প্রভৃতি গবেশবাবুর পুরস্ত্রীগণ এরূপ মড়াকারা জুড়িয়া দিত যে, সেই রোদনরোল শুনিয়া পাড়ার লোকের পর্যান্ত শাতক্ষ উপস্থিত হইত।

"প্রথম দিনের অভিনয়ে পণ্ডিত রামনারায়ণ তর্করত্ন মহাশয় উপস্থিত ছিলেন। অভিনয় শেষ হইলে, তিনি আনন্দে উৎফুল্ল হইয়া—"যা—রা পলাট্ (plot) নাই, পলাট্ নাই বলে, এথানে এসে একবার দেখে যাক্" —সমালোচকদিগের উপর এইরূপ মধুবর্ষণ করিতে করিতে, তিনি আপনার আনন্দ-সাফলো গর্কিত হইয়া খুব আক্ষালন করিয়াছিলেন।

"এই নাটকথানি দর্শকগণকে এত মোহিত করিয়াছিল যে, তাঁহাদের অনুরোধে একাধিক রজনী "নবনাটক" অভিনীত হইয়াছিল। যে



রেভারেও কালীচরণ বন্দ্যোপাধ্যায় (মধ্যবয়সে)

-_

শে প্রচলিত হয় নি। সে চায়ের কি স্থান ! আমাদের
কি একজন বাঙ্গালী বৃদ্ধ লাঠিয়াল্ সদার ছিল। সকলের
প্রালায় যে চা-টুকু পড়িয়া থাকিত, তাহাই জমা করিয়া, চক্ষ্
থ্ব আরাম করিয়া সে প্রতিদিনই সেইটুকু থাইত। তথন বাহির
হিলুস্থানী দারোয়ান্ ও অন্দরে বাঙ্গালী সদার দিবারাত্র পাহারা
দিত। সদার রাত্রে ডাকাতি হাঁকের মত যথন হাঁক দিত, তথন
আমাদের ঘুম ভাঙ্গিয়া যাইত, এবং ভয়ে বুক ধড়াস্ ধড়াস্ করিয়া উঠিত।

"তথন জোড়াসাঁকোর বাড়ীতে হুইজন করিয়া ডাক্তার বাৎসরিক বেতনে নিযুক্ত থাকিতেন—একজন ইংরাজ ও একজন বাঙ্গালী। গুরুতর রোগ না হইলে সাহেব-ডাক্তারকে কখনও ডাকা হইত না। সাহেব-ডাক্তারের উপর তথন সকলেরই অসীম বিশ্বাস ছিল। সৌভাগ্য-ক্রমে এখন সে বিশ্বাস অনেকটা চলিয়া গিয়াছে। বাঙ্গালী বড় ডাক্তারের অধীনে একজন অল্লবেতনের হাতুড়ে ডাক্তারও থাকিতেন। তিনি 🗥 বাড়ীতে অষ্টপ্রহর হাজির থাকিতেন এবং বড় বড় ডাক্তারেরা যে সব ব্যবস্থা করিয়া যাইতেন, এই হাতুড়ে ডাক্তারটি সেই অমুসারে নিজের হাতে ঔষধপত্রাদি দিভেন এবং ঠিক ঠিক সময়ে সেবন করাইতেন। ইনি অনেকটা শুশ্রধাকারিণী নাদের মত। আমাদের আমলে পীতাম্বর নামে একজন বুদ্ধ এই শেষোক্ত সর্বাকনিষ্ঠ ডাক্তার ছিলেন। ছেলেরা তাঁহাকে খুব ভালবাসিত, তাঁহার নিকট সকলে গল শুনিত। তাঁহার বগলে নিয়তই কাপড়ে মোড়া থোপকাটা একটা টিনের বাকা থাকিত। তাহার থোপে থোপে নানা রকম রঙের মলম থাকিত। ছেলেদের ফেঁাড়া পাঁচ্ড়া হইলে এই সব মলম লাগান হইত। ছেলেদের ভুলাইবার জন্তই বোধ হয় তিনি এইরূপ নানা রঙ-বেরঙের মলম ব্লাখিতেন।"

ধেশবুর পিরামিড সাজান' থাকিত। ব্রহ্মানন্দ কেশবচন্দ্র, ভাই প্রতাপ মজুমদার, ভাই মহেন্দ্রনাথ, ভাই মহেন্দ্রনাথ বস্তু---"ভারতব্যীয় ব্রাহ্মদমাজে"র একজনঃ প্রচারক ও যিনি "Unity and Minister" কাগজের সম্পাদক ছিলেন--সম্প্রতি তাঁহার পরলোকপ্রাপ্তি হইয়াছে---ভাই উমানাথ গুপ্ত, শ্রীযুক্ত হরদেব চট্টোপাধ্যায়—ইহাদের উৎসাহদীপ্ত আনন্দ-বিকশিত মুখ জ্যোতিবাবুর চিত্তফলকে এখনও স্থলার্ক্সপে মুদ্রিত হইয়া রহিয়াছে। মধ্যাহ্নভোজনের পর বৈঠক্ধানার ঘরে গগনভেদী উচ্চকণ্ঠে "দবে মিলে মিলে গাও", "আজ আনন্দের সীমা কি", "আজি সবে গাও আনন্দে" প্রভৃতি সত্যেক্তনাথের রচিত গানগুলি সকলে মিলিয়া গাহিতেন। জ্যোতিবাবু বলিলেন, "সর্কশেষে হরদেব চট্টো-পাধ্যায় মহাশয় যথন মহা উৎসাহের সহিত স্বরচিত বােশাধর্মের ডঙ্কা বাজিল' প্রভৃতি গান গাহিতেন, তখন যে কি পবিত্র স্বর্গীয় আনন্দে আমাদের মন ভরিয়া উঠিত, তাহা বর্ণনাতীত। সেকালের হুর্গাপূজার সেই আনন্দ এবং এ-কালের এই ব্রহ্মোৎসবের আনন্দ, এ উভয়ের মধ্যে যেন স্বর্গ মর্ত্তোর প্রভেদ! এ এক ছবি, আর দে এক ছবি।"

এই খানে হরদেব চটোপাধ্যায় মহাশয়ের পরিচয়ও প্রদন্ত হইল।
"উচ্চ কুলীন ব্রাহ্মণবংশে ইহার জন্ম। ইনি ইংরাজী-শিক্ষা একেবারেই
পান নাই। সেকেলে রীতি-অনুসারে চটোপাধ্যায় মহাশয় একটু বাঙ্গলা ও
একটু ফাশী জানিতেন মাত্র। কিন্ত প্রাচীনতন্ত্রের লোক হইলেও ইনি থুব
সৎসাহসী ও সমাজসংস্কারের অত্যন্ত পক্ষপাতী ছিলেন। যথন মেয়েদের
শিক্ষার জন্ম বেথুন-স্কূল খোলা হয়, ইনিই সর্বাত্রে সাহসপূর্বক তাঁহার
ছইটি কন্সাকে বেথুন-স্কূলে পাঠাইয়া দেন। ইনি গৃহী হইয়াও ভগবদ্ধক
সন্ন্যাসী। ইহার গোঁপ-দাভি কামানো, মন্তক মঞ্জিত এবং মাধান একটি



কবিবর শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ সেন M. A. B. L.



- (গ) বাঙ্গলা গ্রন্থের নিরপেক্ষ ও যথাযোগ্য সমালোচনা করিয়া বঙ্গাহিত্যের উন্নতিসাধন হইতে পারে।
- ্থ) সুনেথকদিগকে সভা হইতে যথোপযুক্ত সন্মান দেওয়া যাইতে পারে।
- (৪) প্রবন্ধ বা পুস্তক রচনা করিয়া অথবা সংবাদপত্র বা সন্দর্ভ-পত্রের সম্পাদকতা করিয়া যাঁহারা বঙ্গদাহিত্যে থ্যাতিলাভ করিয়াছেন, এবং যাঁহারা বাঙ্গলা ভাষার অনুশীলনে বিশেষ অনুরাগী, তাঁহারাই এই ' সভায় সভা হইতে পারিবেন।
- (৫) বাঙ্গলায় গ্রন্থাদি না লিখিলেও বাঁহাকে সভাগণ সারস্বত সভার যোগ্য বিবেচনা করিবেন, অর্থাৎ বাঁহার দ্বারা সভার উদ্দেশ্য-সাধনে সাহায্য হইতে পারিবে, তাঁহাকে সভ্যশ্রেণীভুক্ত করা যাইতে পারিবে।
- (৬) সভায় বাঙ্গলা গ্রন্থসূহ বঙ্গভাষায় সমালোচিত হইবে, অথবা ভারতবর্ষশংক্রান্ত কোন বিষয়ক প্রবন্ধ বা গ্রন্থ, অন্য ভাষায় রচিত হইলে সভায় তাহারও সমালোচনা হইতে পারিবে।
- (৭) যে সকল সমালোচ্য গ্রন্থ সভায় উপস্থিত হইবে, সম্পাদক তাহা সভা-সমক্ষে উপস্থিত করিলে, সভাপতি তাহার সমালোচক স্থির করিয়া দিবেন।
- (৮) যে অধিবেশনে পুস্তকের সমালোচনা পাঠ হইবে—তাহার পরের অধিবেশনে সমালোচনা-লিথিত তর্কবিতর্কের সারাংশ ও সমালোচ্য গ্রন্থানি সম্বন্ধে সভাপতি তাঁহার নিজ মত সংক্ষেপে ব্যক্ত করিবেন।
- (৯) সভার অস্তান্ত কার্য্যবিবরণের সহিত লিখিত সমালোচনার সংক্ষিপ্রদার ও তর্কবিতর্কের সারাংশ এবং তৎসম্বন্ধে সভাপতির অভিপ্রায়

"কেদার দেদার ছথ দিলেন আমায়

ভারা ধনে হারা করে' আনিয়া হেথায়।" ইত্যাদি।


আমরা জানিতাম না, এই বালকই তথনকার উদীয়মান কবি রাজক্ষ রায়। আজ বঙ্গসাহিত্যে তাঁহার যথেষ্ঠ থ্যাতি—তাঁহার রচিত নাটক এখনও কলিকাতার রঙ্গমঞ্চে অভিনীত হয়। তাঁহার গ্রন্থাবলী বঙ্গ-সাহিত্যে আদরের বস্তু।"

জোড়াদাকো বাড়ীতে "কাল-মৃগয়া" অভিনয়কালে, রবিবাব্ অন্ধ মুনি ও জ্যোতিবাব্ দশরথের ভূমিকা গ্রহণ করিয়াছিলেন। "বাল্মীকি-প্রতিভা"য় জ্যোতিবাব্ কোনও পাঠ গ্রহণ করেন নাই, তাঁহার উপর দলীত ও কন্সার্টের ভার ছিল। পূর্কোল্লিখিত হাস্তরসিক অক্ষয় মজুমদার মহাশয় "বাল্মীকি-প্রতিভা"য় ডাকাতের সদ্দার সাজিতেন। তাঁহার অভিনয়ভঙ্গীতে লোক হাসিয়া গড়াগড়ি যাইত। পূর্কেই বিলয়াছি, অক্ষয়বাব্র ন্তার হাস্তরসের অভিনেতা তথন আর কেহই ছিল না। সকল অভিনয়েই Comic অংশটি তাঁহার একচেটিয়া থাকিত।

ইহার কিছু পরে, একদিন তদানীস্তন লাটসাহেবের পত্নী লেডী
ল্যান্সডাউন (Lansdowne) ও অন্তান্ত অনেক সম্রান্ত বাঙ্গালী ও
সাহেবদিগকে জোড়াসাঁকো বাড়ীতে "বাল্মীকি-প্রতিভা" অভিনয়-দর্শনে
নিমন্ত্রণ করা হয়। বাঙ্গালিদের মধ্যে স্বর্গীয় মহাত্মা শুর গুরুদাস
বন্দ্যোপাধ্যায় মহাশয়ও ছিলেন। রবিবাবু বাল্মীকি, হেমেন্দ্রনাথের
বালিকাকন্তা প্রতিভা সরস্বতী, এবং বাড়ীর অন্তান্ত বালিকারা বনদেবী
সাজিয়াছিলেন। অভিনয়-পারিপাট্যে ও গানে সকলেই ধুব প্রীত
হইয়াছিলেন। ঝড় বৃষ্টির একটা দৃশ্য ছিল—তাহাতে সন্ত্যসত্যই ঝর্
ঝর্ করিয়া বধন জলধারা পড়িয়াছিল, তথন অনেকেরই তাহা প্রস্ত



স্বৰ্গীয় রাজেক্রলাল মিত্র C. I. E.



"কেদার দেদার তথ দিলেন আমায়

ভারা ধনে হারা করে' আনিয়া হেথায়।" ইত্যাদি। আমরা জানিতাম না, এই বালকই তথনকার উদীয়মান কবি

রাজক্ষ রায়। আজ বঙ্গসাহিত্যে তাঁহার যথেষ্ঠ খ্যাতি—তাঁহার রচিত

নাটক এখনও কলিকাতার রঙ্গমঞ্চে অভিনীত হয়। তাঁহার গ্রন্থাবলী

বঙ্গ-সাহিত্যে আদরের বস্তু।"

জোড়াদাকো বাড়ীতে "কাল-মৃগয়া" অভিনয়কালে, রবিবাব্ অন্ধ মুনি ও জ্যোতিবাব্ দশরথের ভূমিকা গ্রহণ করিয়াছিলেন। "বাল্মীকি-প্রতিভা"য় জ্যোতিবাব্ কোনও পাঠ গ্রহণ করেন নাই, তাঁহার উপর দলীত ও কন্দার্টের ভার ছিল। পূর্কোল্লিখিত হাস্তরসিক অক্ষয় মজুমদার মহালয় "বাল্মীকি-প্রতিভা"য় ডাকাতের স্কার সাজিতেন। তাঁহার অভিনয়ভঙ্গীতে লোক হাসিয়া গড়াগড়ি যাইত। পূর্কেই বলিয়াছি, অক্ষয়বাব্র ন্তায় হাস্তরসের অভিনেতা তথন আর কেহই ছিল না। সকল অভিনয়েই Comic অংশটি তাঁহার একচেটিয়া থাকিত।

ইহার কিছু পরে, একদিন তদানীস্তন লাটসাহেবের পত্নী লেডী
ল্যান্সডাউন (Lansdowne) ও অন্তান্ত অনেক সম্রান্ত বাঙ্গালী ও
সাহেবদিগকে জোড়াসাঁকো বাড়ীতে "বাল্মীকি-প্রতিভা" অভিনয়-দর্শনে
নিমন্ত্রণ করা হয়। বাঙ্গালিদের মধ্যে স্বর্গীয় মহাত্মা শুর গুরুদাস
বন্দ্যোপাধ্যায় মহাশয়ও ছিলেন। রবিবাবু বাল্মীকি, হেমেন্দ্রনাথের
বালিকাকন্তা প্রতিভা সরস্বতী, এবং বাড়ীর অন্তান্ত বালিকারা বনদেবী
সাজিয়াছিলেন। অভিনয়-পারিপাট্যে ও গানে সকলেই ধুব প্রীত
হইয়াছিলেন। ঝড় বৃষ্টির একটা দৃশ্য ছিল—তাহাতে সন্ত্যসত্যই ঝর্
ঝর্ করিয়া বধন জলধারা পড়িয়াছিল, তথন অনেকেরই তাহা প্রস্ত

জ্যোতিবাবু কাছারী-বাড়ীর হাতায় পৌছিয়া আর এক অন্তুত ব্যাপার দেখিলেন। তাঁহার লোকেরা বন হইতে একটা প্রকাও অজগর সাপ ধরিয়া আনিয়াছে। তাহার মাথায় লাঠি মারায় মাথাটা একবারে থেঁৎলিয়া গিয়াছিল। সে একটা গোটা শেয়াল গিলিয়াছিল। লাঠির আঘাতে অজগর সেই শেয়ালটা উগ্রাইয়া ফেলিয়াছে। সেই অর্কপচিত শেয়ালের হুর্গন্ধে দেখানে তিষ্ঠানো ভার। জ্যোতিবাবু কলি-কাতায় ফিরিবার সময় সেই চিতাবাঘের স-মুগু চর্মা ও পিঞ্জরাবদ্ধ সেই জীবস্ত অজগর—এই তুই ভীষণ হিংস্ৰ জীবের হতাবশেষ ও জীবস্ত নমুনা — শিকারের বিজয়নিদর্শনস্ক্রপ সঙ্গে লইয়া আসিয়াছিলেন। জোড়াসাঁকো বাটীতে কিছুদিন রাথিয়া, অজগরকে কলিকাতার পশুশালায় উপহার পাঠাইয়া দিয়াছিলেন। পশুশালার কর্তৃপক্ষগণ একটা ক্ষুদ্র মন্দিরাকার লোহ-তারের পিঞ্জরে এই অজগরটিকে স্যত্ত্বে রাথিয়া সেই মন্দিরের গায়ে উপহার-দাতার নাম, লিথিয়া রাথিয়াছিলেন। স্পটি এ উন্থানে অনেকদিন যবিৎ ছিল। মধ্যে মধ্যে জ্যোতিবাবু তাঁহার অজগরকে দেখিতে যাইতেন। তাহার পর, একবার গিয়া দেখেন সে পিঞ্জরও নাই—দে অজগরও নাই। শুনিলেন, সেটি মরিয়া গিয়াছে।

আর একবার জ্যোতিবাব্ হাতীর উপর চড়িয়া বাঘ শিকার করিতে গিয়াছিলেন। এই তাঁহার প্রথম হাতীর উপরে চড়িয়া বাঘ-শিকারে বাওয়া। একটা ঘন-নিবিষ্ট হুর্ভেজ বাঁশ-বনের ভিতর বাঘটা আছে, শুনিলেন। হাতী বড় বড় বাঁশবাড় মড়্মড়্ শব্দে পদদলিত করিয়া সেই হুর্ভেজ বাঁশ-বনের মধ্য দিয়া একটা পথ করিয়া চলিতে লাগিল। বাইতে যাইতে হঠাৎ হাতীটি ফোঁস করিয়া নিশাস ছাডিয়া একটা

অতিক্রম করিয়া মাঠের দিকে দৌড়িয়া পলায়ন করিল। জ্যোতিবার্ হতাশ হইয়া ফিরিয়া গেলেন।

্র এই প্রদক্ষে তিনি আর একটা ঘটনার কথা বলিলেন। তাঁহাদের জমিদারীর হাতীটি শিকারী ছিল না। হাতীতে চড়িয়া শিকার করিতে. হইলে, অন্ত জমিদারের নিকট হইতে শিকারী হাতী ধার করিতে হইত। তিনি তাহাদের হাতীটিকে শিক্ষা দিয়া শিকারী করিয়া তুলিবেন, স্কল্প করিলেন। প্রথমে তাহার পৃষ্ঠদেশ হইতে বন্দুকের আওয়াজ **করিয়া, তাহাকে** বন্দুকের আওয়াজে অভ্যস্ত করিতে হইবে। এই মনে করিয়া, তিনি একদিন হস্তীপৃষ্ঠে আরোহণ করিয়া বন্দুকের আওয়াজ করিলেন। হস্তিবরের শিকারশিকার এই পাঠ। কিন্তু হস্তী তাহার নিজ হিত বুঝিল না—শিক্ষার মাহাত্ম্য বুঝিল না—দে খোর বিদ্রোহী হইয়া উঠিল। এমন গা-দোলা দিতে লাগিল থে, জ্যোতিবাবুর সমুদ্রপীড়ার মত। পীড়া উপস্থিত হইল। তাহা ছাড়া লম্প ঝম্প দৌড় ছুট প্রভৃতি ব্যায়ামসাধ্য কার্য্যে অনন্তমনা হই গ্লাএমনি মনোনিবেশ করিল যে, তাহার তাদৃশ অভুত ব্যবহারে শুভানুধ্যায়ীর প্রাণ পর্যান্ত সংশন্ন হইয়া উঠিল। কপাল দিয়া দর্ দর্ করিয়া ঘাম ছুটিতে শাগিল। জ্যোতিবাবু বলিলেনঃ—

"মান্তৎ অন্ধূশ প্রহার করিয়া "বরেঠ" বরেঠ" করিয়া বদাইবার কত চেষ্ঠা করিল, কিন্তু হাতী কিছুতেই দে আদেশ পালন করিল না। আমার আহারের সময় উত্তীর্ণ ইইয়া গেল—অপরাহ্ল হইল—তবু মান্তৎ হাতীকে বদাইতে পারে না। আমি ত হাতীর উপর আর তিষ্ঠিয়া থাকিতে পারিতেছি না;—ভয়ে এবং ক্ষুৎপিপাদায় অর্দ্ধমূদ্ভিত অবহার আমি একেবারে জ্ঞানশৃত্য। কি করি, শেষে যাহা থাকে কপালে, নিশেষ্ট্র ইইয়া হক্ষীপর্ষে মতারে অপেক্ষা শামল প্রকীকে এমন কি বিসিত, সেথানে গান বাজনা গলগুজব খুব পুরাপুরিই চলিত। First Year এমনি করিয়া গান বাজনা প্রভৃতিতে দেখিতে দেখিতে কাটিয়া গেল। Second Yearও প্রায় যায়-যায়। পরীক্ষার সময় যথন খুব নিকটবর্ত্তী হইয়া আসিল, তথন তিনি খুব মনোযোগ দিয়া পড়া আরম্ভ করিয়া দিলেন।

এই সময়ে শ্রীযুক্ত সত্যেক্তনাথ ঠাকুর মহাশয় সিভিলিয়ান হইয়া এবং শ্রীযুক্ত মনোমোহন ঘোষ মহাশয় ব্যারিষ্টারী পাশ করিয়া আসিয়া, কাশীপুর বাগানবাড়ীতে অবস্থান করিতেছিলেন। জ্যোতিরিন্দ্রনাথও আসিয়া, এই থানে ইংহাদের সহিত মিলিত হইলেন। পরীক্ষা দিবার ইচ্ছা ক্রমশঃ তাঁহার শিথিল হইয়া আসিতে লাগিল। পরীক্ষার পড়া ছাড়িয়া, তিনি মিষ্টার ঘোষের নিকট ফরাদী ভাষা শিক্ষা আরম্ভ করিয়া দিলেন। যাঁহার অক্লান্ত লেখনী বাৰ্দ্ধক্য-জরার বজ্জুমুষ্টিকৈ অবহেলা করিয়া, আজিও ফরাসী ভাষা হইতে নিত্য নুতন অমূল্যরত্বরাজি আনিয়া বঙ্গভারতীর সাহিত্য-মঞ্ষা পরিপূর্ণ করিতেছে, সেই ফরাসী ভাষায় জ্যোতিরিন্দ্রনাথের প্রথম শিক্ষা-রম্ভ হইল, এই কাশীপুর উত্তানবাটিকায়। মনোমোহন ঘোষ মহাশয় প্রথমেই ভণ্টেয়ার ক্বত "দীজার" (Cæsar) নাটক তাঁহাকে পড়াইতে আরম্ভ করিলেন। তিনি বলিলেন, তাহার প্রথম চরণের একটু অংশ এখনও তাঁহার কর্ণে যেন অহরহ ধ্বনিত হইতেছেঃ—

"Cæsar tu vas regnier"—সীজার তু ভা রেঙিয়ে; অর্থাৎ —সীজার তুমি রাজত্ব করিতে যাইতেছ—ইত্যাদি।

এইথানে অবস্থানকালে, অবকাশ সময়ে জ্যোতিবাবু তাঁহার মেজ-বৌ-ঠাকুরাণীর নিকট বোম্বায়ের অনেক গল্প শুনিতেন। বোম্বায়ের গল সমুদ্র ও দুখ্যাবলীর কথা শুনিতে শুনিতে, বোম্বায়ের প্রতি তিনি ক্রমশঃ



শীযুক্ত বিজয়চক্র মজুমদার B. L.

[১০ পৃষ্ঠায় উল্লিখিত।



- (গ) বাঙ্গলা গ্রন্থের নিরপেক্ষ ও যথাযোগ্য সমালোচনা করিয়া বঙ্গাহিত্যের উন্নতিসাধন হইতে পারে।
- ্থ) সুগেথকদিগকে সভা হইতে যথোপযুক্ত সন্মান দেওয়া যাইতে পারে।
- (৪) প্রবন্ধ বা পুস্তক রচনা করিয়া অথবা সংবাদপত্র বা সন্দর্ভ-পত্রের সম্পাদকতা করিয়া যাঁহারা বঙ্গদাহিত্যে থ্যাতিলাভ করিয়াছেন, এবং যাঁহারা বাঙ্গলা ভাষার অনুশীলনে বিশেষ অনুরাগী, তাঁহারাই এই ' সভায় সভা হইতে পারিবেন।
- (৫) বাঙ্গলায় গ্রন্থাদি না লিখিলেও বাঁহাকে সভাগণ সারস্বত সভার যোগ্য বিবেচনা করিবেন, অর্থাৎ বাঁহার দ্বারা সভার উদ্দেশ্য-সাধনে সাহায্য হইতে পারিবে, তাঁহাকে সভ্যশ্রেণীভুক্ত করা যাইতে পারিবে।
- (৬) সভায় বাঙ্গলা গ্রন্থসূহ বঙ্গভাষায় সমালোচিত হইবে, অথবা ভারতবর্ষশংক্রান্ত কোন বিষয়ক প্রবন্ধ বা গ্রন্থ, অন্য ভাষায় রচিত হইলে সভায় তাহারও সমালোচনা হইতে পারিবে।
- (৭) যে সকল সমালোচ্য গ্রন্থ সভায় উপস্থিত হইবে, সম্পাদক তাহা সভা-সমক্ষে উপস্থিত করিলে, সভাপতি তাহার সমালোচক স্থির করিয়া দিবেন।
- (৮) যে অধিবেশনে পুস্তকের সমালোচনা পাঠ হইবে—তাহার পরের অধিবেশনে সমালোচনা-লিথিত তর্কবিতর্কের সারাংশ ও সমালোচ্য গ্রন্থানি সম্বন্ধে সভাপতি তাঁহার নিজ মত সংক্ষেপে ব্যক্ত করিবেন।
- (৯) সভার অস্তান্ত কার্য্যবিবরণের সহিত লিখিত সমালোচনার সংক্ষিপ্রদার ও তর্কবিতর্কের সারাংশ এবং তৎসম্বন্ধে সভাপতির অভিপ্রায়

এই হইল যে, বাঙ্গলায় বাঙ্গালী কর্ত্ব আমিই সর্বপ্রথম "জাহাজ-চালান" প্রবর্তন করিব, এই গর্ক। দিতীয়তঃ, সকলেই যথন এ খোলটি কিনিতে উদ্গ্রীব তথন নিশ্চয়ই এটি সস্তা হইয়াছে, ক্রয় বিক্রয়ের দিক দিয়া এ কথাটিও তথন থতাইয়া দেখিলাম। অতএব পুনর্বিক্রয়ে ক্ষতি। কথাটা ঠিক! তখন লোকে যদি বলিত "না এটা ঠকা' হয়েছে" তাহা হইলে আমি যে কি করিতাম, তাহা এখন বলা কঠিন। সকলের লুক দৃষ্টিকে উপেক্ষা করিয়া, প্রকাশ্ত নীলামে সর্ক্রোচ্চ দরে আমি যে জাহাজের খোল কিনিলাম, ইহাতে আর কোনও লাভ হউক বা না হউক—এই কেনার উত্তেজনাই, সে মৃহুর্ত্তে একটা মহৎ গর্ক। যাহাই হউক, জাহাজের খোল কিনিয়া সগর্ক্বে বাটা ফিরিলাম, যেন কি একটা রাজ্যই জয় করিয়া আনিলাম!

"বৃশ্বী (Bushby) গবর্ণমেন্টের জাহাজসমূহের একজন ইঞ্জিনিয়ার, তাঁহাকে বোলটাকা ফী দিয়া এই খোলটি দেখান হইল, তিনি বলিলেন, "It will make a splendid Steamer" (ইহাতে অতি স্থলর একথানি সীমার তৈরি হইবে)। আর কি! আমি অমনি হাওড়ায় বড় বড় সব জাহাজের কারখানায় ঘুরিতে লাগিলাম, কে আমার এই জাহাজখানি প্রস্তুত করিয়া দিবে! কিন্তু তাহাদের হাতে এত বেশী কাষ ছিল যে, বড় বড় কোম্পানির মধ্যে কেহই এ কাষ লইতে স্বীকৃত হইল না। শেষে Kelso Stewart কোম্পানি এই জাহাজনির্মাণের ভার লইল।—সেই খোলে যে প্রথম জাহাজ প্রস্তুত হইল, তাহার নাম রাখিলাম "সরোজিনী"। জাহাজখানি খুব শীঘ্রই দিবার কথা ছিল, কিন্তু Kelso কোম্পানি তাহা পারিল না। তন্যতীত জাহাজ বড় হইল বটে, কিন্তু তেমন মজবুত হইল না। সে যেন এক

শিকার ও সীমার-পরিচালনা

খারাপ, পর্য বয়্লার খারাপ, এই রক্ম প্রত্যহই একটা-না-একটা গোলমাল ঘটতেই লাগিল। আর সেই সব মেরামত করাইতে অজ্ঞ অর্থবার হয়, কাষও বন্ধ রহিয়া যায়। দেশীয় চালক যাহারা ছিল, ভাহার। কল-কব্জার বিষয় ভাল বুঝিত না। সামাগ্র একটু কিছু হইলেই জাহাজ অমনি বন্ধ। আমি বিব্ৰত হইয়া একজন উপযুক্ত লোক খোঁজ করিতে লাগিলাম। জাহাজের কলকজা বিষয়ে অভিজ্ঞ স্থদক্ষ মনের-মত একজন করাসীকে পাওয়াও গেল, তাহাকেই নিযুক্ত করিলাম। সে-ই জাহাজের Commander ছইল। ভাহার উপরেই জাহাজের সমস্ত ভার ছাড়িয়া দিলাম। কল থারাপ হইলেই সে অমনি আস্থিন গুটাইয়া যেরপে অক্লান্তভাবে কাষ করিত, সেরপ কায় দশ জন থালাসীতেও করিতে পারিত না। কিন্তু তাহার একটি মস্ত দোষ ছিল। মাসের মধ্যে একবার করিয়া সে মাতাল হইত। তথন সে উদারতার পরাকাঠা প্রদর্শন করিয়া থালাসীদিগকে বক্সিশ দিত, পন্নরাৎ ক্রিত, জাহাজের সাবানাদি জলে ছুঁড়িয়া ফেলিয়া দিয়া। অনেক অপচয় করিত। কিন্তু হুই একদিন পরে, নেশা কাটিয়া গেলেই আবার সে ষে-ভাল-মানুষ সেই ভালমানুষ—যারপরনাই বাধ্য। যাহাই হউক, এই ব্যক্তিকে নিযুক্ত করিয়া আমার যেমন অনেক খরচ বাঁচিয়া গেল, ভেমনি অভিজ্ঞ কর্মচারীর ভত্তাবধানে কাষকর্মও বেশ স্কুচারুরূপে চলিতে লাগিল 🕆

"আমি এ লাইনে কাষ আরম্ভ করিবার খুব অল্পদিন পূর্বে বিলাতই, হইতে Flotilla Company নামে এক কোম্পানি আসিয়া কার্য্য হুরু করিয়া দিয়াছিল। আমি যখন সর্বপ্রথম কার্য্য আরম্ভ করিব ছির করিয়াছিলাম, তখন যদি পারিতাম তাহা হইলে আমার অনেক হুবিধা হইতে পারিত। কিন্তু প্রথম জাহাজ "সরোজিনী" তৈরি ছবি হারানোতে তিনি এখনও বিশেষ তঃথিত—দে ছবিটি ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেন মহাশয়ের। তব্ও চিত্রবিভায়ে রীতিমত শিক্ষালাভ করিবার স্থযোগ পান নাই বলিয়া তিনি এখনও ক্ষুদ্ধ।

যাহাই হউক,—পূর্ব্বক্থিত জয়গোপাল শেঠ নামে তাঁহাদের যে শিক্ষক ছিলেন, তাঁহার চেহারা ও পোষাকের বর্ণনা নিম্নে প্রদত্ত হইল।

শিক্ষক মহাশয় বেমন পাত্লা, তেমনি অসাধারণ রকমের লয়াও ছিলেন। গরুড় পক্ষীর প্রসিদ্ধ নাসিকাটির মত তাঁহার কণ্ঠনালীটি সমুথ দিকেই বেশী ঝুঁকিয়া পড়িয়াছিল; হাত ছইথানি ছই পাশে প্রসারিত করিয়া, আঙ্গুলগুলি মেলিয়া, লয়া লয়া পা ফেলিয়া, চলিতেন ঠিক যেন হাড়গিলাটির মত; কণ্ঠয়র একটু অনুনাসিক; হাসিলে তাঁহার মিশি-দেওয়া কালো কালো দাঁতগুলি বাহির হইয়া এক অপূর্ব শোভা বিকীরণ করিত; তাঁহার দেহবর্ণ তবু একটু ফর্সা ছিল। মাষ্টার মহাশয়ের পরিচ্ছদেও ছিল এক অন্তুত রকমের। পরিধানে ধুতি, অঙ্গে একটা সাদা লংকথের চাপ্কান, বুকে ভাঁজ করা একথানা চাদর, পায়ে ফুল্ মোজা এবং মাথায় পর্দায় পর্দায় ভাঁজকরা একটা সাদা পাগড়ী;—এমনি পাগ্ড়ীই নাকি তথন সব আফিসের কর্মচারীরা ব্যবহার করিতেন। তাম্বুলরাগ অধরওঠের সীমা পরিত্যাগ করিয়া চিবুক এবং বক্ষস্থ উত্তরীয় পর্যন্ত কথন'-কথন' সবেগে ধাবমান হইত।

একদিন ক্লাসের কতকগুলি ছাত্র পরামর্শ করিয়া, এই শিক্ষক মহাশয় আসিবার পূর্কেই তাঁহার চেয়ারের আসনটিকে বেশ করিয়া মসীরঞ্জিত করিয়া রাথিয়া দিয়াছিল। মাষ্টার মহাশয় তত লক্ষ্য করেন নাই, যেমন বসিয়াছেন অমনি কালির ছাপে তাঁহার চাপ্কানটি তাঁহার পশ্চাতে বিচিত্ররূপে চিত্রিত হইয়া গেল। এবস্থিধ ব্যাপারে তিনি তো বলা বাহুল্য, এগুলি সুবই জ্যোতিবাবুরই হাতের আঁকা। শিশুদের জ্যু বলিয়া সেগুলিতে চিত্রসম্পদের অভাব কিন্তু কিছুই নাই।

এইরপ অধ্যাপনার কিরপ স্থফল ফলিয়াছে, তাহারও একটু পরিচয়া দিতেছিঃ—

জ্যোতিবাবু বলিলেন "সেই 'দেশ দেশ' গানটা গাও ত ?" অমিকি স্বীর ও মঞু গুই ভাই-বোনে গাহিতে লাগিল :—

নিঙা বি'বিট।

দেশ দেশ ভাই আমাদের দেশ সক্তল দেশের আগে সে কোন্ দেশ, ভাই, আমাদের দেশ ॥

উত্তরেতে হিমালয়, দক্ষিণে সাগর পূবে দক্ষিণে ভাই পাহাড় মনোহর

—ভাই, পাহাড় মনোহর—

তার মধ্যে মায়ের অাচল, সোনা ঢালা বেশ, গাছ-গাছালি, ক্ষীরের নদী, সোনা ধানের ক্ষেত

—ভাই, আমাদের দেশ॥

ঝিকিমিকি সুর্য্যি উঠে, রেতে ফুটে ভারা, চাঁদের জ্যোছনা ভাই যেন ফটিক ধারা

—ভাই, যেন ফটিক ধারা।

এমন দেশ ভাই আছে কোথায়, এমন সোনার দেশ, মায়ের কোলে দেশের ছেলে আমরা আছি বেশ---


—ভাই, আমাদের দেশ॥

এবং বোড়দৌড়ের মাঠ প্রভৃতি ঘুরিয়া ফিরিয়া বেলা প্রায় দশটার সময়ে বাড়ী ফিরিতেন। একদিন ইংারা ফিরিতেছেন, কেশববাবু গাড়ী করিয়া বাইতেছিলেন, মুথ বাড়াইয়া বলিয়া উঠিলেন, "কিহে তোমাদের এখনও morning walk হচ্ছে নাকি?" এক একদিন Eden's Park-এ যখন পৌছিতেন, তখনও রাজি থাকিত। চৌকিদার হাঁক দিয়া (challenge করিয়া), বলিত—"হুকুম্—সদর" (who comes there?)।

জ্যোতিবাবু বলিলেন—"ধনী ও গরীব লোকেদের মধ্যে গ্রম কাপড়ের তথন তেমন বিশেষ কিছু তফাৎ ছিল বলিয়া মনে হয় না। অর পয়সার লোকেরা শীতকালে দোলাই ব্যবহার করিত। এখন যেমন সন্তা বিলাতী শাল প্রভৃতি পাওয়া যায়, তখন তাহা ছিল না। ধনীরা শীতকালে শাল দোশালা জামিয়ার রেজাই প্রভৃতি ব্যবহার করিত। এখন যেমন রেশ্মী চান্রের ফ্যাসান হইয়াছে (বোধ্হয় সন্তা বলিয়া) তখন তাহা ছিল না।"

পথে বাহির হইয়া কে কি করিতেন,—তাহার বর্ণনায় জ্যোতিবাবু বলিলেন,—"বাড়ী হইতে বাহির হইয়াই পথে আমরা নানার্রপ ছেলেমান্থবী বাক্যালাপ ও হাস্তকোতুক স্লক্ষ করিয়া দিতাম। তাহাতে পথের প্রান্তি আদৌ অন্তব করিতাম না। একদিন যাইতে যাইতে আমাদের এই এক থেলা হইল—যে, কে আগে কয়টা গ্যাস-লাইটের খুঁটি দেখিতে পায়। খুব ক্রত চলিতে চলিতে আমি বলিলাম, "ঐ একটা" অক্ষয় বলিল, "ঐ একটা"। এই রকম যার নজরে যত বেশী পড়িত, সেদিন তাহারই জিত হইত!

"ज्या कीरूकारल के morning walk करेड (१८९ भीरुकारल)



ভাই প্রতাপচক্র মজুমদার

(৫১ পৃষ্ঠায় উল্লিখিত।



জমীদার, দোকান্দার, মহাজন অনেকেই উপস্থিত ছিলেন। এখানকার প্রধান জমীদার শ্রীযুক্ত বরদাকান্ত রার সভাপতির আসন গ্রহণ করে-ছিলেন। অনেকগুলি স্থবক্তাও ছিলেন। সেদিন ছাত্রদের আহলাদ ও উৎসাহের সীমা ছিল না। তারা আপনারাই সভার বিজ্ঞাপন ঘরে ঘরে গিয়ে বণ্টন করেছিল, গাছের পাতা দিয়া ঘরটি স্থানর সাজিয়েছিল। তাদের উৎসাহ দেখ্লে নিরাশ প্রাণেও আশার সঞ্চার হয়, নিরুত্তম হাদয়েও উন্তমের ভাব আসে।

"দেদিন এখানে জাতীয় সংকীর্ত্তন হয়েছিল। সে এক অপূর্ব্ব দৃশ্য। "জননী জন্মভূমিশ্চ স্বর্গাদিশি গরীয়নী" অন্ধিত নিশান হাতে নিয়ে, ঝোল-কর্ত্তাল বাজাতে বাজাতে বাহু তুলে, উৎসাহের সহিত গান কর্তে কর্তে সংকীর্ত্তনের দল"—"বাবুর বাড়ী থেকে বৈকালে বেরুলেন্ —যেতে যেতে রাস্তায় লোকের ভিড় বাড়তে লাগল—তারপর বাজারে পৌছিলে লোকারণা হয়ে উঠ্ল। প্রথমে লোকেরা মনে করেছিল, বুঝি কোনও ধর্মসম্প্রদায়ের সংকীর্ত্তন, তাই অ—বাবু একটা টুলের উপর দাড়িয়ে এ কীর্ত্তনের উদ্দেশ্য অন্নকথায় ও সহজ ভাষায় বেশ বুঝিয়ে দিলেন—তাতে লোকেরা বেশ বুঝ্তে পার্লে ও উৎসাহের সঙ্গে সংকীর্ত্তনে স্বাই যোগ দিলে।

"নগর-সংকীর্ত্তনে যে কি মাতান' ভাব, আমি সেদিন বেশ বুঝতে পার্লেম্। এইরূপ জাতীয় সংকীর্ত্তন যদি নগরে নগরে গ্রামে গ্রামে গাওয়া হয়, তা হলে বড়ই উপকার হয়। সাধারণের মধ্যে জাতীয় ভাব-প্রচারের ভাল উপায় এর চেয়ে আর কিছুই নেই। যে গানটা গাওয়া হয়েছিল, সেটা নিমে লিখে দিলাম। এই গানটার লোকেরা যে কি-বক্ষ মেতে উঠেছিল সূর না জনলে শুধ কথায় তা বোঝা যাবে

কে কোথায় আছিদ্ ভাই আয়ুরে সকলে গাই
প্রাণের সঙ্গীত আজি কাঁপায়ে গগন।
বৈধে আজি প্রাণে প্রাণে
সবে মিলে গাই গীত মৃত-সঞ্জীবন।

(একতালা)


(ও ভাই) দেখ, সব ঘুমিয়ে অচেতন হয়ে দেশের দশা একবার করে না স্মর্ণ । (একৰার চায় না, রে কেউ নয়ন মিলে)ু ্ (একি রে কাল-নিদ্রা এল) (মোরা) সবারে জাগাব, তুর্দশা ঘুচাব নিজাগত প্রাণে আনিব চেতন। (এ যোর ছঃখনিশি অবসানে) ্ নহারাণীর স্থশাসনে 🤾 (ওভাই) ভিন্ন-ভিন্ন জাতি, মিলে দিবা রাতি, ভাই ভাই হয়ে করিব সাধন, ু (মিলে প্রেমস্থতে প্রাণে প্রাণে) দেখবে দেশে দেশে, এ ভারতে মিশে,

(রপক)

েওরে এমন শোভা দেখবে কোথা।

কত জাতির হল, প্রেমেতে মিলন।

আহা, 'জননী জন্মভূমিশ্চ স্বৰ্গাদপি গ্ৰীয়সী'



স্বৰ্গীয় মনোমোহন বস্থ

ि ५५% अर्थना प्रतिशिक



শিকার ও স্থীমার-পরিচালনা

(মনোহর সই—একতালা)

শক্ত মিত্র মিলে ঘরের বিবাদ ভুলে গলাগলি হ'য়ে গাই রে

(আজি) দেশের কাষে মোরা হয়ে মাতোয়ারা স্বার্থের কথা ভুলে যাই রে (দেশের প্রেমে মন্ত হ'য়ে)

(মায়ের চরণ সেবায়)

(করি) হয়ে একমন মায়েরই কীর্ত্তন

(মোরা) পঁচিশ কোটী প্রাণী ভাই রে। বিংশতি জাতিতে বিংশতি ভাষাতে

মেদিনী কাঁপায়ে গাই রে।

(জয় ভারতজননী বলে')

(সমস্বরে সবে)

(রূপক)

নব উন্তম দেখিয়ে সবে চমকিত হয়ে ক'বে বুঝি ভারত হবে আবার জগত-ভূষণ।

(ঝুলন)

(ওরে) চারিদিকে স্বাই জেগে, তোরাই রলি'

—শুধু তোরাই খুমে রলি' শুধু তোরাই ঘুমে রলি'।

নবীন আলোয় ভাস্ছে ধরা দেখ রে নয়ন মেলি।

(চেয়ে দেখ দেখ রে ও ভাই)

তবু এমনি তাঁহার জ্ঞান-পিপাসা যে,জ্বের কাতরাইতে কাতরাইতেও নৃতন কিছু দেখিলেই তিনি প্রশ্ন করিতে ছাড়িতেন না,এবং যাহা কিছু জ্ঞানলাভ করিতেন, তথনি পকেট হইতে নোটবুকথানি বাহির করিয়া তাহাতে টুকিয়া রাখিতেন। তিনি ছেলেমেয়েদের সঙ্গে বাক্যালাপ করিতে বড় ভাল বাসিতেন। যথনই তিনি আসিতেন,বাড়ীর ছেলেমেয়েদিগকে কাছে ডাকিয়া, নানা রকম গল্প জুড়িয়া দিতেন। আমার সঙ্গে দেখা হইলেই, তিনি আমাকে বলিতেন,—"তোমার ঠাকুরদাদা ভ্রারিকানাথ ঠাকুর মেডিকাল কলেজস্থাপনের জন্ত কত যে যত্ন ও সাহায্য করিয়াছিলেন, তাহা Medical Collegeএর Record খোঁজ করিলেই জানিতে পারিবে।"

জ্যোতিবাবু বলিলেন, "হার্মোনিয়ম প্রবর্ত্তনের পূর্বের, সমাজে বিষ্ণুবাবুর গানের সঙ্গে মানা নামে একজন হিন্দুখানী সারেক বাজাইত।
এই মানার মত নিপুণ সারেকী কলিকাতার তথন আর কেহই ছিল
না।পরে হার্মোনিয়ম চলিত হইলে, ক্রমে ক্রমে সারেক উঠিয়া গেল।
ইহা আমাদের ছর্ভাগ্যের বিষয়ু সন্দেহ নাই। হার্মোনিয়ম যন্তে হিন্দু
রাগ-রাগিণী ঠিকমত বাজান' ছে একরূপ অসম্ভব—ইহা স্কীতজ্ঞ ব্যক্তি
মাত্রেই বুঝেন।

শারার একটা অদ্ত সথ ছিল। বাড়ীতে সে সদা সর্বদা মহাদেবের মত গায়ে সাপ জড়াইয়া বসিয়া থাকিত। সাপও সব যেমন তেমন নয়—কেউটে গোক্ষরা প্রভৃতি বিযাক্ত সাপ। সাপগুলিকে গায়ে জড়াইবার আগে, সে তাহাদের বিষদাতগুলি ভাঙ্গিয়া দিত। কিন্তু ভাঙ্গিয়া দিলেও নাকি আবার গজায়, তাই সর্পাঘাতেই অবশেষে তাহার মৃত্যু হয়।"

জ্যোতিবাবু আরও বলিলেন—

বোষ এবং মনোমোহন বস্থও* এই মেলায় থুব উৎসাহী ছিলেন। এই হিন্দুমেলাই বঙ্গদেশে, যদি সমগ্র ভারতবর্ষে না-ওহয়, সর্বপ্রথম জাতীয়া শিল্প-প্রদর্শনীর (National Industrial Exhibition এর) পত্তন করিল। এ মেলায় তথন কৃষি, চিত্র, শিল্প, ভাস্কর্য্য, স্ত্রীলোকদিগের স্থাচিও কার্কার্য্য, দেশীয় ক্রীড়া-কোতৃক ও ব্যায়াম প্রভৃতি জাতীয় সমস্ত বিষয়ই প্রদর্শিত হইত। এই মেলা উপলক্ষ্যে কবিতা প্রবন্ধাদিও পঠিত ইইত।


নবগোপালবার্ দেখা হইলেই জ্যোতিরিন্দ্রনাথকে উত্তেজনাপূর্ণ জাতীয় ভাবের কবিতা লিখিতে অনুরোধ করিতেন। জ্যোতিবার্ এ সমরে কবিতা লিখিতেন না, বা ইহার পূর্ব্বেও কথন লেখেন নাই। কিন্তু ক্রমাগত অনুরুদ্ধ হওয়ায়, তিনি একটি কবিতা † লিখিয়াছিলেন। কবিতাটি রচিত হইবামাত্র, নবগোপালবার্ গণেক্রবার্কে দেখাইতে লইয়া গেলেন। জ্যোতিবার্ সেথানে গিয়া কবিতাটি আরুত্তি করিয়া শুনাইলে, গণেক্রবার্ "বেশ হয়েছে, এটা এবার মেলায় পড়তে হবে" বলিয়া তাঁহাকে উৎসাহিত করিয়াছিলেন। সেবারকার মেলায় শ্রিফুক্ত শিবনাথ ভট্টাচার্য্য (পরে শাস্ত্রী—সম্প্রতি পরলোকগত), শ্রীয়ুক্ত অক্সয়র্চক্র চৌধুরী ও জ্যোতিবার্—এই তিনজনের তিনটি কবিতা পঠিত হয়। জ্যোতিবার্র কণ্ঠমর খুব ক্ষীণ, অত ভিড়ের মধ্যে ঠিক শোনা যাইবে না বলিয়া, ৺হেমেক্রনাথ ঠাকুর সেটি বজ্রগন্তীরকণ্ঠে পাঠ করিয়াছলেন। সেবারকার মেলায় সভাপতি ছিলেন ৺গণেক্রনাথ ঠাকুর।

শতীনটক হরিশচন্দ্র প্রভৃতি নাটকপ্রণেতা এবং "মনোমোহন লাইব্রেরী",
 নামক পুশুকের দোকানের সত্তাধিকারী।

[🕆] ১৩১৩ সালের পৌষ সংখ্যা "ভারতী"তে কবিতাটি বছদিন পরে প্রকাশিত

মুখোপাধ্যায় (তথনও রাজা হয় নাই) আমার নিকট এক সন্ধির প্রস্তাব লইয়া আসেন। তিনি বলিলেন 'উভয়পক্ষেই আর এরপ র্থা অর্থবায়ে লাভ কি ? আপনি নিজেই একটা মূল্য ধার্য্য করিয়া দিউন্। ফ্রোটলাক্ষাম্পানী আপনার সমস্ত কারবার কিনিতে প্রস্তুত আছে।' আমি দেখিলাম যে, এ একটা মহাস্থযোগ উপস্থিত—এ স্থযোগ ছাড়া একেবারেই উচিত নয়। তথন যেরপ অবস্থা হইয়া দাড়াইয়াছিল, তাহাতে কোন দিন আপনাআপনিই কায গুটাইতে হইত, সে ক্ষেত্রে তাহা হইলে ত কিছুই পাওয়া যাইত না। অতএব এখন বেশ মানে-মানে—উদ্দেশ্যও সিদ্ধ ইউক, যা-হয় কিছু পাওয়াও যাউক। এইরপ ভাবিয়া চিস্তিয়া আমি মগ্রাবশিষ্ট চারিথানি জাহাজ ও তৎসংক্রান্ত সমস্তই ফ্রোটলাকোম্পানীকে বিক্রয় করিয়া দিলাম।

"ফোটিলাকোম্পানীর নিকট হইতে যাহা ন্যায় তাহাপেক্ষা অনেক বেশী টাকা পাইলেও, আমি আমার ঋণপরিশোধ করিতে পারিলাম না। খুব বিপন্ন হইয়া পড়িলাম; শেষে পালিত মহাশ্ম (শুর টি পালিত) সমস্ত পাওনাদারদের ডাকাইয়া তাহাদিগকে অনেক বুঝাইয়া হুজাইয়া দিলেন, তাহাতে আমার ঋণের বোঝা অনেকটা হালা হইয়া গোল। ইহার কিছুদিন পরে, তিনি নিজেই এ ভার গ্রহণ করিয়া এমন একটা বন্দোবস্ত করিয়া দিলেন, যাহাতে আমি একেবারেই ৠণমুক্ত হইয়া গোলাম। তিনি এখন দানবীর শুর ডারকনাথ পালিত, তাহার পরিচয় কে না জানে? কিন্তু তিনি যে আবার কেমন বন্ধুবৎসল, তাহা তাহার এই কাষেই লোক পরিচয় পাইবে। শুধু আমাকে নয়, এমনি কত লোককে বিপদ হইতে উদ্ধার করিয়া যে তিনি তাহার "তারক" নামের সার্থকতা সম্পাদন করিয়াছেন, তাহার আর গণনা হয় না।



স্বৰ্গীয় শুৱ তাৱকনাথ পালিত



শিল্প-বাণিজ্য-প্রতিষ্ঠা

জ্যোতিবাবু বলিলেন,---"রাজনারায়ণবাবু আমাদের চেয়ে বয়সেও ষেমন অনেক বড়, জ্ঞানেও তেমনি অনেক বড় ছিলেন; কিন্তু তাঁহার নির্মাল হাদয়, গর্বাশূস্য প্রাণ, এবং স্বদেশের জন্ম ঐকান্তিকতা, তাঁহাকে একেবারে শিশুর মত সরলতার একখানি প্রতিমা করিয়া রাথিয়াছিল। বয়দের এমন পার্থক্য ও এত প্রচুর পাণ্ডিতা সত্তেও, তাঁহার মনে কখনও বিন্দুমাত্র অভিমান আমি দেখি নাই। রাজনারায়ণবাকু আমার পিতৃদেবের নিকট গিয়া যেমন গভীর জটিল ধর্মতত্ত্বের আলোচনা করিতেন, বড় দাদার সঙ্গে যেমন দর্শনশান্ত্রের কৃট তর্ক করিতেন, আমাদের সঙ্গে তেমনি হাসিমুথে ছেলেমান্থবিও করিতেন। তাঁহার মত এমন অসাধারণ মানুষ, আমি আর দেখি নাই। তাঁহার অনেক হাসির গল্প পুঁজি ছিল-–তিনি ঐরপ এক একটি গল বলিয়া, মুদ্রিত নেত্রে মজাটি কিছুক্ষণ নিজেই উপভোগ ক্রিয়া—ছই এক সেকেও স্তম্ভিত থাকিয়া, নিজেই উচ্চরবে সকলের আগে হাসিয়া উঠিতেন। সেই খোলা উচ্চহাসির মধ্যে একটি স্থমধুর সরলতা এবং একটা নিরভিমান বিরাট প্রাণের স্পান্দন অমুভূত হইত।

"ঠাহার রচিত 'হিল্পর্যের শ্রেষ্ঠতা' তথনও প্রকাশিত হয় নাই।
আমাদের পূজার দালানে, এখন যেখানে উপাসনা হয় সেইখানে,
একবার একটি সভা হইয়াছিল। আমার পিতা ছিলেন সভাপতি;
রাজনারায়ণবাবু সেই সভায় "হিল্পর্যের শ্রেষ্ঠতা" সম্বন্ধে বক্তৃতা
দিয়াছিলেন। রেভারেও কালীচরণ বন্দ্যোপাধায় প্রভৃতি অনেক
গণ্যমান্ত লোক সে সভায় উপস্থিত ছিলেন। রাজনারায়ণ বাবুর
প্রবন্ধ পঠিত হইলে, রেভারেও কালীচরণ তাহার এক তীব্র প্রতিবাদ
করেন। পিতাঠাকুর মহাশ্য তাহাতে এতই বিরক্ত হইয়াছিলেন

ভারত সঙ্গীত-সমাজ-প্রতিষ্ঠা

3


সংস্কৃত নাটক অনুবাদ

পূর্বেই বলিয়াছি, জ্যোতিবাবু এককালে শির-সামুদ্রিক (Phrenology) বিভার খুবই চর্চা করিতেন। এই সময় "সাধনা"য় একবার এক বিজ্ঞাপন দেওয়া হইল যে—হে-কোন ব্যক্তি জোড়াসাঁকো
বাটীতে জাসিয়া জ্যোতিবাবুর নিকট, ৭টা হইতে ১১টার মধ্যে মাথাপরীক্ষা করাইতে পারিবেন। লোকে হুজুগ্ চায়। ছুইটি চারিটি দশ্টি
করিয়া ক্রমশঃ লোকসংখ্যা দিন দিন বাড়িতে লাগিল। শেষে এত
লোক আসিতে আরম্ভ করিল যে, বেলা ছুইটা তিনটা পর্যান্ত জনবরত
প্রীক্ষা করিয়াও জিনি শেষ করিতে পারিতেন না।

অনেক দিন হইতে জ্যোতিবাবুর ইচ্ছা ছিল, বিভাসাগরমহাশয়ের ছবি আঁকেন ও তাঁহার মস্তক-পরীক্ষা করেন, কিন্তু এ স্থযোগ তাঁহার ঘটিয়া উঠে নাই। "বালকে" বিভাসাগরমহাশয়ের যে ছবি ও মস্তক-পরীক্ষার ফল প্রকাশিত হইয়াছিল, সেটা বিভাসাগরমহাশয়ের প্রচলিভ বাজারে বিক্রীত ছবি দেখিয়া আঁকা। একদিন কোন ক্রেকটি বিবাহ-সভায় জ্যোতিবাবুর সহিত বিভাসাগরমহাশয়ের সাক্ষাৎ হয়। জ্যোতিবাবু তাঁহার অভিপ্রায় জানাইলে, তিনি একদিন জ্যোতিবাবু কাঁহার বাসায় যাইতে বলিয়াছিলেন, কিন্তু ইহার অল্পদিন পরেই, সমগ্র বঙ্গদেশ এবং বাঙ্গালী জাতিকে কাঁদাইয়া তিনি স্বর্গপ্রয়াণ করেন। জ্যোতিবাবুর এ সাধ আর পূর্ণ হইল না, এজন্ম তিনি এখনও



বিজ্ঞাসাগর মহাশয়ের শেষ-শয্যা



জ্যোতিবাবুর সঙ্গীতপ্রিয়তা, Phrenology ও চিত্রাঙ্কন-পটুতা লক্ষ্য করিয়া দিজেন্দ্রনাথ একবার একটি ব্যঙ্গ কবিতা রচনা করিয়াছিলেন, তাহা হইতে একটু উদ্ধৃত করিয়া দিলাম (কবিতাটি অপ্রকাশিত):---"বেয়ালা কি মিঠে অমৃতের ছিটে

ঐ হাতটিতে ভনায়,

পিয়ানো ঢং ঢং

छ एः एः.

সেতার গুন্গুনায়।

মাথার তত্ত্ব খুঁজি, পুঁথি করেন পুঁজি,

মাথা পেলে আর কিছু চান না।

ল'ন্ যবে ছবি মনে ভাবে কবি

"হইয়াছে, থামো—আলা. 🦜

চক্ষে আসিয়াছে মোর কারা !"

জ্যোতিবাবু বলেন, অভিলৌকিক রহস্ত-ব্যাপার জানিবার জন্ম তাঁহার একবার বড়ই কৌভূহল জন্মিয়াছিল। কোথাও কোনও প্রসিদ্ধ গণৎকার বা ভবিষ্যদ্বক্তা বা ঐ জাতীয় একটা-কিছু আসিয়াছে শুনিলেই, তিনি অমনি বন্ধুবান্ধবসহ দেইখানে গিয়া হাজির হইতেন। কিন্তু পনের-আনা ভাগই আন্দাজ ও বাকিটুকু ফাঁকি দেখিয়া অবিলম্বেই তাঁহার শে স্থ মিটিয়া গিয়াছিল। কোষ্ঠীর ফলাফলেও তিনি আর বিশ্বাসস্থাপন করিতে পারেন নাই। তিনি বলেন, 'এ সমস্ত ব্যাপার বৈজ্ঞানিক পদ্ধতি-অনুসারে পরীক্ষিত হওয়া উচিত।'

"প্ল্যাঞ্টে"র কাণ্ড দেখিয়া, তিনি কখনকখনও খুবই আশ্চর্য্য বোধ ক্রিয়াছেন। তিনি ব্লিলেন, "একবার আমার গুণুদাদা এবং ভগিনীপতি ভি-ক্রাষ্ঠফলকে কৈলাস মুখুয্যের প্রেতাত্ম। ষহনাথ

কর্মচারী। লোকটি থুবই মজলিসি ও স্থ্রসিক ছিল। তাহার প্রেতাআকে প্রলোকের কথা জিজ্ঞাসা করায়, বলিলঃ—"আমি কত কণ্ঠ করিয়া, মরিয়া যাহা জানিয়াছি, আপনারা না মরিয়াই তাহা জানিতে চাহেন কোন সাহসে ? আপনারা ত বড় মজার লোক দেখি ?" তাহার পর অনেক পীড়াপীড়ি করায় সে প্রলোক সম্বন্ধে যে ছই চারিটি কথা বলিয়াছিল, তাহা তোমাকে বলিতেছিঃ—

"আপনারা যাহাকে "ইফ্টায়ার" (sphere) বলেন, মৃতেরা মৃত্যুর পর সেইরূপ এক-এক ইফ্টায়াক্রে গমন করে।"

"সকলেরই যাত্রা-পথ এক।"

"প্রথমে কিছুকাল নিদ্রাবস্থায় থাকে।"

"এখানে, মশায়, আরু যাই থাক্, পেটের জালা নাই।"

"যে ঘরে এই সব কাণ্ড হইতেছিল, সেই ঘরে কয়দিন হইতে জমিদারীসংক্রান্ত দরকারী একটা কাগজ খোঁজ করিয়াপাওয়া যাইতেছিল না।প্রেতাআকে আমরা সেই কাগজখানির সন্ধান জিজ্ঞাসা করিলাম। উত্তর পাইলাম—জলের পাইপ্তয়ালা অমুক বাক্তির নিকট খোঁজকন, পাবেন। জামরা অতিশয় আশ্চর্যান্তিত ইইয়া গেলাম। পরে দেখা গেল যে—সেই পাইপ্তয়ালার বিল্ল প্রভৃতি কতকগুলি কাগজের সঙ্গে উক্ত কাগজখানিও ভুলক্রমে চলিয়া গিয়াছিল।"

এবস্থাকার দথ যথন মিটিল, তথন জ্যোতিবাবু আবার দঙ্গীতে মনোনিবেশ করেন। সহজ ও সরল প্রণালীতে কিরূপে গানের স্বরলিপি হইতে পারে, এই দিকে তাঁহার দৃষ্টি প্রথম আরুষ্ঠ হইল। এইজন্ত প্রথম প্রথম "ভারতী"তে জ্যোতিবাবু সংখ্যামাত্রিক স্বরলিপিপদ্ধতি প্রকাশ করিতেন। পরে তাহা অপেক্র সরল এবং শিক্ষার্থীরও বোধগম্য ক্রিক

তাহার পর ক্রমশ, তাঁহার উপস্থাসের পর উপস্থাস প্রকাশিত হইতে লাগিল—আমার দেখিয়া বড়ই আনন্দ হইত।

"আগে আমাদের বাড়ীতে অবরোধপ্রথা থ্বই মানিয়া চলা হইত। মেয়েদের এবাড়ী ওবাড়ী যাইতে হইলেও ঘেরাটোপটাকা পালীতে চড়িয়া যাইতে হইত; এবং পালীর সঙ্গে সঙ্গে ২া> জন করিয়া লারোয়ানও যাইত। যে সকল প্রস্ত্রীগণ গঙ্গালানে যাইতেন, তাঁহাদিগকে পালী করিয়া লইয়া গিয়া, পালীস্থদ্ধ জলে চুবাইয়া আনা হইত। কিন্তু এই অবরোধপ্রথার বিরুদ্ধে সর্বপ্রথম মেজদাদা অস্ত্রধারণ করিলেন। তাঁহার পূর্ব্বে বঙ্গদেশে সামাজিক ক্প্রথার বিরুদ্ধে আর কেহই হস্তোত্তোলন করিয়াছিলেন বলিয়া, আমার মনে হয় না। এই অসমসাহসিক কার্য্যের জন্ম তাঁহাকে তৎকালীন জনসমাজে অনেক অপ্রিয় মন্তব্যও সন্থ করিতে হইয়াছিল। ফলে আমাদের অন্তঃপুরিকাগণের মধ্যে গাড়ীর চলন হইয়া পড়িল।

শ্বর্ণকুমারীর সঙ্গে যথন শ্রীযুক্ত জানকীনাথ ঘোষালের বিবাহ হইল, তথন আমাদের অন্তঃপুরে আরও কিছু কিছু পরিবর্তন ঘটিতে আরম্ভ করিল। পূর্কে আমাদের শুইবার ঘরে থাট-বিছানা ছাড়া

⁽১৩০৮ ইং ১৯০১), কৌতুকনাট্য (১৩০৮ ইং ১৯০১), দেবকৌতুক (১৩১২), কনে-বদল (১৩১৩), পাকচক্র (১৩১৯), রাজকক্সা (১৬২০)। এওডিল্ল অর্থকুমারীর রচিত কয়েকথানি শিশুপাঠ্য পুস্তকও আছে; যথা—গল্লফল্ল, সচিত্র বর্ণবোধ, বাল্যবিনাদ, প্রথমপাঠ্য ব্যাকরণ এবং কীর্ত্তিকলাপ।


লেখিকা মহাশয়ার ভাষণ এবং নক্ষঞ্জগৎ সম্বন্ধীয় অনেকগুলি প্রবন্ধ যাহা

বাঙ্গলা দেশে সঙ্গীতশিক্ষা, সঙ্গীত অধ্যাপনা, তাহার প্রচার এবং বাঙ্গলার অভিজাত ও মধ্যবিত্ত লোকদের মধ্যে স্টোবস্থাপন।

তদমুদারে শীঘ্রই এক অনুষ্ঠানপত্র প্রস্তুত হইল। সকল সংবাদপত্রেই এই অনুষ্ঠানপত্র এবং উক্ত সভার উদ্দেশ্য বিজ্ঞাপিত। হইল।
দেশের অনেক সুধী এবং দেশহিতৈষী মহাত্মা এইরূপ একটি সমিতি বা
সজ্বের অভাব ও তরিবারণের আবশুকতাও ব্বিলেন। সভাস্থাপনকল্পে একটি কার্যানির্কাহক সমিতি গঠিত হইল। চাঁদার জন্ম জ্যোতিবিজ্ঞান ধনীদের দারস্থ হইলেন। কেহ সহস্র, কেহ পঞ্চশত, কেহ
বা তুইশত রজতমুদা দান করিবেন বলিয়া সাক্ষর করিলেন। জ্যোতিরিজ্ঞান নিজ পরিবার ইইতেই দিসহস্রেরও অধিক টাকা সংগ্রহ করিয়া
দিয়াছিলেন। সভা স্থাপিত হইল, নাম হইল—"ভারত সঙ্গীত সমাজ।"

প্রথমে সমাজ স্থানীয় কালীপ্রসন্ন সিংহ মহাশব্দের বাটীতেই বসিত।
সকলশ্রেণীর লোকেই এই সমাজের সভা হইতে লাগিলেন। সম্মিলিত
উল্পমে এবং ঐকান্তিক আগ্রহে বেশ কাষ্ট চলিতে লাগিলে; সমাজও
নিজের উদ্দেশ্যপথে দ্রুত অগ্রসর হইতেছিল। কোনও গুণীব্যক্তি কলিকাতায় আসিলেই, এই সমাজে তাঁহার গানবাজনা হইত। কলিকাতার
আনেক বড়লোক এবং মধ্যবিত্ত গৃহস্থ নিয়মিতভাবে সভায় যোগদান
করিতেন এবং পরম্পর বেশ মেলামেশাও হইত। কিন্তু বাঙ্গালীর
সমবেত কার্য্যে দেবতার অভিশাপ আছে, সেই অভিশাপের ফলে
অনতিবিল্মেই মতদ্বৈধ ঘটিল এবং সমাজও ঘুই ভাগে বিভক্ত হইয়া পড়িল।

এবারকার দলাদলিতে বেশ গাঢ় রক্ষের একটু ঢলাঢলিও হইল। এক্দল অন্তদলকে "সঙ্গীতসমাজ" হইতে নির্বাসিত করিতে চায়,



শ্রীযুক্ত সত্যেক্র থ ঠাকুর I. C. S.



জ্যোতিবাবু তথন হিন্দুফূলে পঞ্চম-শ্রেণীতে পড়িতেন। বয়দ প্রায় বার কি তেরা, যে রেখা-চিত্রকলার জন্ম বিলাতেও আজকাল জ্যোতিরিন্দ্রনাথ প্রশংসিত হইতেছেন তাহার বীজ অর্দ্ধশতান্দী পূর্কের সেই বালক জ্যোতিরিন্দ্রনাথেও পরিলক্ষিত হইয়াছিল। ক্লাসে বিসয়া তিনি একবার তাহাদের মাষ্টার জয়গোপাল শেঠের ছবি আঁকিয়াছিলেন। তাঁহার যে চিত্র অঙ্কিত হইতেছিল, এ ব্যাপার মাষ্টার মহাশয় কিছুই জানিতেন না। সে প্রতিকৃতি এমনই অন্তর্মপ হইয়াছিল যে মাষ্টারদের মধ্যেও তাহা লইয়া কিছুদিন যাবৎ একটা খুব হাসি তামাসা চলিয়াছিল।

পূর্বোক্ত ঘটনারও ছই এক বৎসর পূর্বে জ্যোতিবাৰু ভূঁঁ।হার জীবনে সর্ব্বপ্রথম চিত্রাঙ্কন করেন। ব্যারিষ্টার শ্রীযুক্ত সত্যেক্সসন্ন সিংহ (অধুনা লর্ড সিংহ) মহাশয়ের পিতৃব্য শ্রীযুক্ত প্রতাপুনারায়ণ সিংহ মহাশয় একবার জ্যোতিবাবুর মেজ্দাদাকে (স্ত্যেরনাথ) তাঁহার কর্মস্থান মণিরামপুরে নিমন্ত্রণ করেন। জ্যোতিবাবুও তাঁহার মেজ্দাদার সঙ্গে দেখানে গিয়াছিলেন। একদিন, কেন কে জানে, প্রতাপবাবুর ছবি আঁকিতে তাঁহার বড় ইচ্ছা হয়। ইহার পূর্বে তিনি আর কখনও কাহারও ছবি আঁকেন নাই, বা আঁকিতে চেষ্টাও করেন নাই। এই ছবিখানি এত স্থসদৃশ হইয়াছিল যে বালক জ্যোতিরিক্তনাথকে চিত্রাঙ্কনের জন্ত সকলেই মুক্তকণ্ঠে প্রশংসা করিয়াছিলেন। ইহাই তাঁহার প্রথম চিত্র —তথন হইতেই তিনি বুঝিতে পারিয়াছিলেনযে ছবি আঁকিবার ক্ষমতাও তাঁহার আছে। তাহার উপর, তাঁহার প্রথম চিত্র দেখিয়াই সকলে যথন প্রশংসা করিতে লাগিলেন, তথন তিনি মধ্যে মধ্যে বাড়ীর লোকদেরও চেহারা আঁকিয়া হাত পাকাইতে লাগিলেন। সে সকল চিত্র চোঁতা কাগজেই অন্ধিত হইত, দেওলিকে রক্ষা করার কথা তথন কাহারও মনে


(নহর্ষির) একজন খুব প্রিয় শিশ্র ছিলেন। তিনি বর্দ্ধনানে ব্রাহ্মদমাজস্থাপনে ইচ্ছুক হৈইয়া মহর্ষির নিকট আচার্য্যের কার্য্য করিতে পারেন এমন
একটি লোক প্রার্থনা করেন। মহর্ষি ইতিপূর্ব্বে যে চারিজন পণ্ডিতকে
বেদশিক্ষার জন্ম কাশীতে পাঠাইয়াছিলেন, তাঁহাদেরই একজনকে
আচার্যোর পদে বৃত করিয়া বর্দ্ধনানে পাঠাইয়া দেন। বর্দ্ধনানে ব্রাহ্মসমাজের কাষকর্মা বেশ স্কুচারুত্রপেই চলিতেছিল, এমন সময় কেশব বাবু
ব্রাহ্মসমাজে যোগ দিলেন। কেশব বাবুর কার্যাকলাপ এবং আচার
ব্যবহারে মহারাজ অতান্ত বিরক্ত হইয়া, বর্দ্ধনান হইতে ব্রাহ্মসমাজ
উঠাইয়া দিয়া, সমাজের সহিত সমস্ত সম্বন্ধ একেবারে পরিত্যাগ
করিলেন।"


বেদ্ব্যাসের বিশ্রাম

জ্যাতিবাৰু বলিলেন,—"ক্ৰমে ক্ৰমে আমাৰ বাল্যসহচৰ বন্ধ্ৰান্ধৰ, একে একে সকলেই ভবধাম পরিত্যাগ করিলেন। অবশেষে ক্ষণবিহারীও চলিয়া গেলেন। মধ্যে, ক্লঞ্বিহারীর সঙ্গে বড় একটা দেখা সাক্ষাৎও হইত না ; কিন্তু ইদানীং তাঁহার সহিত আমার বন্ধু যেন আরও গাঢ়তর হইয়া উঠিয়াছিল। তিনি প্রতাহ সন্ধার সময় আমাদের বাড়ী আসি-তেন। আমরা ছাদের উপর মাত্র পাতিয়া ত্ইজনে মুথোমুখী বসিয়া মন খুলিয়া খুব গল্প করিভাম। একদিকে তাঁহার যেমন অগাধ পাণ্ডিভা, অন্তদিকে তেমনি আবার তাঁহার হাদয়ও স্বেহমমতায় পরিপূর্ণ ছিল। তাঁহার অসাধারণ মনের বল ও আশ্চর্য্য কষ্টস্হিস্কুতা ছিল। যথন তাঁহার সায়েটিকা রোগের যন্ত্রণা বাড়িয়া উঠিত, তথন তিনি "ই**ণ্ডিয়ান** মিরারে"র জন্ম ইংরাজি প্রাবন্ধ লিথিয়া, সেই যন্ত্রণা ভুলিয়া থাকিতেন। তাঁহার বাঙ্গলা লেখা অভ্যাস ছিল না—কিন্ত পরে, সাধনার বলে, বাঙ্গলা লেখাতেও তিনি সিদ্ধহন্ত হইয়াছিলেন। বাঙ্গলাভাষায় "অশোক-চরিত্র" প্রভৃতি গ্রন্থ কৃষ্ণবিহারীরই রচনা।"

জ্যোতিবাবু স্বাস্থ্যলাভের জন্ম ইতিপূর্বেক কয়েকবার রাঁচী আসিয়াছিলেন। বারকয়েক রাঁচী আসা-যাওয়াতে, রাঁচী তাঁহার থুব ভাল
লাগিয়াছিল। তাহার ফলেই তিনি এথানে এথন "শান্তিধাম" নির্মাণ
করিয়া বাদ করিতেছেন।

জীবন কথা শেষ করিয়া তিনি বলিলেন, "যতদ্র মনে পড়িল, তাহা ত' বলিলাম। এখন এইখানেই বেদবাাদের বিশ্রাম! তোমার পাঠকেরাও হয়ত হাঁপ ছাড়িয়া বলিবেন—'রাম বল, বাঁচ্লাম'।"





মহর্ষি দেবেক্সনাথ ঠাকুর (৮৭ বৎসর বয়সে)

ছেলেখেলা, নাটক-রচনা ও অভিনয়

জ্যোতিরিন্দ্রনাথের শৈশবসঙ্গী আর একজন ছিলেন, তিনি ৺গুণেক্রনাথ ঠাকুর। গুণেন্দ্রনাথের সম্বন্ধে জ্যোতিবাবু বলিলেন যে—"গুণুদাদা ও আমি প্রায়ই একবয়সী। আমরা ছেলেবেলায় বরাবর একত্রে থাকিতাম, একসঙ্গে থেলাধূলা এবং একসঙ্গে পাঠাভ্যাসও করিতাম। তিনি অত্যস্ত প্রত্বঃথকাত্র, স্নেহশীল এবং উদারহৃদয় লোক ছিলেন। আমরা তুইজনে থেন হরিহর-আত্মা ছিলাম। এক হাতার মধ্যে আমাদের ছই বাড়ী। "এ-বাড়ী" আর "ও-বাড়ী"। তিনি রোজ সকালে আমাদের বাড়ী আসি-তেন। আরও তুই চারি জন সঙ্গী জুটাইয়া লইয়া, আমাদের বাড়ীর বারাওায় আমরা সারাদিনই প্রায় আডো বসাইতাম। গুণুদাদা বড় বড় কল্পনায় বড় আমোদ পাইতেন। কত রকম কল্পনা যে আমাদের মাথায় আসিত, তাহার আর ইয়তা নাই; কিন্ত অধিকাংশ গলেই উবিয়া যাইত, কাঘে কিছুই পরিণত হইত না। তবুও ওরই মধ্যে আমি একটু কেযো' ছিলাম, কল্পনাকে জুড়াইতে না দিয়া, তৎক্ষণাৎ তাহাকে কার্য্যে পরিণত করিবার জন্ম উঠিয়া পড়িয়া লাগিয়া যাইতাম। তা' সে ছেলেমানুষীই হউক্ আর ঘাই হউক। গুণুদাদার তিন পুত্র — গগনেক্র, সমরেক্র ও অবনীক্রনংথ।

"একদিন কথা হইল, আমাদের ভিতর Extravaganza নাট্য নাই। আমি তথনই Extravaganza প্রস্তুত করিবার ভার লইলাম। পুরাতন "সংবাদ-প্রভাকর" হইতে কতকগুলি মঙ্গার-মঙ্গার কবিতা জোড়াতাড়া কিয়া কেইটা "ক্ষেত্রটাই" প্রাত্তি কবিয়া কার্যক্ষেত্র হব ব্যাইয়া ও-রাজীব

and India's missions (ভারত ও ভারতের ধর্মসম্প্রদায় সকল) প্রবন্ধে হিন্দুধর্ম এবং তৎসম্বন্ধে কৃতজ্ঞতার পাশ কাটাইয়া, ব্রাহ্মসমাজের প্রতি তীব্র আক্রমণ ও কটুজি বর্ষণ করিতে কুষ্ঠিত হন নি।

এই ঘটনার দেবেক্রনাথের হৃদয়ে খুবই আঘাত লাগিয়াছিল। তাঁর হৃদয়ে ডফ্সাহেব কর্ক ব্রাহ্মসমাজের প্রতি নিন্দাবাদের প্রতিবাদ কর্বার ইচ্ছা প্রবল হয়ে উঠল। কিন্তু সে সময়ে না ছিল এমন কোন কাগজ যাতে তিনি আপনার মনোভাব সকল ব্যক্ত কর্তে পার্তেন, আর না ছিল এমন কোন বর্বায়ব যাদের সঙ্গে তিনি এ বিষয়ে পরামর্শ কর্তে পার্তেন। ১৭৬১ শকে (১৮৩৯ খঃ) তত্ত্বোধিনী সভা সবেনাত্র হাপিত হয়েছিল। পরে যখন ব্রাহ্মসমাজের সঙ্গে সম্মিলনের ফলে তত্ত্বোধিনী সভা স্থাতিষ্ঠিত হোল এবং সেই সঙ্গে অন্তত্ত ছোটখাটো একটি দল বেঁধে গেল, তথন দেবেক্রনাথ একথানি মাসিকপত্র প্রকাশের প্রস্তাব কর্তে সাহদী হলেন। এই প্রিকার নাম হোল, তত্ত্বোধিনী প্রিকা। ১৭৬৫ শকের ১লা ভাদ্র ইহার শুভ জন্মদিবস।

নামে অবশ্য ইহা তত্তবোধিনী সভার ম্থপত্র এবং সেই সভার তত্তাবধানে প্রকাশিত হলেও, প্রকৃতপক্ষে ইহা দেবেন্দ্রনাথের নিজস্ব ছিল—
তিনিই ইহার সমৃদয় বায়ভার বহন কর্তেন। এই পত্রিকাপ্রকাশ
করায়, দেবেন্দ্রনাথের অল্ল সাহস ও প্রতিভার পরিচয় পাওয়া য়ায় নি।
সে সময়ে বঙ্গদাহিত্যের এবং বঙ্গদাহিত্যপ্রিয় পাঠকেরও সম্পূর্ণ অভাবছিল। দেবেন্দ্রনাথের এটা বেশ জানা ছিল যে, এই পত্রিকাদারা বঙ্গসাহিত্যও যেমন গ'ড়ে তুলতে হবে, তেমনি বঙ্গদাহিত্যের পাঠকেরও ক্ষি
কর্তে হবে। বঙ্গদেশের পক্ষে এরূপ একথানি মাসিকপত্র প্রকাশ করা
বল্তে গেলে একটি সম্পূর্ণ নৃতন ঘটনা। যে সকল উদ্দেশ্য নিয়ে পত্রিকা

সাহিত্য এখন অনেক উন্নত! এখন লোকে ইতিহাস, প্রত্নতন্ত্র, ভূগোল, বিজ্ঞান ইত্যাদি নানা গবেষণামূলক সাহিত্য রচনায় প্রবৃত্ত। এ বড়ই শুভ লক্ষণ, সন্দেহ নাই। এখন লেখকেরা নূতন নূতন স্থানের বিবরণ দিয়া নানা স্থানের কাহিনী, উপকথা, আচারব্যবহারের ইতিহাস দিয়াও বঙ্গসাহিত্যকে দিন দিন সমৃদ্ধ করিতেছেন।"

ন্তন লেথকদিগের সম্বন্ধে তিনি বলেন, "উদীয়মান কবিদিগের মধ্যে সতোন্দ্রনাথ দত্ত একজন প্রতিভাবান কবি। বতীন্দ্রমোহন বাগ্চীর কবিতাও আমার ভাল লাগে। গল্পকে প্রভাতকুমার মুখোপাধ্যায়, দৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায়, দীনেন্দ্রকুমার রায়, এঁদের লেথা আমার বড় ভাল লাগে।" গল্পলেখার সম্বন্ধে তিনি বলেন, "গল্পলেখা অবজ্ঞার জিনিস নহে—এতেও থুব গুণপনা আবশ্যক। গল্পের Plot রচনা করিতে ও চরিত্রাদি বর্ণনা করিতে যথেষ্ট কল্পনাশক্তি ও স্ক্র্দৃষ্টি আবশ্যুক, তারপর মানবচরিত্রে অধিকার না থাকিলে গল্প মোটেই জ্বেম না; এ হিসাবে গল্প ও উপস্থাদের মূল্য অল্প নহে।"

নিজের লেখা সম্বন্ধে তিনি বলিলেন, "আর যৌবনের সে তেজ ও ক্ষমতা নাই, এখন কোনও রক্ষমে অভ্যাসটা রক্ষা করা—এ একটা ব্যাধির মত হইরা দাঁড়াইয়াছে। তাই, "প্রবাসী," "ভারতী," "বঙ্গদর্শনে" একটু একটু লিখিয়া থাকি। লিখিতে ইচ্ছা খুবই, কিন্তু সামর্থ্যে কুলায় না।"

ভাষার আলোচনায় তিনি বলিলেন, "আজ কাল ছ'টো নৃতন কথা উঠেছে "কী" আর "মতো"। অনর্থক শব্দ বিক্লতিতে লাভ কি ? অধিকাংশ স্থলেই অর্থ স্পষ্ট বুঝা যায়—ছই এক স্থলে অর্থের অস্পষ্টতা ্
হতে পারে, আমি স্বীকার করি। যেখানে অস্পষ্টতার সম্ভাবনা আছে

"এই সময়ে সেজদাদা (৺হেমেন্দ্রনাথ) একবার খুব পীড়িত হইয়াছিলেন। আমাদের গৃহচিকিৎসক বেলিসাহেব তাঁহাকে চিকিৎসা করিতেছিলেন। আবার তলে তলে রাজেন্দ্রবাবুর হোমিওপাথিও চলিতেছিল। একদিন রাজেন্দ্রবাবু রোগীর ঘর হইতে বাহির হইতেছিলেন, এমন সময় বেলিসাহেব রোগীকে দেখিতে আসেন। গুয়ারেই গুইজনের চারি চক্ষের শুভমিলন। রাজেন্দ্রবাবুকে যেমন দেখা, বেলিসাহেব একেবারে তেলে-কেগুনে জলিয়া উঠিলেন। ক্রোধে কাঁপিতে কাঁপিতে টুপি ফেলিয়াই, তিনি একছুটে গাড়ীতে গিয়া উঠিয়া পড়িলেন। রাগে গম্ গম্ করিতে করিতে, যাইবার সময় বলিয়া গেলেন "মার্চ্চেন্ট আবার ডাক্তার ?" এই বিপদে গণেন্ দাদা সাহেবের পশ্চাদ্ধাবন করিয়া, তাঁহাকে অনেক কাকুতি-মিনতি করিয়া আবার ফিরাইয়া আনিলেন।

"গণেন্দাদাও একজন স্থলেথক ছিলেন। নাট্যাকারে তিনি
"বিক্রমোর্কনী"র অন্থবাদ করিয়াছিলেন। তিনি অতি চমৎকার ব্রন্ধসঙ্গীতও রচনা করিতে পারিতেন। "গাও হে তাঁহারি নাম, রচিত
গার বিশ্বধান" প্রভৃতি স্থলের গানগুলি তাঁহারই রচিত। তিনি
ইতিহাস খুব ভালবাসিতেন। অনেকগুলি ঐতিহাসিক প্রবন্ধও
তিনি লিথিয়াছিলেন। তাহার মধ্যে কতকগুলি তাঁহার মৃত্যুর পরে.
প্রকাশিত হইয়াছে। তাঁহার অপ্রকাশিত রচনা এথনও থাকিতে
পারে। তিনি খুব অল্প বয়সেই মারা যান।"

এই সময়েই শ্রীযুক্ত নবগোপাল মিত্র মহাশয়ের উন্তোগে ও শ্রীযুক্ত গণেজনাথ ঠাকুর মহাশয়ের আমুকুল্য ও উৎসাহে "হিন্দুমেলা" প্রতিষ্ঠিত হইল। শ্রীযুক্ত হিজেজনাথ ঠাকুর ও দেবেজনাথ মল্লিক



স্বৰ্গীয় দ্বারকানাথ ঠাকুর



তাহার পর ক্রমশ, তাঁহার উপস্থাসের পর উপস্থাস প্রকাশিত হইতে লাগিল—আমার দেখিয়া বড়ই আনন্দ হইত।

"আগে আমাদের বাড়ীতে অবরোধপ্রথা থ্বই মানিয়া চলা হইত। মেয়েদের এবাড়ী ওবাড়ী যাইতে হইলেও ঘেরাটোপটাকা পালীতে চড়িয়া যাইতে হইত; এবং পালীর সঙ্গে সঙ্গে ২া> জন করিয়া লারোয়ানও যাইত। যে সকল প্রস্ত্রীগণ গঙ্গালানে যাইতেন, তাঁহাদিগকে পালী করিয়া লইয়া গিয়া, পালীস্থদ্ধ জলে চুবাইয়া আনা হইত। কিন্তু এই অবরোধপ্রথার বিরুদ্ধে সর্বপ্রথম মেজদাদা অস্ত্রধারণ করিলেন। তাঁহার পূর্ব্বে বঙ্গদেশে সামাজিক ক্প্রথার বিরুদ্ধে আর কেহই হস্তোত্তোলন করিয়াছিলেন বলিয়া, আমার মনে হয় না। এই অসমসাহসিক কার্য্যের জন্ম তাঁহাকে তৎকালীন জনসমাজে অনেক অপ্রিয় মন্তব্যও সন্থ করিতে হইয়াছিল। ফলে আমাদের অন্তঃপুরিকাগণের মধ্যে গাড়ীর চলন হইয়া পড়িল।

শ্বর্ণকুমারীর সঙ্গে যথন শ্রীযুক্ত জানকীনাথ ঘোষালের বিবাহ হইল, তথন আমাদের অন্তঃপুরে আরও কিছু কিছু পরিবর্তন ঘটিতে আরম্ভ করিল। পূর্কে আমাদের শুইবার ঘরে থাট-বিছানা ছাড়া

⁽১৩০৮ ইং ১৯০১), কৌতুকনাট্য (১৩০৮ ইং ১৯০১), দেবকৌতুক (১৩১২), কনে-বদল (১৩১৩), পাকচক্র (১৩১৯), রাজকক্সা (১৬২০)। এওডিল্ল অর্থকুমারীর রচিত কয়েকথানি শিশুপাঠ্য পুস্তকও আছে; যথা—গল্লফল্ল, সচিত্র বর্ণবোধ, বাল্যবিনাদ, প্রথমপাঠ্য ব্যাকরণ এবং কীর্ত্তিকলাপ।

লেখিকা মহাশয়ার ভাষণ এবং নক্ষঞ্জগৎ সম্বন্ধীয় অনেকগুলি প্রবন্ধ যাহা

ছাড়িয়া দিলেন, তথন হার্মোনিয়ম্ বাজান' জ্যোতিবাবুর একটা প্রধান করিবে ইয়া দাঁড়াইল। সমাজে তথন স্বর্গীয় বিষ্ণু চক্রবর্ত্তী মহাশয় গান করিবেন। ইহাদের বাড়ীতে বোদাই অঞ্চলের বিখ্যাত গায়ক মোলাবক্সও কিছুদিন গায়ক ছিলেন। জ্যোতিবাবু ইহাদের ছইজনের গানের সঙ্গেই হার্মোনিয়ম বাজাইতেন। এইরপে ভাল গায়কের সঙ্গে বাজাইতে বাজাইতে, তাঁহার হার্মোনিয়মে হাত বেশ পাকিয়া উঠিল। সকলেই তখন ইহার হার্মোনিয়ম বাজনার খুব প্রশংসা করিতেন। জ্যোতিবাবু বলিলেন, "তখন হার্মোনিয়মবাদক বলিয়া আমার খুব একটা নামডাকও ছিল। কিন্তু এখন এত ভাল ভাল হার্মোনিয়ম্ বাজিয়ে হইয়াছেন যে, তাঁহাদের কাছে আমি কলিকা পাইবারও উপযুক্ত নই।"

ব্রাক্ষসমাজে এবং বাঙ্গলা গানের সঞ্চে হার্মোনিয়ম বাজান', এই প্রথম স্থক হইল। তৎপূর্কে অনেকেই এই যন্ত্রের সহিত অপরিচিত ছিলেন। জ্যোতিবাবু বলিলেন—

"আমার মনে পড়ে, একদিন রামত্ত্ব লাহিড়ী মহাশ্য আমাদের বাড়ী আসিয়াছিলেন। তাঁহার সঙ্গে সদাসর্বাদাই একথানি নোট্রুক্ থাকিও; যাহা কিছু নৃতন তাঁহার নজরে পড়িত, তাহাই সেই নোট্রুকে তিনি টুকিয়া রাখিতেন। সেই বৃদ্ধের জ্ঞানপিপাসা ছিল অপরিসীম! পিয়ানোর সহিত হার্ম্মোনিয়মের কি তফাৎ জিজ্ঞাসা করিয়া, পিয়ানো বাজান' সহজ কি হার্ম্মোনিয়ম বাজান' সহজ, নানা প্রশ্নোভরের পর সবিশেষ জ্ঞাত হইয়া, সমস্ত তথা তিনি তাঁহার নোট্রুকে টুকিয়া লই-লেন। তাঁহার আবার "good day" "bad day" ছিল। তিনি যখনই আমাদের বাড়ী আসিতেন, তখনি এক পেয়ালা করিয়া চা পাইতেন। জরে কাঁপিতে কাঁপিতে "উঃ"—"আঃ" করিতে করিতে

বেশ স্পষ্টই মনে পড়ে। রঙ ময়লা, চুলগুলি ইংরাজী-ফ্রাদানে ছাঁটা বেশ কোঁকড়া-কোঁকড়া, মাঝখানে সীঁথি। চোথ ছু'টী বড় বড়, লোচন প্রতিভা-দীপ্ত, চেহারা দোহারা, মুখ্তী অপূর্ক লাবণ্য-সমুজ্জল। তাঁহার গলার আওয়াজ ছিল একটু ভাঙা'-ভাঙা'। আমার মনে পড়ে, একদিন তিনি "মেবনাদ্বধ" কাব্যের পাণ্ডুলিপি, তাঁহার সেই ভাঙ্গা-গলায় পড়িয়া সারদাবাবুকে ভনাইতেছিলেন। তথনও "মেঘনাদ্বধ" কাষ্য প্রকাশিত হয় নাই। তাঁহার কবিতাপাঠের কায়দাই ছিল এক স্বতন্ত্র। প্রত্যেক কথাটি স্পষ্ট স্পষ্ট করিয়া, থামিয়া থামিয়া এবং পৃথক পৃথক করিয়া, একটানে বলিয়া যাইতেন, যথা "সম্মুথ—সমরে—পড়ি—বীর — চূড়া—মণি—বীর—বাহ্য—চলি—যবে—গেলা—যম—পুরে—অকালে —কহহে—দেবি—" ইত্যাদি। যেমন কবি বা যেমন কাব্য, ভাঁহার কবিতার আর্ত্তি তেমন হইত না। সে আর্ত্তিতে কোন প্রকার ভাব-প্রকাশের চেষ্টা থাকিত না। তিনি অতিশয় সহদয়, আমুদে, এবং মজলিশি ব্যক্তি ছিলেন। গল করিয়া লোককে মুগ্ধ করিবারও ভাঁহার শক্তি অণ্ক্ এবং অসাধারণ ছিল।

"মাইকেল মধুস্দন দত্ত মহাশয় কিরূপ সহৃদয় ব্যক্তি ছিলেন তাহার একটা ঘটনা বলিতেছি। বৈকুণ্ঠনাথ দত্ত নামে আমাদের একজন পরিচিত এবং অনুগত লোক ছিলেন। তিনি সর্কান্য তাঁহার টাকে হাত বুলাইতেন এবং বাবসা সম্বন্ধীয় নানাবিধ মংলব আঁটিতেন। কিন্তু কোন ব্যবসায়েই তিনি লাভবান্ হইতে পারেন নাই। যে কার্যেই তিনি হস্ত-ক্ষেপ করিয়াছেন তাহাতেই ক্ষতিগ্রস্ত হইয়াছেন। কিন্তু এ দিকে তিনি একজন প্রকৃত কাব্যরসিক এবং রসজ্ঞ ব্যক্তি ছিলেন। মাইকেলের নিকট হইতে "ব্রজাঙ্গনা" কাব্যের পাণ্ডুলিপি লইয়া পড়িয়া অবধি, তিনি মাইকেলের অতিশয় অনুরক্ত ইইয়া পড়েন; "ব্রজাঙ্গনা" পড়িয়া

ছাড়িয়া দিলেন, তথন হার্মোনিয়ম্ বাজান' জ্যোতিবাবুর একটা প্রধান করিবে ইয়া দাঁড়াইল। সমাজে তথন স্বর্গীয় বিষ্ণু চক্রবর্ত্তী মহাশয় গান করিবেন। ইহাদের বাড়ীতে বোদাই অঞ্চলের বিখ্যাত গায়ক মোলাবক্সও কিছুদিন গায়ক ছিলেন। জ্যোতিবাবু ইহাদের ছইজনের গানের সঙ্গেই হার্মোনিয়ম বাজাইতেন। এইরপে ভাল গায়কের সঙ্গে বাজাইতে বাজাইতে, তাঁহার হার্মোনিয়মে হাত বেশ পাকিয়া উঠিল। সকলেই তখন ইহার হার্মোনিয়ম বাজনার খুব প্রশংসা করিতেন। জ্যোতিবাবু বলিলেন, "তখন হার্মোনিয়মবাদক বলিয়া আমার খুব একটা নামডাকও ছিল। কিন্তু এখন এত ভাল ভাল হার্মোনিয়ম্ বাজিয়ে হইয়াছেন যে, তাঁহাদের কাছে আমি কলিকা পাইবারও উপযুক্ত নই।"

ব্রাক্ষসমাজে এবং বাঙ্গলা গানের সঞ্চে হার্মোনিয়ম বাজান', এই প্রথম স্থক হইল। তৎপূর্কে অনেকেই এই যন্ত্রের সহিত অপরিচিত ছিলেন। জ্যোতিবাবু বলিলেন—

"আমার মনে পড়ে, একদিন রামত্ত্ব লাহিড়ী মহাশ্য আমাদের বাড়ী আসিয়াছিলেন। তাঁহার সঙ্গে সদাসর্বাদাই একথানি নোট্রুক্ থাকিও; যাহা কিছু নৃতন তাঁহার নজরে পড়িত, তাহাই সেই নোট্রুকে তিনি টুকিয়া রাখিতেন। সেই বৃদ্ধের জ্ঞানপিপাসা ছিল অপরিসীম! পিয়ানোর সহিত হার্ম্মোনিয়মের কি তফাৎ জিজ্ঞাসা করিয়া, পিয়ানো বাজান' সহজ কি হার্ম্মোনিয়ম বাজান' সহজ, নানা প্রশ্নোভরের পর সবিশেষ জ্ঞাত হইয়া, সমস্ত তথা তিনি তাঁহার নোট্রুকে টুকিয়া লই-লেন। তাঁহার আবার "good day" "bad day" ছিল। তিনি যখনই আমাদের বাড়ী আসিতেন, তখনি এক পেয়ালা করিয়া চা পাইতেন। জরে কাঁপিতে কাঁপিতে "উঃ"—"আঃ" করিতে করিতে

সম্পাদন করিতে পারিব। ফলতঃ তাহাই ঘটিল। আমি অধিক বেতন দিয়া অক্ষরবাবুকে ঐ কার্য্যে নিযুক্ত করিলাম। তিনি যাহা লিখিতেন, তাহাতে আমার মত-বিরুদ্ধ কথা কাটিয়া দিতাম এবং আমার মতে তাঁহাকে আনিবার অন্ত চেষ্টা করিতাম। কিন্ত তাহা আমার পক্ষেবড় সহজ ব্যাপার ছিল না। * * * * ফলতঃ আমি তাঁহার আমার লোককে পাইয়া, তত্ত্ববোধনী পত্রিকার আশানুরূপ উন্নতি করি । অমন রচনার সোষ্ঠব তৎকালে অতি অল্প লোকেরই দেখিতাম।"

উনিশ বৎসর বয়সে অক্ষয়কুমারের পিজুবিয়োগ হয়। সে জন্ম তাঁহার সাংসারিক অবস্থা আরও থারাপ হওয়ায়, তাঁহাকে বাধ্য হইয়া লেখাপড়া পরিত্যাগ করিতে হয়। স্কৃল ছাড়্বার পর **অক্ষয়বার্ দারকা**-নাথ ঠাকুর মহাশয়ের কনিষ্ঠ পুত্র নগেন্দ্রনাথ ঠাকুরের শিক্ষকতায় নিযুক্ত হয়েন। এই সময়ে তিনি মুক্তারাম বিভাবাগীল ও বাসগ্রামের গোপীনাথ ভট্টাচার্য্যের নিকট সংস্কৃত শিক্ষা আরম্ভ করেন। কিছুকাল পরে সংবাদ-প্রভাকরদম্পাদক ঈশ্বচন্দ্র গুপ্তের অনুরোধে বাঙ্গালা গভ লিখিতে আরম্ভ করেন। একদিন অবসরমত ঈশ্বর গুপ্ত তাঁহাকে দেবেন্দ্রনাথের তত্তবোধিনী সভায় আনিয়া, তীহাকে সভাশোণী ভুক্ত করিয়া দেন। পরে তত্তবোধিনী পাঠশালা স্থাপিত হইলে, অক্ষরকুমার আট টাকায় আরম্ভ করিয়া, তুই এক মাদের মধ্যেই চৌদ্দ টাকা বেতনে তাহার শিক্ষক পদে নিযুক্ত হয়েন। এই সময়ে তিনি একথানি ভূগোল রচনা করেন। ১৬৭৪ শকে (১৮৪২ খৃষ্টাবেদ) তিনি টাকীর প্রসন্নকুমার ঘোষের সহযোগিতায় "বিভা-দর্শন" নামে একখানি মাদিকপত্র প্রকাশ করেন। েইহা ছয় মাস কাল মাত্র জীবিত ছিল। ১৭৬৫শকে তত্ত্বোধিনী পাঠ-শালা বাশবেড়ে প্রামে স্থানান্তরিত হইলে, অক্ষরবার সেখানে ঘাইতে

মাসিক বাঠ টাকা বেতনে ইহার সম্পাদকতায় নিযুক্ত হয়েন। অক্ষয়কুমার তত্ত্ববোধিনী পত্রিকাকে এত স্নেহ চক্ষে দেখিতেন যে, পরে তিনি পত্রিকার কারণে দেড়শত টাকা বেতনের পদও গ্রহণ করিতে অস্বীকার করিয়াছিলেন। ১৭৭৭শক পর্যন্ত দাদশ বৎসর কাল তিনি পত্রিকার সেবায় নিযুক্ত ছিলেন। ১৭৭৭শকে কলিকাতা নর্ম্মালস্কৃল স্থাপিত হইলে ঘটনাচক্রে পড়িয়া, বিভাসাগর মহাশয়ের অন্ধরোধে তাহার প্রধান শিক্ষকের পদ স্বীকার করিতে বাধ্য হইয়াছিলেন। এই বৎসর অবধিই তিনি শিরোদ্বোগে আক্রান্ত হইয়া, বালী গ্রামে গঙ্গাতীরে বাস করিতে থাকেন।

তম্ববোধিনী পত্রিকা সম্পাদন দ্বারা অক্ষয়বাবুর আয় কিছুই অধিক হইত না, কিন্তু তিনি তৎপ্রতি জক্ষেপ না করিয়া কার্যান্তর পরিহার পূর্বক, নিয়তই উহার উন্নতিবর্দ্ধনার্থ চেপ্তা করিতেন। ঐ চেপ্তা সফল করণাশয়ে স্বয়ং নানাবিধ ইংরাজী গ্রন্থ অধ্যয়ন করেন, ফরাসী ভাষা শিক্ষা করেন, এবং মেডিক্যাল কলেজে গমন করিয়া তুই বংসর কাল রসায়র ও উদ্ভিদ্-শাস্তের উপদেশ গ্রহণ করেন।

তত্ত্বোধিনী পতিকার এক সময়ে १०० জন গ্রাহক ছিল। তাহা কেবল এক অক্ষরবাব্র দারা। অক্ষয়কুমার দত্ত যদি সে সময়ে পতিকা সম্পাদন না করিতেন, তাহা হইলে তত্ত্বোধিনী পতিকার এরূপ উন্নতি কথনই হইতে পারিত না।

ে এই ত্রুবোধিনী পত্রিকাই দেবেন্দ্রনাথের সর্বপ্রধান স্মৃতিস্তন্ত ।

্ ১৩২২ সালের ভাদ্রের (৮৬৫ সংখ্যক) তত্ত্বোধিনী পত্রিকায়, জীযুক্ত ক্ষিতীক্রনাথ ঠাকুর বি. এ, তত্তনিধি মহাশয় লিখিত "তত্ত্বোধিনী পত্রিকা ও অক্ষয়ক্ষার দত্তে"প্রেক্ত ক্ষয়ক সম্প্রের জন্মতিক্রম সম্প্রিক এ **শ্রীযুক্ত বসস্তকুমার চটোপাধ্যায়** প্রণীত

সপ্তস্ত্ৰা

(কাব্যগ্রন্থ)

চারিখানি হাফ্টোন চিত্র সম্বলিত মূল্য এক টাকা

প্ৰসাল্য

(ছোটগল্প)

আটটি বিখ্যাত ছোটগল্পের বই মূল্য আট আনা

(কাব্যগ্রন্থ)

প্রথম সংক্ষরণ শেষ—ক্তিটায় সংক্ষরণ মুলা দশ আনা

(কবিতা)

শতাধিক ছোট ছোট কবিতা মূল্য চারি আনং

−প্ৰাপ্তিছান—

শিশির পাব্লিশিং হাউদ্, কলেজ খ্রীট মার্কেট: গুরুদাস চট্টোপাধ্যায় এগু সক্ষ, ২০১ কর্ণ জ্যালিস খ্রীট, চক্রবর্ত্তী চ্যাটাজী এণ্ড কোং, ১৫ বলেন্ধ স্বোয়ার ; এবং গ্রন্থকার C/o "মানদী ও মর্ম্ম বাণী"র সম্পাদক।